Aladdin
Avjvw`b
Aladdin Tel: 718-784-2554

## আইস অভিযানে কঠোরতা বাড়ছে : কমছে জনসমর্থন

**বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট:** যুক্তরাষ্ট্রে অভিবাসন ইস্যুতে জনমতের চিত্র দ্রুত বদলে যাচ্ছে। সিবিএস নিউজ ও ইউগভ পরিচালিত সর্বশেষ জরিপে দেখা যাচ্ছে, আগের তুলনায় আরও বেশি আমেরিকান মনে করছেন– ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট বা আইস আটক ও গ্রেপ্তারের ক্ষেত্রে অতিরিক্ত কঠোর আচরণ করছে। একই সঙ্গে ক্রমেই জোরালো হচ্ছে সেই ধারণা যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাসন কর্মসূচি শুধু বিপজ্জনক অপরাধীদের নয়, প্রত্যাশার চেয়েও অনেক

২৩-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর
The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika
■ Vol. 30 ‖ Issue 17 / January 19, 2026, USA. Free in NY, Other State $1
বর্ষ ৩০ ‖ সংখ্যা ১৭ ‖ সোমবার, জানুয়ারি ১৯, ২০২৬, মাঘ ০৫, ১৪৩২ ‖ রজব ২৯, ১৪৪৭



### ৩ ফেব্রুয়ারী চূড়ান্ত ভোট : ২৪ জানুয়ারী থেকে আগাম ভোট গ্রহণ

# ভবিষ্যত রাজনীতির নতুন মডেল মেরীর নির্বাচন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** এস্টোরিয়া, লং আইল্যান্ড সিটি নিয়ে গঠিত নিউ ইয়র্ক সিটির অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬ এর বিশেষ নির্বাচন পুরো কমিউনিটিতে রাজনৈতিক কৌতূহলের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে।

মেয়র মামদানী দায়িত্ব নেয়ার পর এসেম্বলীম্যান হিসেবে তার এই পদ খালি হয়েছে। যার প্রেক্ষিতে এই শুন্য পদে আগামী ৩ ফেব্রুয়ারী হচ্ছে বিশেষ নির্বাচন।

মামদানী প্রাইমারী নির্বাচনে বিজয়ের পর পরই বাংলাদেশী আমেরিকান মেরী জুবাইদা গত জুলাই মাসে সম্ভাব্য খালি আসনে নির্বাচনের ঘোষণা দিয়ে মাঠে নামেন। শুরু হয় গনসংযোগ ও ফান্ড রেইজিং। বাংলাদেশী কমিউনিটি সহ বিভিন্ন কমিউনিটির সমর্থনে তার প্রার্থীতা নিয়ে শুরু হয় চাঞ্চল্য। একক প্রার্থী হিসেবে নভেম্বর পর্যন্ত নির্বাচনী প্রচারনা চালিয়েছেন তিনি। ৪ নভেম্বর মামদানীর বিজয়ের পরবর্তী পর্যায়ে একই আসনে প্রতিদ্বন্দ্বীতার

২৩-এর পৃষ্ঠায় দেখুন

### মিনিয়াপলিস পরিস্থিতি উত্তপ্ত

## ১৫০০ সেনা পাঠনোর প্রস্তুতি পেন্টাগনের

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিনিয়াপলিস পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠার আশঙ্কায় ১,৫০০ জন সক্রিয় ডিউটির সেনাকে 'স্ট্যান্ডবাই' অবস্থায় রেখেছে পেন্টাগন। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তরের এক কর্মকর্তা সিবিএস নিউজকে এই তথ্য নিশ্চিত করেছেন। সম্প্রতি এক ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) কর্মকর্তার গুলিতে রিনি গুড নামে এক নারী নিহত হওয়ার পর থেকেই শহরজুড়ে বিক্ষোভ ও উত্তেজনা চলছে।

প্রতিরক্ষা দপ্তরের ওই কর্মকর্তা জানান, আলাস্কার ফেয়ারব্যাঙ্কসে অবস্থিত ফোর্ট ওয়েইনরাইটের ১১তম এয়ারবোর্ন ডিভিশনের এই সেনারা সম্ভাব্য মোতায়েনের প্রস্তুতি হিসেবে রাখা হয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যদি পরিস্থিতি মোকাবিলায় সক্রিয় সেনা ব্যবহারের সিদ্ধান্ত নেন, সেই প্রেক্ষাপটেই এই পরিকল্পনা। তবে এখনো সেনা মোতায়েনের বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি।

বিষয়টি নিয়ে প্রশ্ন করা হলে পেন্টাগনের প্রধান মুখপাত্র শন পার্নেল বলেন, "কমান্ডার-ইন-চিফের নির্দেশ

৬-এর পৃষ্ঠায় দেখুন

## আইস হেফাজতে ৪ অভিবাসীর মৃত্যুতে উদ্বেগ

### হত্যাকাণ্ড হিসেবে শ্রেণিভুক্তির প্রস্তুতি --- ওয়াশিংটন পোস্ট

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রে অভিবাসন অভিযান জোরদারের মধ্যেই আইস হেফাজতে মৃত্যুর ঘটনা নতুন করে উদ্বেগ তৈরি করেছে। ২০২৬ সালের প্রথম দশ দিনেই চারজন অভিবাসীর মৃত্যু হয়েছে, আর এর মধ্যেই টেক্সাসের একটি আইস ডিটেনশন ক্যাম্পে মারা যাওয়া এক কিউবান অভিবাসীর মৃত্যুকে হত্যাকাণ্ড হিসেবে শ্রেণিভুক্ত করার প্রস্তুতির তথ্য সামনে এসেছে। এই দুই ঘটনা মিলিয়ে আইস ডিটেনশন ব্যবস্থার নিরাপত্তা, বলপ্রয়োগ ও চিকিৎসাসেবা নিয়ে দেশজুড়ে প্রশ্ন আরও তীব্র হচ্ছে। টেক্সাসে একটি আইস ডিটেনশন ক্যাম্পে

৬-এর পৃষ্ঠায় দেখুন

## মিনিয়াপোলিসে বিক্ষোভকারীদের গ্রেপ্তার-পিপার স্প্রে নিষিদ্ধ

### ফেডারেল বিচারকের নির্দেশ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** মিনিয়াপোলিসে চলমান অভিবাসনবিরোধী অভিযান ঘিরে বিক্ষোভে ফেডারেল আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকার ওপর কঠোর নিয়ন্ত্রণ আরোপ করেছেন যুক্তরাষ্ট্রের এক ফেডারেল বিচারক। ট্রাম্প প্রশাসনের অভিবাসন সংক্রান্ত ব্যাপক অভিযানকে কেন্দ্র করে উদ্ভূত বিক্ষোভ দমনে শান্তিপূর্ণ প্রতিবাদকারীদের গ্রেপ্তার করা বা পিপার স্প্রে ও প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করা যাবে না এমন নির্দেশ দিয়েছেন আদালত।

মিনেসোটার ইউএস ডিস্ট্রিক্ট জজ ক্যাথরিন মেনেন্দেজ শুক্রবার ৮৩ পৃষ্ঠার এক আদেশে এই নির্দেশনা দেন। আদেশে বলা হয়, ট্রাম্প প্রশাসনের অভিবাসন অভিযানের অংশ হিসেবে মিনেসোটায় মোতায়েন ফেডারেল এজেন্টরা শান্তিপূর্ণ বিক্ষোভকারীদের ওপর পিপার স্প্রে বা অন্য কোনো প্রাণঘাতী গোলাবারুদ ব্যবহার করতে পারবেন না এবং তাদের গ্রেপ্তারও করতে পারবেন না।

আদালতের আদেশে আরও বলা হয়েছে, বিক্ষোভস্থলের আশপাশে চলাচলকারী গাড়ির চালক বা যাত্রীদের থামানো বা আটকানো যাবে না, যদি না তাদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনীর কাজে জোরপূর্বক বাধা দেওয়ার "যুক্তিসঙ্গত

১৭-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন

EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

## আইস হেফাজতে রেকর্ড ৭৩ হাজার অভিবাসী আটক

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসের হেফাজতে আটক অভিবাসীর সংখ্যা নতুন রেকর্ডে পৌঁছেছে। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির অভ্যন্তরীণ তথ্য উদ্ধৃত করে সিবিএস নিউজ জানায়, বৃহস্পতিবার পর্যন্ত সারা দেশে আইসের হেফাজতে ছিলেন প্রায় ৭৩ হাজার অভিবাসী। সংস্থাটির ২৩ বছরের ইতিহাসে এটি প্রথমবারের মতো ৭০ হাজারের ঘর অতিক্রম করল। এক বছর আগের একই সময়ে এই সংখ্যা ছিল ৪০ হাজারেরও নিচে– অর্থাৎ এক বছরে বেড়েছে প্রায় ৮৪ শতাংশ।

ট্রাম্প প্রশাসন জানিয়েছে, নজিরবিহীন

৫-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

# জামায়াত জোটে ৫০ আসন বণ্টনে টানাপোড়েন

**বাংলা পত্রিকা ডেস্ক:** বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থিতা চূড়ান্ত শেষ দিন সোমবার; এখনও অন্তত অর্ধশত আসন বণ্টন চূড়ান্ত করতে পারেনি জামায়াতে ইসলামীর ১০ দলীয় নির্বাচনী ঐক্য। চরমোনাইর পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন জোট ছাড়ায় দলটির জন্য রাখা আসনগুলো কোন দল ভাগে কয়টি পাবে, তা ঠিক করা যায়নি। এনসিপি, বাংলাদেশ খেলাফত মজলিস ও এবি পার্টি বাড়তি আসন দাবি করায় নতুন করে টানাপোড়েন সৃষ্টি হয়েছে। নির্বাচনী তপশিল অনুযায়ী আগামী মঙ্গলবার প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন। ওই দিনের মধ্যে জোটগুলোকে একক প্রার্থী চূড়ান্ত করতে হবে। এর মধ্যে কেউ প্রার্থিতা প্রত্যাহার না করলে ব্যালটে তার নাম থাকবে।

জামায়াত জোটে গত ডিসেম্বরে যুক্ত হওয়া একটি দলের শীর্ষ নেতা বলেন, আসন বণ্টন নিয়ে 'হচপচ' অবস্থার সৃষ্টি হয়েছে। জামায়াত নেতারা সমস্যার সমাধান করতে পারছেন না, আবার অন্য কোনো দলের কাছে দায়িত্বও ছাড়ছেন না। এ বিলম্বের কারণে নির্বাচনের মাঠে প্রভাব পড়বে। তবে জামায়াত নেতারা আগের মতোই সমকালকে বলেছেন, জোটে সমস্যা নেই। দুয়েক দিনের মধ্যে আসন বণ্টন চূড়ান্ত হয়ে যাবে। ২২ জানুয়ারি আনুষ্ঠানিক প্রচার শুরু হলে আর ঘাটতি থাকবে না। ১০ দল একসঙ্গে মিলে প্রচার চালাবে জোট প্রার্থীর পক্ষে।

আগামী ১২ ফেব্রুয়ারি হবে ত্রয়োদশ সংসদ নির্বাচন এবং গণভোট। বিএনপির জোটের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতায় জামায়াত, এনসিপি, ইসলামী আন্দোলন, বাংলাদেশ খেলাফত মজলিস, এলডিপি, খেলাফত মজলিস, নেজামে ইসলাম পার্টি, বিডিপি, জাগপা এবং খেলাফত আন্দোলন মিলে ১১ দলীয় নির্বাচনী ঐক্য গঠন করেছিল। তবে আসন ভাগাভাগি নিয়ে জামায়াতের সঙ্গে মতবিরোধে ইসলামী আন্দোলন গত শুক্রবার জোট ছেড়ে এককভাবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ঘোষণা দেয়। এর আগের দিন জামায়াত, এনসিপিসহ ১০ দল তিনটি আসন উন্মুক্ত রাখাসহ ২৫০ আসনে সমঝোতা ঘোষণা করে। পাঁচটি উন্মুক্তসহ ইসলামী আন্দোলনের জন্য ৫০টি আসন রাখা হয়েছে। উন্মুক্ত আসনে জোটের একাধিক দলের প্রার্থী রাখার সিদ্ধান্ত হয়েছিল।

### চরমোনাইয়ের জন্য রাখা আসনে দ্বন্দ্ব

বণ্টনের সময়ে জামায়াতসহ রংপুর বিভাগের ৩৩টি আসনের ২৬টি নিজের ভাগে রাখে। চারটি এনসিপিকে এবং তিনটি ইসলামী আন্দোলনকে ছেড়েছিল। ইসলামী আন্দোলন জোট ছাড়ার পর জামায়াত দলটিকে দেওয়া তিনটি আসনেও দাঁড়িপাল্লার প্রার্থী রাখতে চায়।

রাজশাহী বিভাগের ৩৯টি আসনের মধ্যে এনসিপিকে নাটোর-৩ এবং সিরাজগঞ্জ-৬, ইসলামী আন্দোলনকে নওগাঁ-৩ এবং বাংলাদেশ খেলাফতকে সিরাজগঞ্জ-৩ আসন ছেড়েছিল জামায়াত। বাকি ৩৫টি আসন নিজের জন্য রেখেছিল। জামায়াত এখন নওগাঁ-৩ আসনেও প্রার্থী রাখতে চায়।

খুলনা বিভাগের ৩৬টি আসনের মধ্যে কুষ্টিয়া-৪, যশোর-৩, মাগুরা-২ এবং খুলনা-৪ আসন ইসলামী আন্দোলনকে ছেড়েছিল জামায়াত। বাকি ৩২টি আসন নিজের জন্য রেখেছিল। খুলনা-৩ আসন দাঁড়িপাল্লা ও হাতপাখার জন্য উন্মুক্ত রাখার প্রস্তাব করেছিল। ইসলামী আন্দোলন চলে যাওয়ার পর এই বিভাগের চুয়াডাঙ্গা-১ আসনটি এনসিপি এবং এবি পার্টি উভয় দল চাচ্ছে। তবে জামায়াত ৩৬ আসনেই একা নির্বাচন করতে চাচ্ছে।

রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগকে নিজের শক্ত ঘাঁটি বলে মনে করে জামায়াত। এই তিন বিভাগের ১০৮ আসনের ১৫টি জোট শরিকদের ছেড়েছিল জামায়াত। বাকি ৯৩টিতে দলীয় প্রার্থী রাখার সিদ্ধান্ত নিয়েছিল। ইসলামী আন্দোলনের জন্য ছাড়া ৮টি আসনেই এখন জামায়াত দলীয় প্রার্থী রাখতে চায়। ফলে এই তিন বিভাগের ১০১টি দাঁড়িপাল্লা থাকবে।

তবে এনসিপি, বাংলাদেশ খেলাফত, এবি পার্টি তা মানছে না বলে জোট সূত্র জানিয়েছে। দলগুলো এ তিন বিভাগে আরও কয়েকটি করে আসন চাইছে। বাংলাদেশ খেলাফত কুড়িগ্রাম-৩ আসন চায়। এ আসনে দ্বৈত নাগরিকত্বের কারণে জামায়াত প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হয়েছে। তিনি আপিল করেছেন। জামায়াত ইসলামী আন্দোলনকে কুড়িগ্রাম-১ আসন ছেড়েছিল।

ইসলামী আন্দোলনের ছেড়ে দেওয়া গোপালগঞ্জ-৩ আসন চাইছে এনসিপি। ইসলামী আন্দোলনকে ছেড়ে দেওয়া সুনামগঞ্জ-১ আসন চায় বাংলাদেশ খেলাফত।

### শরিকরা আরও আসন চায়

৩০ আসনে ছাড় ১১-এর পৃষ্ঠায় দেখুন

## বেওয়ারিশ লাশের ৮ জন শনাক্ত

# সন্ধান মিলছে না ১০৬ শহীদ জুলাই যোদ্ধার স্বজনের



লাশের পরিচয় শনাক্তে শাহবাগ থানা পুলিশের অবহেলা, তড়িঘড়ি করে দাফন

গণ-অভ্যুত্থানে পুলিশের গুলিতে নিহতদের তথ্য আঞ্জুমান মুফিদুলের কাছে গোপন করা হয়

**বাংলা পত্রিকা ডেস্ক:** শেখ হাসিনা সরকারের বৈষম্য ও অপশাসনের বিরুদ্ধে ছাত্র-জনতার আন্দোলনে রাজপথে সক্রিয় ছিলেন রফিকুল ইসলাম। থাকতেন রাজধানীর যাত্রাবাড়ী বোনের বাসায়। ২০২৪ সালের ১৮ জুলাই বাসা থেকে বের হয়ে আর ফেরেননি। এরপর থেকে টানা আট মাস বিভিন্ন থানা, কারাগার, হাসপাতাল ও মর্গে রফিকুলের সন্ধান করেন স্বজনরা। কিন্তু রফিকুলকে জীবিত পাননি। একপর্যায়ে তার বেঁচে থাকার আশা ছেড়ে আঞ্জুমান মুফিদুল ইসলামের দিকে ছোটেন স্বজনরা। বেওয়ারিশ লাশের ছবির স্তূপে খুঁজে পান জুলাই যোদ্ধা রফিকুলের সন্ধান। আরেক জুলাই যোদ্ধা কাবিল হোসেন একই বছরের ১ আগস্ট সকালে রাজধানীর মুগদার বাসা থেকে বের হয়ে আন্দোলনে যোগ দেন। তিনিও আর বাসায় ফেরেননি। এরপর থেকে টানা পাঁচ মাস হন্যে হয়ে তার সন্ধান করেন স্বজনরা। অবশেষে বেওয়ারিশ লাশের ছবির স্তূপে এই যোদ্ধার খোঁজ মেলে।

শুধু রফিকুল বা কাবিল হোসেনের স্বজনই নন, অন্য যেসব অজ্ঞাত শহীদ জুলাই যোদ্ধার পরিচয় শনাক্ত হয়েছে তাদের স্বজনরাও হন্যে হয়ে খুঁজেছেন। অনেক মা ছেলের ছবি নিয়ে হাসপাতাল, মর্গ বা কবরস্থানে সন্ধান করেছেন। স্ত্রী হন্যে হয়ে খুঁজেছেন স্বামীকে। সন্তান ছুটেছেন বাবার সন্ধানে। অবশেষে বেওয়ারিশ হিসাবে দাফন হওয়া লাশের ছবি দেখে তারা নিশ্চিত হন, প্রিয় মানুষটিকে আন্দোলনের সময় হত্যা করা হয়েছে। শহীদদের স্বজনদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে।

প্রাপ্ত তথ্যে দেখা যায়, মোহাম্মদপুরের রায়েরবাজার কবরস্থানে বেওয়ারিশ হিসাবে দাফনকৃত ১১৪ জুলাই শহীদের মধ্যে এখনো ১০৬ জনের পরিচয় শনাক্ত হয়নি। তাদের কোনো স্বজন এখনো লাশের সন্ধানে আসেননি। এসব লাশের ডিএনএ নমুনা সংগ্রহ এবং কবরের নাম্বারিংও করা হয়। ভবিষ্যতে কেউ লাশের দাবি করলে তাদের ডিএনএ নমুনা ম্যাচিংয়ের (মেলানো) মাধ্যমে পরিচয় শনাক্ত করা হবে। লাশ শনাক্তের দায়িত্বে রয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

অজ্ঞাত এসব ৮-এর পৃষ্ঠায় দেখুন


আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools

Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311

# খালেদা জিয়া সব মানুষের নেতা ছিলেন

## নাগরিক শোকসভায় বিশিষ্টজন

### খালেদা জিয়ার চিকিৎসাজনিত অবহেলার তদন্ত দাবি




**বাংলা পত্রিকা ডেস্ক:** জাতির এই ক্রান্তিলগ্নে খালেদা জিয়ার উপস্থিতি, পরামর্শ ও দিকনির্দেশনা সবচেয়ে বেশি প্রয়োজন ছিল। তাঁর শাসন আমলে দেশের অর্থনীতিতে উন্নতি, শিক্ষা ও দক্ষতা বাড়ানোয় বিশেষ উদ্যোগ নেওয়া হয়। এসব ক্ষেত্রে তাঁর দিকনির্দেশনা খুবই গুরুত্বপূর্ণ ছিল। তিনি শুধু জাতীয়তাবাদী দলের নেতা ছিলেন না, সত্যিকার অর্থেই মানুষের এবং দেশের নেতা হয়ে উঠেছিলেন।

গত শুক্রবার জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজার উন্মুক্ত স্থানে প্রয়াত প্রধানমন্ত্রী খালেদা জিয়ার স্মরণে আয়োজিত নাগরিক শোকসভায় বক্তারা এসব কথা বলেন। বিকেল ৩টা ৫ মিনিটে কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে সভা শুরু হয়। পরে শোকগাথা পাঠ করা হয়।

অনুষ্ঠান শুরুর আগে খালেদা জিয়াকে নিয়ে একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। শেষে খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল হয়।

সভায় উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান, তাঁর স্ত্রী ডা. জোবাইদা রহমান, মেয়ে জাইমা রহমান, প্রয়াত আরাফাত রহমান কোকোর স্ত্রী সৈয়দা শর্মিলা রহমান সিঁথি এবং জোবাইদা রহমানের বড় বোন শাহীনা জামান বিন্দু।

সভাপতির বক্তব্যে সাবেক প্রধান বিচারপতি সৈয়দ জে আর মোদাচ্ছির হোসেন বলেন, খালেদা জিয়া শুধু একটি রাজনৈতিক দলের নেতা ছিলেন না, তিনি ছিলেন একাধিকবার নির্বাচিত প্রধানমন্ত্রী এবং গণতান্ত্রিক সময়ের একটি গুরুত্বপূর্ণ অংশীজন। ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন অসাধারণ দৃঢ়চেতা। রাজনীতি, সংগ্রাম ও কঠিন সময়ের মধ্যেও তিনি ধৈর্য ও আত্মমর্যাদার পরিচয় দিয়েছেন।

তিনি বলেন, খালেদা জিয়া প্রতিহিংসার মামলায় দীর্ঘদিন কারাবাস করেছেন। এটি আমাদের রাজনৈতিক ইতিহাসের একটি বেদনাদায়ক অধ্যায়। সরকারকে অনুরোধ করব, খালেদা জিয়াকে যেন সর্বোচ্চ সম্মানসূচক রাষ্ট্রীয় উপাধি দেওয়া হয়।

অর্থনীতিবিদ ও রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক মাহবুব উল্লাহ্ বলেন, খালেদা জিয়া দেশকে ও এই জনপদকে ভালোবাসতেন। ভারত সরকার যখন টিপাইমুখে বাঁধ নির্মাণের উদ্যোগ নিয়েছিল, তখন তিনি আমাদের বলেছিলেন, একটা বড় আকারের সেমিনারের আয়োজন করতে; যাতে আমরা দাবি জানাতে পারি। আজকে এখানে তাঁকে স্মরণ করতে গিয়ে তাঁর তিনটি উক্তির কথা স্মরণ করতে চাই, এক. দেশের বাইরে আমাদের বন্ধু আছে, প্রভু নেই, দুই. আমাদের হাতে স্বাধীনতার পতাকা, ওদের হাতে বন্দির শৃঙ্খল এবং তিন. দেশের বাইরে আমার কোনো ঠিকানা নেই, দেশই আমার শেষ ঠিকানা। এই মন্ত্রগুলো ধারণ করলে তাঁর দল ও এই দেশ রক্ষা পাবে।

অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেন, খালেদা জিয়ার অদ্ভুত একটা ৯-এর পৃষ্ঠায় দেখুন

**গ্রিনল্যান্ড নিয়ে যুক্তরাষ্ট্রের বিরোধিতা**

## ইউরোপের ৮ দেশের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ ট্রাম্পের

**বাংলা পত্রিকা ডেস্ক:** গ্রিনল্যান্ডে সামরিক উপস্থিতি পাঠানো দেশগুলোর ওপর ১০ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গ্রিনল্যান্ডকে যুক্তরাষ্ট্রের সঙ্গে যুক্ত করার প্রচেষ্টার মধ্যেই এই হুঁশিয়ারি দেন তিনি। শনিবার নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প জানান, ডেনমার্ক, নরওয়ে, সুইডেন, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস ও ফিনল্যান্ডের ওপর এই শুল্ক আরোপ করা হবে। আটটি দেশই ন্যাটোর সদস্য। আগামী ১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে শুল্ক কার্যকর হবে এবং ১ জুন তা বাড়িয়ে ২৫ শতাংশ করা হবে বলেও জানান তিনি। তাঁর ভাষায়, গ্রিনল্যান্ডের "সম্পূর্ণ ও চূড়ান্ত ক্রয়" নিয়ে কোনো সমঝোতা না হওয়া পর্যন্ত এই শুল্ক বহাল থাকবে।

ট্রাম্পের এই ঘোষণার আগে যুক্তরাষ্ট্রের ইউরোপীয় মিত্র বা ন্যাটো অংশীদারদের কোনো ধরনের আনুষ্ঠানিক সতর্কবার্তা দেওয়া হয়নি বলে ইউরোপীয় কূটনীতিকরা সিবিএস নিউজকে জানিয়েছেন। তাঁদের ভাষায়, এই পদক্ষেপে ইউরোপীয় মিত্ররা নিজেদের বিচ্ছিন্ন ও হতাশ বোধ করছেন এবং এটিকে যুক্তরাষ্ট্র-ইউরোপ সম্পর্কের জন্য সম্ভাব্য বড় ভাঙন হিসেবে দেখছেন। এমন অবস্থায় ট্রাম্প আগামী মঙ্গলবার সুইজারল্যান্ডের দাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে যোগ দিতে যাচ্ছেন, যেখানে তাঁর মুখোমুখি হতে পারেন সেই ইউরোপীয় নেতাদেরই, যাদের বিরুদ্ধে তিনি শুল্কের হুমকি দিয়েছেন।

সিবিএস নিউজের সিনিয়র ফরেন করেসপন্ডেন্ট লিজ পামার জানিয়েছেন, গ্রিনল্যান্ডে ডেনমার্কসহ ১১ -এর পৃষ্ঠায় দেখুন



The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

# টার্গেট কিলিংয়ের ঝুঁকি

## প্রয়োজন অস্ত্র উদ্ধারে গুরুত্বারোপ

জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশে এক নতুন রাজনৈতিক বাস্তবতা সৃষ্টি হয়েছে। শনিবার যুগান্তরে প্রকাশিত খবরে নিরাপত্তা বিশ্লেষকদের মধ্যে সে শঙ্কার কথাই উঠে এসেছে। তাদের মতে, কেবল গানম্যান দিয়ে বা ব্যক্তিবিশেষের নিরাপত্তা বাড়িয়ে পরিকল্পিত হত্যাকাণ্ড বা দেশজুড়ে নাশকতা বন্ধ করা সম্ভব নয়। বর্তমান প্রেক্ষাপটে সাবেক আইজিপি থেকে শুরু করে নিরাপত্তা বিশ্লেষকরা একমত যে, গানম্যান বড়জোর একজন ব্যক্তিকে তাৎক্ষণিক সুরক্ষা দিতে পারে; কিন্তু তা কোনো ব্যাপক ষড়যন্ত্র বা পরিকল্পিত হামলা ঠেকানোর স্থায়ী সমাধান নয়। বিশেষ করে যখন প্রতিপক্ষ বা পরাজিত রাজনৈতিক শক্তির হাতে অবৈধ অস্ত্রের ভান্ডার থেকে যায়, তখন যে কোনো নিরাপত্তাবলয়ই ভঙ্গুর প্রমাণিত হতে পারে।

৫ আগস্টের পটপরিবর্তনের পর রাষ্ট্র সংস্কার এবং একটি সুষ্ঠু নির্বাচনের পথে দেশ যখন এগোচ্ছে, তখন জননিরাপত্তা ও সম্ভাব্য 'টার্গেট কিলিং' নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। অভিজ্ঞতা বলে, নির্বাচনের দিন যতই ঘনিয়ে আসে, অস্থিতিশীলতা তৈরির অপচেষ্টা ততই বৃদ্ধি পায়। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, ৫ আগস্ট এবং এর পরবর্তী দিনগুলোতে দেশের বিভিন্ন থানা ও সরকারি স্থাপনা থেকে যে পরিমাণ মারণাস্ত্র ও গোলাবারুদ লুট হয়েছে, তার একটি বড় অংশ এখনো সুযোগসন্ধানী ও অপরাধী চক্রের হাতে রয়ে গেছে। এই অস্ত্রগুলো উদ্ধার করা না গেলে রাজনৈতিক দলের নেতা ও বিশিষ্ট ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিতে গানম্যান নিয়োগ দেওয়া অনেকটা 'ক্ষত আড়াল করার' চেষ্টার মতো হবে। যতক্ষণ পর্যন্ত রাজপথে বা আড়ালে অবৈধ অস্ত্রের দাপট থাকবে, ততক্ষণ পর্যন্ত রাজনীতিক থেকে শুরু করে জুলাই বিপ্লবের সম্মুখসারির যোদ্ধাদের জীবনের ঝুঁকি থেকেই যাবে। সাম্প্রতিক সময়ে ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদির হত্যাকাণ্ড আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে, এসব হুমকি কেবল ফাঁকা বুলি নয়।

এমন অবস্থায় সরকারের উচিত, এলাকাভিত্তিক অপরাধী ও অস্ত্রধারীদের তালিকা করে অস্ত্র উদ্ধারে সাঁড়াশি অভিযান পরিচালনা করা। মনে রাখতে হবে, টার্গেট কিলিংয়ের মূল উদ্দেশ্য থাকে সমাজে আতঙ্ক ছড়িয়ে দেওয়া এবং অস্থিতিশীলতা তৈরি করা। বিদেশে পলাতক শক্তির উসকানিতে বা অর্থনৈতিক স্বার্থে যারা এই অশুভ খেলায় মেতেছে, তাদের মূল শক্তিই হলো এই অবৈধ অস্ত্র। তাছাড়া, একটি অবাধ, সুষ্ঠু ও উৎসবমুখর নির্বাচনের পূর্বশর্ত হলো জনমনে স্বস্তি ফিরিয়ে আনা। সেই স্বস্তি ফেরাতে তাই লুট হওয়া অস্ত্র উদ্ধার এবং গোয়েন্দা নজরদারি বাড়ানোর কোনো বিকল্প নেই। সরকার ও নির্বাচন কমিশন সম্মিলিতভাবে কার্যকর পদক্ষেপের মাধ্যমে এই চ্যালেঞ্জ মোকাবিলায় সফল হবে, এটাই প্রত্যাশা।




# আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর গেছে। পথের দু'পাশের সড়কের আলো চারদিক আলোকিত করে রেখেছে। হুশ করে মাঝে মধ্যে বিদীর্ণ শব্দের ঢেউ তুলে তীব্র বেগে গাড়ি ছুটে যাচ্ছে। হয়তো আর কখনো এখানে আসা হবে না। কি হবে এই সম্মানসূচক নাগরিকত্ব দিয়ে! কীই বা এর মূল্য!

বাংলাদেশের এক অসাধারণ প্রতিভাধর কবি সুকান্ত ভট্টাচার্য আমার অন্যতম প্রিয় কবি। তাঁর লেখায় শুধুই দুঃখী আর সংগ্রামী মানুষের গান – আর দুঃখকে কিভাবে আন্দোলন আর শপথে বাস্তব করা যায় সে গান। 'রানার' ঠিক তেমনি এক কবিতা।

রানার ছুটছে তাই ঝুম্ ঝুম্ ঘণ্টা বাজছে রাতে

রানার চলেছে খবরের বোঝা হাতে ...

রাত্রির পথে পথে চলে কোনো নিষেধ জানে না মানার। ...





অবাক রাতের তারারা আকাশে মিট্ মিট্ করে চায়;

কেমন করে এ রানার সবেগে হরিণের মতো যায়। ...

রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে? ...

রাত নির্জন, পথে কত ভয়, তবুও রানার ছোটে

দস্যুর ভয়, তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে। ...

রানার। গ্রামের রানার! ...

### ক্যালিফোর্নিয়ার পথে

বিমানবন্দরে সকাল আটটার মধ্যে পৌঁছাতে হবে। আমরা সবাই খুব ভোরে হোটেলের লবিতে জড়ো হই। প্রত্যেকের চোখে রাত জাগার চিহ্ন স্পষ্ট। আজ সেপ্টেম্বর মাসের ১১ তারিখ। ঠিক এক বছর আগে এই দিনে ইতিহাসের জঘন্যতম হামলা চালায় একদল জঙ্গি। কেবল হীন চক্রান্ত থেকে তারা এই হামলা পরিচালনা করেছে এতে কারো সংশয় নেই। কিন্তু আজ এই যাত্রা যদি কোনভাবে এড়ানো যেত! আমরা বেটি মুরকে প্রস্তাব দিয়েছিলাম। কিন্তু তিনি তাতে সায় দেননি। সূচি অনুযায়ী এগিয়ে যাচ্ছেন। সানফ্রান্সিসকোতে অনেক সাক্ষাৎকার আগে থেকেই নির্ধারিত হয়ে আছে। প্রায় তিন সপ্তাহব্যাপী এই সফরের সময় আমরা এক রাজ্য থেকে আরেক রাজ্যে শুধু উড়ে গিয়েছি। সড়কপথে বা রেলগাড়ির মাধ্যমে যাওয়ার সুযোগ হয়নি। এই বিশাল দেশে দ্রুত যেতে হলে বিমান ছাড়া কোন পথই নেই। আমরা এমন সব ব্যক্তি ও পরিবারের সন্ধান পেয়েছি যাঁরা তাঁদের সুদীর্ঘ জীবনে নিজেদের রাজ্যকেও পুরোপুরি দেখার বা জানার সুযোগ পাননি, কিংবা চেষ্টাও করেননি। তাঁদের ভাষায়, আমরা সত্যিকার অর্থেই ভাগ্যবান। সুদূরের কোন এক দেশ থেকে এসে মাত্র তিন সপ্তাহে গোটা দেশের সাতটি রাজ্য সফর করে গেলাম।

বিমানবন্দরের অতিরিক্ত কড়াকড়ি, খুব বেশি আনুষ্ঠানিকতা এবং নিবিড় নিরাপত্তা পরীক্ষা আমাদের এই সফরকে অনেকটা বিষাদময় করে দিয়েছে। আনন্দ আর আনন্দে থাকেনি। জুতা, কোমরের বেল্ট, হাতের ঘড়ি, ওয়ালেট – কিনা খুলতে হয়েছে। এতসব খোলার পর নিরাপত্তা বেষ্টনী পার হওয়ার সময় কারো কারো ক্ষেত্রে সতর্কতামূলক সংকেত বেজে উঠলে তাঁকে আবার নতুন করে পরীক্ষা করা হত। দু'একজন নিরাপত্তাকর্মী এক রকম নিন্দনীয় মন্তব্য করে বলেছেন যে, প্রয়োজনে নিভৃত কক্ষে নিয়ে নিরাবরণ করে পরীক্ষা করা হবে। কি লজ্জা আর অপমানের কথা। বাদামি রঙের ত্বক– এটাই বোধহয় সন্দেহের মূল জায়গা। আমাদের মধ্যে কেউ না কেউ সবসময় 'নমুনা পরীক্ষা'র শ্রেণিতে পড়ে যেতেন। আর তার উপর চলতো নিবিড় জিজ্ঞাসা, শারীরিক পরীক্ষা। সে এক মনস্তাত্ত্বিক নির্যাতন। এই যেখানে বিমানবন্দরের নীতি, সেখানে '১১-৯' এ আমরা যেতে আতঙ্কিত বোধ করছিলাম। কিন্তু আমাদের অবাক করে দিয়ে বিমানবন্দরে আমাদের কোনরূপ পরীক্ষা করা হল না, বরং বিশেষভাবে স্বাগত জানিয়ে বিমানবন্দর কর্তৃপক্ষ বিমানের দরোজা পর্যন্ত এগিয়ে দিলেন। বিস্ময়ের পালা এখানেই শেষ নয়। বিমানে প্রবেশের পরপর আমাদের প্রত্যেকের আসনে বিমানের প্রধান চালকের স্বাক্ষর সংবলিত স্বাগত জানিয়ে ছোট নোট। ভাষাটা ছিল এ রকম : "Mr. Quadir we are honored to be part of your lovely journey in this great country." বিমান উড্ডয়নের কিছুক্ষণ পরই বৈমানিকের ধরাবাঁধা ঘোষণার পর তিনি এক এক করে আট জনের নাম উচ্চারণ করে আমাদের সফর সফল ও অর্থময় করার জন্যে শুভ কামনা জানালেন। আমি একটি চিরকুট পাঠিয়ে দিলাম এক তরুণী বিমানবালার মাধ্যমে। তাতে এই দিনে যে হাজার হাজার নিরীহ মানুষ অকালে করুণ মৃত্যুর সম্মুখীন হয়েছেন সেজন্যে একজন মানুষ হিসেবে শোক জানিয়ে বললাম, 'আমরা বাংলাদেশীরাও আমাদের কয়েকজন ভাইকে এই হামলায় হারিয়েছি। আজ আমরা সকলের জন্যে ভারাক্রান্ত হৃদয়ে তাঁদের আত্মার শান্তি কামনা করছি। একইসঙ্গে আমরা এই দেশের মানুষের পাশে রয়েছি জঙ্গিদের বিরুদ্ধে তাঁদের যে লড়াই সেই লড়াই আর সংগ্রামে।'

বিমানে এই প্রথম আমাদের জন্যে রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিশেষ আপ্যায়নের ব্যবস্থা লক্ষ করলাম। এভাবে এক ভিন্নতর স্মৃতি নিয়ে দীর্ঘপথ এক সময় শেষ হল। আমরা সানফ্রান্সিসকোর মাটিতে পা রাখলাম। বিমানের জানালা থেকেই শহরের সৌন্দর্য দেখে মুগ্ধ হলাম। হেমন্তের হালকা কুয়াশার চাদরে পাহাড়ঘেরা শহর এক অন্যরূপে আমাদের কাছে উপস্থাপিত হল। সন্ধ্যা নাগাদ আমরা হোটেলে পৌঁছালাম। বাইরে বেশ জমানো শীত। তাই ইচ্ছে থাকা সত্ত্বেও এই রাতে হোটেল থেকে বের হলাম না। তবে কেউ কেউ শীত উপেক্ষা করে কক্ষে প্রবেশের আনুষ্ঠানিকতা শেষে মালপত্র রেখে বেরিয়ে গেলেন।

সানফ্রান্সিসকো যুক্তরাষ্ট্রের সংস্কৃতি, অর্থ ও বাণিজ্য এবং প্রাকৃতিক সৌন্দর্যের অন্যতম কেন্দ্রবিন্দু। এটি ২০১৯ সালের পরিসংখ্যান অনুযায়ী যুক্তরাষ্ট্রের ষষ্ঠদশ ঘন জনবসতিপূর্ণ নগরী এবং ক্যালিফোর্নিয়ার চতুর্থতম শহর। ঐ বছরের হিসাব অনুযায়ী এই নগরের মোট জনসংখ্যা ৮ লাখ ৮২ হাজার। এর আয়তন ১২১ বর্গকিলোমিটারের কিছু বেশি। সানফ্রান্সিসকোর উত্তরপ্রান্ত সাগরবেষ্টিত। অর্থনীতির নিরিখে যুক্তরাষ্ট্রের মধ্যে এটি চতুর্থ বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল। অভ্যন্তরীণ মোট অর্থনীতির পরিমাণ (GDP) ৫৪,৯০০ কোটি ডলার। এটা ২০১৮ সালের হিসাব। সানফ্রান্সিসকো মূলত একটি উপদ্বীপ এবং প্রশান্ত মহাসাগরবেষ্টিত। ভৌগোলিক বৈচিত্র্যে সমৃদ্ধ এই অঞ্চলের কোথাও রয়েছে পর্বতমালা আবার কোথাও সমতল ভূমি। শীতের প্রকোপ ততো বেশি নয়। বৃষ্টি বিধৌত এই অঞ্চল। গ্রীষ্মকালে তাপমাত্রা বেড়ে যায় এবং আবহাওয়া শুষ্ক থাকে। বিদেশী পর্যটকদের জন্য আকর্ষনীয় ভ্রমণকেন্দ্র। বিশেষ করে গোল্ডেন গেট সেতু, ক্যাবল কার, জেলে পাড়া, চায়না টাউন ইত্যাদি উল্লেখযোগ্য পর্যটনকেন্দ্র। সানফ্রান্সিসকো যুক্তরাষ্ট্রের অন্যতম সম্পদশালী নগর। এখানে প্রযুক্তি শিল্পের দ্রুত বিকাশ ঘটায় জীবনধারণ ব্যয় খুব বেশি।

### অর্থনীতিবিদের সঙ্গে সাক্ষাৎ

১২ই সেপ্টেম্বর ২০০২। সকাল ১০টায় একজন অর্থনীতিবিদের সঙ্গে আমাদের বৈঠক। তিনি যুক্তরাষ্ট্রের বিশেষ করে ক্যালিফোর্নিয়ার সামগ্রিক অর্থনৈতিক বিষয় নিয়ে কথা বলবেন। ইউনিভার্সিটি অব সানফ্রান্সিসকোতে অর্থনীতির অধ্যাপক। আমরা ঠিক সময়ে হাজির হলাম তাঁর বাসভবনে। বৈঠক ঘরে তিনি আমাদের নিয়ে বসালেন। এক সময় কেন যেন তিনি আমাদের তাঁর পড়ার ঘরটায় নিয়ে গেলেন। আমরা তাঁকে ঘিরে বসলাম। প্রত্যেকের হাতে নোটবই। দৃশ্যটা ভালই লাগল। আমরা সবাই তাঁর ছাত্র, বেশ মনোযোগী বয়স্ক ছাত্র। তিনি একটা ঘূর্ণায়মান চেয়ারে (Revolving) বসলেন। টেবিলে প্রচুর বই– এলোমেলো। ছোট একটা খাট। খাটের চারদিকে বই ছড়ানো। শুরু করলেন অধ্যাপক সাহেব তাঁর বক্তব্য। প্রথমে একটা চিত্র দেয়ার চেষ্টা করলেন গোটা যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর। গত বছর টুইন টাওয়ার হামলা কিভাবে অর্থনীতির উপর গভীর নেতিবাচক প্রভাব ফেলেছে তার উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখলেন। অধ্যাপক সাহেবের গোটা অবয়বজুড়ে একটা প্রশান্তির পরশ। গায়ের রঙ ধবধবে সাদা। গাঢ় আকাশী রঙের ফুল হাতা শার্ট। দু'হাতের আস্তিন কিছুটা গোটানো। মাথায় কালো-সাদা চুলের অপূর্ব সংমিশ্রণ। কথা বললেন ধীরলয়ে যাতে প্রতিটি শব্দ আমরা অনুধাবন করতে পারি।

সার্বিক সূচনা বক্তব্য দেয়ার পর উন্মুক্ত করে দিলেন আমাদের কথা বলার সুযোগ। আমি তাঁর ডান পাশটায় খুব কাছে ঘেঁষে বসে থাকায় আমার জন্যে প্রশ্ন করবার এবং উত্তরগুলো লিপিবদ্ধ করার সুযোগ ছিল যথেষ্ট। বললাম, আপনি যদি অনুগ্রহ করে সামগ্রিকভাবে ক্যালিফোর্নিয়ার অর্থনীতি নিয়ে আমাদের একটা বড় দাগের ধারণা দিতেন এবং টুইন টাওয়ার হামলায় এই অঞ্চলের মানুষেরা কতটা ক্ষতিগ্রস্ত হয়েছে এই বিষয়ে। তিনি আনন্দের সঙ্গে আমার চাহিদা পূরণ করতে সম্মত হলেন।

# মিথ্যা ধর্ম অবমাননার অভিযোগ দিয়ে দিপু দাসদের আর কত বলিদান দিতে হবে?

## প্রদীপ মালাকার

এবার ফেসবুকে নয়, সরাসরি ধর্ম অবমাননার মিথ্যা অপবাদ দিয়ে ময়মনসিংহের ভালুকায় অবস্থিত ডুবুলিয়া পাইওনিয়ার নিট ফ্যাক্টরিতে কর্মরত শ্রমিক দীপু দাসকে প্রথমে পিটিয়ে ও পরে গাছে বেধে আগুনে পুড়িয়ে হত্যা করা হয়। জেলার তারাকান্দা থানায় দিপু চন্দ্র দাসের বাড়ি। গত ১৮ ডিসেম্বর রাতে জোর করে টাড় ফ্যাক্টরি থেকে বের করে এনে হত্যা করা হয়েছে। অজ্ঞাতনামা উত্তেজিত জনতা ভিকটিমের বিরুদ্ধে নবী ও ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগ এনে রাত আনুমানিক নয়টায় ফ্যাক্টরি থেকে জোরপূর্বক বের করে দাঙ্গা সৃষ্টির মাধ্যমে দেশীয় অস্ত্র দিয়ে আঘাত সহ পিটিয়ে হত্যা করে।

পরবর্তীতে ভিকটিমের মৃতদেহ জামিরদিয়া স্কয়ার মাষ্টারবাড়ী বাসস্ট্যান্ডে ঢাকা-ময়মনসিংহ সড়কের মাঝখানে আইল্যান্ডের গাছের সাথে ঝুলিয়ে আগুন ধরিয়ে দেয়। পরবর্তীতে র‍্যাব, পুলিশ দিপুর বিরুদ্ধে ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগ তোলা হয়েছে তার কোনও সত্যতা পায়নি। তবে পোশাক কারখানায় দিপু দাশ কাজ করতেন সেখানে সহকর্মীদের সঙ্গে বিবাদের কারণে হত্যার শিকার হয়েছেন বলে জানিয়েছে পরিবার ও স্থানীয়রা। পরিবারের ভাষ্য, এটি হঠাৎ কোনও উত্তেজিত জনতার ঘটনা নয়। পরিকল্পিতভাবে ধর্ম অবমাননার অভিযোগ তৈরি করে দিপুকে হত্যা করা হয়েছে। নিহত দিপুর ভাই অপু রবি দাশ জানিয়েছেন, দিপু ফ্লোর ম্যানেজার থেকে সুপারভাইজার হিসেবে নিয়োগ পরীক্ষা দিয়েছিল। ঘটনার দিন বিকালে পদ-পদবি নিয়ে দিপুর সঙ্গে অফিসের বেশ কয়েকজন সহকর্মীর ঝামেলা হয়। ওই দিন তাকে চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়। বিষয়টি ধামাচাপা দিতে ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগ তুলে মারতে মারতে অফিস থেকে বের করে দেওয়া হয়।

পাঠক, গত ৫ আগস্ট, ২০২৪ এ ড. ইউনূস এর অন্তর্বরতী সরকার ক্ষমতায় আসীন হওয়ার পর থেকে সারাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নেমে আসে অবর্ণনীয় নির্যাতনের তাণ্ডব। জামায়াত-বি এনপি রাজনৈতিক দলের দুর্বৃত্তদের পাশাপাশি অন্যান্য ধর্মান্ধ দলগুলোও হিন্দু নির্যাতনে শরিক হয়। কথিত দুর্বৃত্তরা হত্যা, ধর্ষণ, বাড়িঘর লুটপাট ও মন্দির ভাংচুর ও আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া সবই করেছে। আওয়ামী-লীগ ট্যাগ দিয়ে অসংখ্য হিন্দুকে হত্যা, গুম করেছে। এই সরকারের গত ১৬ মাসের শাসনামলে সাড়ে তিন হাজারের অধিক নির্যাতনের ঘটনা ঘটেছে । এই নির্যাতন এখনোও চলমান আছে। তবে কাউকে চাঁদা বাজের তকমা দিয়ে পিটিয়ে হত্যা কিংবা অসতী নারীর তকমা দিয়ে মাথার চুল কেটে গাছে বেধে শরীরে আগুন দিয়ে নির্যাতন কিংবা যুবকের হাতে লাল ফিতা বাধা কেন, সেই জন্য ইসলাম অবমাননার অজুহাতে পিটিয়ে হাসপাতালে পাঠানো ইত্যাদি।

তবে নির্যাতনের ধরন সকল ক্ষেত্রে বিভিন্নতা থাকলেও একটি বিষয়ে নির্যাতনের প্যাটার্ন এক, আর তা হলো ধর্মীয় অনুভূতি। এ ক্ষেত্রে অধিকাংশ রাজনৈতিক দল ও সকল ধর্মীয় রাজনৈতিক দল মত ধর্মীয় অনুভূতিতে এক। এখানে দেশের আইন, কানুন, ন্যায়, নৈতিকতা ও বিবেক-বুদ্ধি অনুভূতি নামক অস্ত্রের কাছে সকলেই অসহায়। এই অস্ত্রটি যে কোন ব্যক্তির বিরুদ্ধে কিংবা কোন অমুসলিমের প্রতি অভিযোগ আনলেই কেল্লাফতে। এখানে অভিযোগটির সত্য-মিথ্যা যাচাইয়ের আগেই ভিকটিমের ওপর হামলা ও ভিকটিমকে গ্রেপ্তার করা হয়। এই অস্ত্রটিই ধর্মান্ধ গুষ্টি সকল সরকারের আমলেই অমুসলিমদের বিরুদ্ধে সুকৌশলে ব্যবহার করে আসছে।

পাঠক, এবার একটু পিছনের দুই/তিনটি ঘটনার দিকে ফিরে তাকাই, যা বিষয়টিকে বুঝতে সহজ হবে। আপনাদের রংপুরের সেই টিটো রায়ের কথা মনে আছে? ২০১৭ সালের ঐ সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে রংপুরের জনৈক টিটু রায় নামক এক যুবকের বিরুদ্ধে মহানবী (সাঃ)-কে নিয়ে মিথ্যা কটূক্তি করা এবং ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগ তুলে ঐ বছরের ১০ নভেম্বর রংপুরের পাগলাপীর ঠাকুরবাড়ি গ্রামে স্থানীয় কয়েক হাজার মুসল্লি হিন্দুদের ৩০টি বাড়ি, ঘর, মন্দিরে হামলা, লুটতরাজ ও আগুন দিয়ে পুড়িয়ে দেয়। পত্রিকার রিপোর্ট থেকে জানা গিয়েছিল (১২ নভেম্বর ২০১৭, ভোরের কাগজ) রংপুরের পাগলাপীর এলাকার ঠাকুরবাড়ি গ্রামে হামলা ও আগুন দেওয়ার নেপথ্যে জামায়াত-শিবির জড়িত। পরে তাদের সাথে বিএনপি, আওয়ামী লীগ সহ সব দলের মাঠ পর্যায়ের নেতাকর্মী সহিংসতায় জড়িত হয়ে পড়ে। এদের মধ্যে ওলামা দলের সভাপতি ইনামুল হক মাজেদি, সদর উপজেলা জামায়াতের আমীর আইয়ুব আলী, জেলা পরিষদের প্রকৌশলী ও সাবেক প্রতিমন্ত্রী মসিউর রহমান রাঙ্গার ঘনিষ্ট ভাজন ফজলার রহমান।

অন্যদিকে যেই টিটু রায়কে নিয়ে এত তুলকালাম কাণ্ড, সেই টিটু রায় সমন্ধে গ্রামের লোকজন ও পরিবার জানিয়েছে, টিটু কোন লেখাপড়া জানে না। কোন মতে নিজের নামটা স্বাক্ষর করতে জানেন। ছয় বছর যাবত পাওনাদারের টাকার ভয়ে বাড়ি ছাড়া। পুলিশ নীলফামারীর জলডাঙ্গা থেকে টিটু রায়কে গ্রেপ্তার এবং দুই দুইবার রিমান্ডের পর আদালতের আদেশে অ-জামিনযোগ্য হিসেবে কারাগারে আটক আছেন। অথচ মূল স্ট্যাটাসদাতা হলেন খুলনার মাওলানা আসাদুল্লাহ হামিদী। যিনি ইসলামী আন্দোলন বাংলাদেশ, দিঘলীয়া উপজেলার সভাপতি। তিনি গত ১৮ অক্টোবর, ২০১৭ স্পর্শকাতর স্ট্যাটাসটি দিয়েছিলেন এবং ৫ নভেম্বর পর্যন্ত ৮৭ জন ফেসবুক ব্যবহারকারী তাদের ওয়ালে শেয়ার দিয়েছিল, যাদের একজন ছিল রংপুরের এমডি টিটু। টিটুর নামে শেয়ার দেওয়া হয় ১৯ অক্টোবর। এই আসাদুল্লাহ হামিদী দৈনিক কালের কণ্ঠের প্রতিবেদকের কাছে স্বীকার করে বলেন, রাকেশ মণ্ডল নামে সিলেটের এক ব্যক্তি ঐ কাজ করেছে। (১২ নভেম্বর, কালের কণ্ঠ)। তারপর আমি ডাউনলোড ও মন্তব্য লিখে প্রচার করি। তারই প্রচারের অংশ হিসেবে রংপুরের এমডি, টিটু ৫ নভেম্বর হয়ে যায় টিটু রায়।

একইভাবে ২০১৬ সালে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় কথিত রসরাজ দাস নামে এক ব্যক্তির ফেইসবুকে কাবা ঘরের উপর হিন্দু দেবতা মহাদেবের ছবি প্রকাশ পাওয়ায়, ধর্মীয় অনুভূতিতে আঘাতের অজুহাত তুলে ধর্মান্ধ গোষ্ঠি ৭১-এর হায়ানার মত হিন্দু পল্লীতে তাণ্ডব চালায়। তারা হিন্দুদের তিনশতাধিক বাড়ি ও পাঁচটি মন্দিরে হামলা, ভাংচুর, লুটতরাজের পাশাপাশি মহিলাদের উপর পাশবিক নির্যাতন চালানো হয়। পুরোহিত সহ আহত হয় শতাধিক নারী পুরুষ। অনুরূপভাবে ২০১২ সালে ধর্মান্ধ গোষ্ঠি কক্সবাজারের রামু উপজেলার বৌদ্ধ পল্লিতে তিনশতাধিক বাড়ী ঘর, অসংখ্য প্যাগোডা সহ পাচশত বছরের পুরনো ঐতিহাসিক নিদর্শন আগুন দিয়ে পুড়িয়ে দেয় এবং লুটতরাজ, ভাংচুরসহ নারী নির্যাতন চালায়। এখানেও উত্তম বড়ুয়া নামে অল্প শিক্ষিত এক যুবকের ফেইস বুকে ইনসালট আল্লাহ বা পবিত্র কোরানের উপর নগ্ন নারীর পা রাখার ছবিকে কেন্দ্র করে উক্ত ব্যক্তির বিরুদ্ধে ধর্ম অবমাননার অভিযোগ এনে জামায়াতসহ ধর্মান্ধগোষ্ঠি রোহিঙ্গা জঙ্গিদের সহয়তায় রামুর বৌদ্ধ পল্লী, আনোয়ারা সহ দেশের কয়েকটি অঞ্চলে সাম্প্রদায়িক তাণ্ডব চালিয়েছিল। রামুর ঘটনায় প্রাথমিক তদন্তে জানা গিয়েছিল, কথিত উত্তম বড়ুয়ার সাথে স্থানীয় শিবির ক্যাডারের সখ্যতার সুযোগ নিয়ে উত্তমের ফেইস বুক আইডি চুরি করে তার মাধ্যমেই কারসাজির ঘটনাটি ঘটেছিল। পুলিশ পরে তাকে গ্রেফতারও করেছিল। কিন্তু ভিকটিম উত্তম বড়ুয়া আজও নিখোঁজ,পরিবার তার সন্ধান আঝোও পায়নি।

এরকম আরও অনেক ঘটনা গত দেড় দশকের আওয়ামী আমলে ঘটছে, যার সব ঘটনাগুলো একই সূত্রে গাথাঁ। একদিকে হিন্দুদের উপর আক্রমণ করে দেশ থেকে তাদের তাড়িয়ে দেওয়া এবং হিন্দুদের কাছে আওয়ামী লীগকে জনপ্রিয়হীন করে ভোট ব্যাংকে ধস নামানো। সবগুলো ঘটনাতেই আইনশৃঙ্খলা বাহিনীকে হামলার আগে ভিকটিমরা খবর দিলে কিংবা সাহায্যের জন্য কাকুতি-মিনতি করেও ব্যর্থ হয়। রাজনৈতিক বিশেষজ্ঞদের মতে, ক্ষমতাসীন দলের কেন্দ্রীয় নেতৃত্ব আন্তরিক থাকলেও সরকারের ভিতর ঘাপটি মেরে থাকা সাম্প্রদায়িক দুষ্ট চক্র, অদক্ষ, অদূরদর্শী কিছু মন্ত্রী, সংসদ সদস্য, আমলা ও স্থানীয় পর্যায়ের নেতৃত্বের দুর্বলতার কারনেই ধর্মীয় সংখ্যালঘুরা যথা সময়ে নিরাপত্তা পায়নি।

নাসিরনগরে ও আওয়ামী লীগের স্থানীয় নেতৃত্বে কোন্দল ও ব্যক্তি স্বার্থ জড়িত থাকায় মৌলবাদীদের উস্কে দেওয়া হয়। তার উপর আছে, দুই প্রধান রাজনৈতিক দলের একে অপরের বিরুদ্ধে দোষারোপের রাজনীতি। কোন কোন ক্ষেত্রে ঐ সময়ের ক্ষমতাসীন দলের স্থানীয় নেতা-কর্মীরা জামায়াত-বিএনপির চেয়েও অতি উৎসাহি হয়ে ধর্মীয় অনুভূতিতে আঘাতের ব্যাপারে প্রতিক্রিয়া দেখিয়েছে। আর বিরোধী পক্ষ সেই সুযোগ লুফে নিয়ে হিন্দু নির্যাতনের তকমাটা তাদের গায়েও লাগিয়ে দিয়েছে। সেই পুরাতন বানর ছাগলের গল্পের মত, বানর হাঁড়ির সব মাখন খেয়ে সামান্য কিছু মাখন ছাগলের দাঁড়িতে লাগিয়ে দিয়ে বাড়ীর মালিকের প্রশ্নের জবাবে বলে আমি খাইনি ছাগল খেয়েছে।

রামুর ঘটনায় আমরা দেখেছি, বিএনপি-জামায়াত ও ধর্মান্ধ দলগুলোর প্রতিবাদ, সমাবেশ মিছিলের পাশাপাশি যুবলীগ, ছাত্রলীগ, মৎস্যজীবী লীগও মিছিল সমাবেশ করেছে। ক্ষমতাসীন দলের উপজেলা চেয়ারম্যানের সমাবেশে বক্তব্য শেষ হওয়ার ঘন্টা খানিক পরই জামায়াত-বিএনিপ ও ধর্মান্ধগোষ্ঠি রোহিঙ্গা জঙ্গিদের সহয়তায় রামুর পল্লীতে হামলায় ঝাঁপিয়ে পড়েছিল। ব্রাহ্মবাড়ীয়ার নাসিরনগরের ঘটনায় জামায়াত সমর্থিত আহলে সুন্নত জামায়াত ও হেফাজত ইসলাম প্রথমে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। পাশাপাশি একই দিনে আওয়ামী লীগের ইউনিয়ন পর্যায়ের তিন নেতার নেতৃত্বে ও প্রতিবাদ বিক্ষোভ মিছিল হয়। তারপর দিন মাদ্রাসা ছাত্রদের বিরাট বিক্ষোভ মিছিল দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে নাসিরনগর সদরের দত্ত পাড়া, ঘোষ পাড়া, নমশূদ্র পাড়ায় হামলা সহ প্রত্যন্ত হরিণবেড় গ্রামের তিনশত বাড়ীঘর আগুন দিয়ে জ্বালিয়ে পুড়িয়ে দেয়।

প্রিয় পাঠক, গোয়েন্দাদের বরাত দিয়ে পরে বলা হয় বাহির থেকে ডাউনলোড করে এবং 'রসরাজ দাশের' আইডি চুরি করে তার মোবাইলে পাঠানো হয়। রসরাজ নিজেও এই বিষয়ে অজ্ঞতা প্রকাশ করে ।

শারীরিকভাবে লাঞ্ছিত করার পর পুলিশ এসে রসরাজকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। এখানে চারটি ঘটনায় টিটু রায়, রসরাজ, উত্তম বড়ুয়া বা দিপু দাসরা, তারা তো কোন নামি দামী, সংগঠন নেতা বা প্রভাবশালী ব্যক্তি ছিলেন না, তারা ছিলেন গ্রামের মধ্যেই অপরিচিত, অশিক্ষিত খেটে খাওয়া অতি দরিদ্র পরিবারের সদস্য। তাদের বিরুদ্ধে বড় বড় মিছিল, সমাবেশ কিসের লক্ষণ ছিল? এমন কি ভালুকার দিপু দাসের ঘটনায় বিকাল পাঁচটায় পুলিশকে খবর দেওয়া হলেও পুলিশ আসে রাত আটটায়, ততক্ষণে সবশেষ। অতীতের এ ধরনের ঘটনা থেকে তা প্রশাসন কি জানতো না? আর এ সকল হামলার দায় বড় রাজনৈতিক দলগুলো একে-অপরের বিরুদ্ধে দোষ চাপিয়েছে।

এমনকি বর্তমান অন্তর্বরতী সরকার ও তাদের সমর্থক গোষ্ঠি দিপু দাসের ঘটনাটি পতিত আওয়ামী-লীগের ওপর দোষ চাপানোর চেষ্টা করছে। ঘটনাটি যারাই ঘটাক, ভিকটিমসহ দেশের প্রতিটি সচেতন মানুষ ধারাবাহিক দৃশ্যমান ঘটনা প্রবাহের মধ্যদিয়েই বুঝতে পারে কারা ঘটিয়েছে। কিন্তু ব্লেইম গেইমের এই আত্মঘাতি রাজনীতির কারণে একবার যদি ধর্মীয় সংখ্যালঘুরা আওয়ামী লীগ বা বিএনপির থেকে মুখ ফিরিয়ে নেয়, তবে কারা লাভবান হবে তা উভয় বড় দলকেই অনুধাবন করতে হবে। গত আওয়ামী সরকার ক্ষমতায় আশার পর ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তা বিধানে এবং নির্যাতনের ঘটনা গুলির দ্রুত নিস্পতি করতে বিশেষ ট্রাইব্যুনাল গঠনের ঘোষণা দিয়ে ছিলেন। কিন্তু আজও তা বাস্তবায়ন হয়নি। তাই দেশের মানুষ মনে করে, অন্তর্বরতী সরকার দ্রুত ট্রাইব্যুনাল গঠন ও বিচারের ব্যবস্থা করে নির্যাতিতদের মনে আস্থা ও সাহস যোগাবেন। সামনে নির্বাচন ও অন্যান্য ইস্যুতে আবারও সংখ্যালঘুরা টার্গেট হতে পারে। কাজেই সরকার পূর্বের ঘটনাগুলো থেকে শিক্ষা নিয়ে ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তা, অধিকার সহ তাদের নিয়ে কুটিল ভোট ব্যাংক রাজনীতি ও ধর্মীয় অনুভূতিতে আঘাতের নামে অপরাজনীতি বন্ধে সকল রাজনৈতিক দলগুলোর সাথে ঐক্য মতে পৌছাতে হবে।

*নিউইয়র্ক, ইউএসএ।*

# আইস হেফাজতে রেকর্ড ৭৩ হাজার অভিবাসী আটক

প্রথম পৃষ্ঠার পর

ডিপোর্টেশন অভিযানের অংশ হিসেবে যেকোনো সময় ১ লাখের বেশি অভিবাসীকে আটক রাখার সক্ষমতা গড়ে তোলাই তাদের লক্ষ্য। সাবেক শীর্ষ মার্কিন অভিবাসন কর্মকর্তাদের মতে, যুক্তরাষ্ট্রের ইতিহাসে এমন সময় আর আসেনি, যখন অভিবাসন হেফাজতে এত বিপুল সংখ্যক মানুষ আটক ছিল। ক্লিনটন প্রশাসনের সময় ইমিগ্রেশন অ্যান্ড ন্যাচারালাইজেশন সার্ভিসের প্রধান হিসেবে দায়িত্ব পালন করা ডরিস মাইসনার বলেন, আধুনিক কালে এটি নিঃসন্দেহে একটি রেকর্ড।

ডিএইচএসের তথ্যে দেখা যায়, আইস হেফাজতে থাকা প্রায় ৬৭ হাজারই একক প্রাপ্তবয়স্ক, যাদের বিরুদ্ধে অভিবাসন আইনের লঙ্ঘনের অভিযোগে ডিপোর্টেশন প্রক্রিয়া চলছে। বাকি প্রায় ৬ হাজার পরিবার হিসেবে শ্রেণিভুক্ত অর্থাৎ বাবা-মা ও অপ্রাপ্তবয়স্ক সন্তানদের একসঙ্গে আটক করা হয়েছে। আইস সাধারণত অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ, ভিসার মেয়াদ শেষ হওয়া কিংবা অপরাধজনিত কারণে আইনি মর্যাদা বাতিল হওয়া ব্যক্তিদের আটক করে থাকে।

পরিসংখ্যান অনুযায়ী, বর্তমানে আইস হেফাজতে থাকা প্রায় ৪৭ শতাংশ– অর্থাৎ প্রায় ৩৪ হাজার অভিবাসীর বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে কোনো না কোনো ফৌজদারি অভিযোগ বা দণ্ডের রেকর্ড রয়েছে। তবে এসব অপরাধের মাত্রা সম্পর্কে বিস্তারিত উল্লেখ করা হয়নি। বাকি আটকরা আইসের ভাষায় 'ইমিগ্রেশন ভায়োলেটর' অর্থাৎ তাদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে কোনো ফৌজদারি অভিযোগ নেই, কেবল বেসামরিক অভিবাসন লঙ্ঘনের কারণেই তারা আটক।

তবে সাম্প্রতিক মাসগুলোতে সবচেয়ে দ্রুত বেড়েছে এই অ-অপরাধী শ্রেণির অভিবাসীর সংখ্যা। সরকারি তথ্য অনুযায়ী, আইস নিজে যাদের গ্রেপ্তার করেছে বর্ডার প্যাট্রোল বাদ দিয়ে– সেই তালিকায় অ-অপরাধী অভিবাসীর সংখ্যা ২০২৫ সালের জানুয়ারির শেষের দিকে যেখানে ছিল মাত্র ৯৪৫ জন, ২০২৬ সালের জানুয়ারির শুরুতে তা বেড়ে দাঁড়িয়েছে ২৪ হাজার ৬৪৪ জনে– প্রায় ২ হাজার ৫০০ শতাংশ বৃদ্ধি। একই সময়ে অপরাধে দণ্ডিত বা অভিযুক্তদের সংখ্যাও বেড়েছে, তবে তুলনামূলকভাবে কম হারে।

ডিএইচএসের সহকারী সচিব ট্রিসিয়া ম্যাকলাফলিন সিবিএস নিউজকে বলেন, দ্বিতীয় ট্রাম্প প্রশাসনে আইস যে গ্রেপ্তার করেছে– বর্তমানে যারা হেফাজতে আছে তাদের নয়– সেই গ্রেপ্তারকৃতদের প্রায় ৭০ শতাংশের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে অপরাধমূলক অভিযোগ বা দণ্ডের রেকর্ড রয়েছে। তার দাবি, যাদের 'ইমিগ্রেশন ভায়োলেটর' বলা হচ্ছে, তাদের বিদেশে অপরাধের ইতিহাস বা সন্ত্রাসবাদের সঙ্গে সম্পৃক্ততাও থাকতে পারে।

আটক সংখ্যা বৃদ্ধির বিষয়ে ম্যাকলাফলিন বলেন, অপরাধী ও জননিরাপত্তার জন্য হুমকি এমন অবৈধ অভিবাসীদের গ্রেপ্তার ও অপসারণের পাশাপাশি আইস অতিরিক্ত ডিটেনশন সক্ষমতা গড়ে তুলতে কাজ করছে, যাতে অতিরিক্ত ভিড় এড়ানো যায়। তার ভাষায়, 'ওয়ান বিগ বিউটিফুল বিল'-এর মাধ্যমে আইস এখন ঐতিহাসিক অর্থায়ন পেয়েছে, যার ফলে গড়ে এক লাখ অভিবাসী আটক রাখার সক্ষমতা এবং নতুন করে ৮০ হাজার বেড যোগ করা সম্ভব হচ্ছে।

গত বছর এই আইনের আওতায় আইস পেয়েছে নজিরবিহীন অর্থায়ন, যার মধ্যে শুধু ডিটেনশন সক্ষমতা বাড়াতেই বরাদ্দ ছিল প্রায় ৪৫ বিলিয়ন ডলার। এর ফলে কাউন্টি জেল ও বেসরকারি কারাগারের পাশাপাশি সামরিক স্থাপনাও ব্যবহার করা হচ্ছে যার মধ্যে টেক্সাসের ফোর্ট ব্লিস অন্যতম। ফ্লোরিডা ও লুইজিয়ানা স্টেট কর্তৃপক্ষও তাদের বিভিন্ন স্থাপনা ব্যবহারের প্রস্তাব দিয়েছে। এমনকি বড় বড় সিটিতে আইসের ফিল্ড অফিসগুলোও অস্থায়ী ডিটেনশন হিসেবে ব্যবহার করা হচ্ছে, যদিও সেগুলো দীর্ঘমেয়াদি আটক ব্যবস্থার জন্য তৈরি নয়।

ডরিস মাইসনারের মতে, যুক্তরাষ্ট্র আগেই বিশ্বের সবচেয়ে বড় ডিটেনশন ও অপসারণ অবকাঠামো গড়ে তুলেছিল; এখন সেটিকে আরও কয়েক ধাপ বাড়িয়ে দেওয়া হচ্ছে। তার ভাষায়, "এই ব্যবস্থাকে যেন স্টেরয়েড দেওয়া হয়েছে।"

ট্রাম্পের অধীনে আইসকে ব্যাপকভাবে গ্রেপ্তার ও ডিপোর্টেশন বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। বাইডেন আমলের সেই নীতিও বাতিল করা হয়েছে, যেখানে গুরুতর অপরাধী ও জাতীয় নিরাপত্তা হুমকির দিকেই মূলত নজর দেওয়ার কথা ছিল। এর ফলে লস অ্যাঞ্জেলেস, শিকাগোসহ বিভিন্ন সিটিতে ব্যাপক অভিযান চালানো হচ্ছে, যা স্থানীয় নেতৃবৃন্দ ও বাসিন্দাদের মতে অতিমাত্রায় কঠোর ও নির্বিচার।

সবচেয়ে সাম্প্রতিকভাবে মিনিয়াপোলিস ও আশপাশের এলাকায় প্রায় ৩ হাজার আইস ও বর্ডার প্যাট্রোল সদস্য মোতায়েন করা হয়েছে যাকে ডিএইচএস সংস্থাটির ইতিহাসের সবচেয়ে বড় অভিযান বলে উল্লেখ করেছে। সেখানে এক আইস কর্মকর্তার গুলিতে রিনি গুড নামে এক বাসিন্দা নিহত হওয়ার পর থেকেই প্রতিবাদ ও উত্তেজনা আরও বেড়েছে।

# ১৫০০ সেনা পাঠনোর প্রস্তুতি পেন্টাগনের

প্রথম পৃষ্ঠার পর

পেলে তা বাস্তবায়নের জন্য ডিপার্টমেন্ট অফ ওয়ার সর্বদা প্রস্তুত।" এর আগে এবিসি নিউজ প্রথম জানায় যে সেনাদের স্ট্যান্ডবাই অবস্থায় রাখা হয়েছে।

এদিকে মিনেসোটা অঙ্গরাজ্যের গভর্নর টিম ওয়ালজ শনিবার রাজ্যের ন্যাশনাল গার্ডকে প্রস্তুত থাকতে নির্দেশ দিয়েছেন। যদিও এখন পর্যন্ত ন্যাশনাল গার্ড সদস্যদের শহরের রাস্তায় নামানো হয়নি। চলতি মাসের শুরুতেই গভর্নর ওয়ালজ একটি 'ওয়ার্নিং অর্ডার' জারি করেছিলেন, যাতে সম্ভাব্য মোতায়েনের জন্য গার্ড সদস্যরা প্রস্তুতি নিতে পারেন। গত ৭ জানুয়ারি আইসিই কর্মকর্তার গুলিতে রিনি গুড নিহত হওয়ার ঘটনার পর থেকেই এই প্রস্তুতি জোরদার করা হয়।

মিনিয়াপলিসের মেয়র জ্যাকব ফ্রে রোববার সিবিএসের 'ফেস দ্য নেশন' অনুষ্ঠানে বলেন, শহরের নিরাপত্তা রক্ষায় স্থানীয় পুলিশ, অঙ্গরাজ্য সরকার ও গভর্নর একসঙ্গে কাজ করছে। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, ফেডারেল বাহিনীর উপস্থিতি কার্যত একটি 'দখলদার বাহিনী'র মতো পরিস্থিতি তৈরি করেছে।

পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে প্রেসিডেন্ট ট্রাম্পের সাম্প্রতিক হুমকি। গত বৃহস্পতিবার তিনি ইঙ্গিত দেন, প্রয়োজনে তিনি ১৭৯০-এর দশকের 'ইনসারেকশন অ্যাক্ট' প্রয়োগ করতে পারেন, যার মাধ্যমে ফেডারেল সেনা মোতায়েনের ক্ষমতা প্রেসিডেন্টের হাতে যায়। ট্রাম্প বলেন, মিনেসোটার রাজনীতিকরা যদি "আইন মান্য না করেন" এবং আইসিই কর্মকর্তাদের ওপর হামলা ঠেকাতে ব্যর্থ হন, তবে তিনি এই আইন প্রয়োগ করবেন। তবে উল্লেখযোগ্য বিষয় হলো, প্রথম মেয়াদসহ এর আগেও তিনি একাধিকবার এই আইনের কথা বললেও বাস্তবে কখনো তা কার্যকর করেননি।

ফেডারেল সরকার ও মিনেসোটা অঙ্গরাজ্য প্রশাসনের মধ্যে এই টানাপোড়েনের মধ্যেই সাম্প্রতিক সপ্তাহগুলোতে ট্রাম্প প্রশাসনের অভিবাসন অভিযান জোরদার করতে হাজার হাজার ফেডারেল আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী রাজ্যে পাঠানো হয়েছে।

অন্যদিকে মিনিয়াপলিস পুলিশ বিভাগ জানিয়েছে, ফেডারেল ইমিগ্রেশন এজেন্টদের উপস্থিতিতেও বিক্ষোভকারীরা মূলত শান্তিপূর্ণ ও আইনসম্মত আচরণ করেছেন। পুলিশের বিবৃতিতে বলা হয়, কিছু সময় সড়ক অবরোধের ঘটনা ঘটলেও জনসাধারণকে ফুটপাথে সরে যেতে বা এলাকা ছেড়ে যেতে নির্দেশ দেওয়া হলে বেশিরভাগ ক্ষেত্রেই বিক্ষোভকারীরা তা মেনে নিয়েছেন। পুলিশ বিভাগ শান্তিপূর্ণভাবে প্রতিবাদ চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছে।

# আইস হেফাজতে ৪ অভিবাসীর মৃত্যুতে উদ্বেগ

প্রথম পৃষ্ঠার পর

আটক অবস্থায় মারা যাওয়া কিউবান অভিবাসী জেরাল্ডো লুনাস কাম্পোসের মৃত্যুকে (হোমিসাইড) হিসেবে শ্রেণিভুক্ত করার প্রস্তুতি নিচ্ছে এল পাসো কাউন্টির মেডিক্যাল এক্সামিনারের দপ্তর। ওয়াশিংটন পোস্ট তাদের প্রতিবেদনে একটি ফোনালাপের রেকর্ড থেকে এমন তথ্য তুলে ধরেছে।

ওয়াশিংটন পোস্টের কাছে থাকা ওই কল রেকর্ডিংয়ের বরাত দিয়ে তাদের প্রতিবেদনে জানায়, মেডিক্যাল এক্সামিনারের কার্যালয়ের এক কর্মচারী লুনাস কাম্পোসের মেয়েকে জানান, টক্সিকোলজি রিপোর্টের চূড়ান্ত ফলাফলের ওপর নির্ভর করে তার মৃত্যুকে সম্ভবত হত্যাকাণ্ড হিসেবেই নথিভুক্ত করা হবে। প্রাথমিকভাবে চিকিৎসক মৃত্যুর কারণ হিসেবে উল্লেখ করেছেন গলা ও বুকে চাপজনিত শ্বাসরোধ অর্থাৎ পর্যাপ্ত অক্সিজেন না পাওয়ার ফলেই তার মৃত্যু হয়েছে।

আইস ৩ জানুয়ারি লুনাস কাম্পোসের মৃত্যুর ঘোষণা দিলেও তখন মৃত্যুর কোনো কারণ জানানো হয়নি; শুধু বলা হয়েছিল, কর্মীরা তাকে "কষ্টের মধ্যে" দেখতে পান। ৫৫ বছর বয়সী এই কিউবান অভিবাসী টেক্সাসের ফোর্ট বিস সামরিক ঘাঁটির ভেতরে অবস্থিত ক্যাম্প ইস্ট মন্টানা ডিটেনশন সাইটে মারা যান। প্রত্যক্ষদর্শীর বর্ণনা ও আইসের অভ্যন্তরীণ নথি অনুযায়ী, ডিটেনশন কর্মীদের সঙ্গে ধস্তাধস্তির পরই তার মৃত্যু ঘটে।

তবে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির সহকারী সচিব ট্রিশা ম্যাকলাফলিন দাবি করেছেন, লুনাস কাম্পোস আত্মহত্যার চেষ্টা করছিলেন। তার ভাষ্য অনুযায়ী, তিনি নিরাপত্তাকর্মীদের বিরুদ্ধে সহিংস প্রতিরোধ গড়ে তোলেন এবং নিজেকে ক্ষতি করার চেষ্টা চালিয়ে যান। ধস্তাধস্তির এক পর্যায়ে তিনি শ্বাস নিতে বন্ধ করে দেন ও জ্ঞান হারান। দ্রুত চিকিৎসা সহায়তা ডাকা হলেও ঘটনাস্থলেই তাকে মৃত ঘোষণা করা হয়। বিষয়টি এখনও সক্রিয় তদন্তাধীন বলে অতিরিক্ত নথি প্রকাশে অস্বীকৃতি জানিয়েছে ডিএইচএস।

সেদিন একই সেগ্রিগেটেড ইউনিটে আটক থাকা সান্তোস হেসুস ফ্লোরেস ওয়াশিংটন পোস্টকে বলেন, তিনি অন্তত পাঁচজন গার্ডকে লুনাস কাম্পোসের সঙ্গে ধস্তাধস্তি করতে দেখেছেন। তার দাবি, গার্ডরা তাকে গলা চেপে ধরেছিল এবং লুনাস কাম্পোস বারবার চিৎকার করছিলেন, "আমি শ্বাস নিতে পারছি না।" এরপর আর তার কণ্ঠ শোনা যায়নি।

মেডিক্যাল এক্সামিনার যদি মৃত্যুকে হত্যাকাণ্ড হিসেবে ঘোষণা করেন, তাহলে ক্যাম্প ইস্ট মন্টানাকে ঘিরে নজরদারি ও বিতর্ক আরও তীব্র হবে। এটি যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তের কাছে অবস্থিত একটি বিশাল অস্থায়ী তাঁবু-শিবির, যেখানে আটক অভিবাসীরা দীর্ঘদিন ধরেই নিম্নমানের পরিবেশ ও শারীরিক নির্যাতনের অভিযোগ করে আসছেন। এমনকি আইসের নিজস্ব পরিদর্শকরাও সেখানে ফেডারেল ডিটেনশন মানদণ্ড লঙ্ঘনের বহু ঘটনা চিহ্নিত করেছেন।

এই ঘটনার মধ্যেই বার্তা সংস্থা রয়টার্স জানায়, ২০২৬ সালের ৩ থেকে ৯ জানুয়ারির মধ্যে আইস হেফাজতে মোট চারজন অভিবাসীর মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে দু'জন হন্ডুরাসের নাগরিক, একজন কিউবার এবং একজন কম্বোডিয়ার নাগরিক।

আইসের তথ্যমতে, হন্ডুরাসের দুই নাগরিক ৪২ বছর বয়সী লুইস গুস্তাভো নুনেজ ক্যাসেরেস এবং ৬৮ বছর বয়সী লুইস বেলত্রান ইয়ানেজ-ক্রুজ হৃদ্‌রোগজনিত জটিলতায় যথাক্রমে ৫ ও ৬ জানুয়ারি হিউস্টন ও ইন্ডিও সিটির হাসপাতালে মারা যান। আর ৪৬ বছর বয়সী কম্বোডিয়ান নাগরিক প্যারাডি লা ৯ জানুয়ারি ফিলাডেলফিয়ার ফেডারেল ডিটেনশন সেন্টারে গুরুতর মাদক প্রত্যাহারজনিত সমস্যায় মারা যান।

ট্রাম্প প্রশাসন অভিবাসীদের আটক ও বহিষ্কার কার্যক্রম আরও জোরদার করার লক্ষ্য নিয়ে এগোচ্ছে। আইসের পরিসংখ্যান অনুযায়ী, ৭ জানুয়ারি পর্যন্ত সংস্থাটি প্রায় ৬৯ হাজার মানুষকে আটক রেখেছিল। গত বছর কংগ্রেসে অনুমোদিত বিপুল অর্থায়নের পর এই সংখ্যা আরও বাড়বে বলে ধারণা করা হচ্ছে। সরকারি হিসাব অনুযায়ী, ২০২৫ সালে আইস হেফাজতে অন্তত ৩০ জনের মৃত্যু হয়েছে– যা গত দুই দশকের মধ্যে সর্বোচ্চ।

ডিটেনশন ওয়াচ নেটওয়ার্কের অ্যাডভোকেসি পরিচালক সেতারেহ ঘানদেহারি এই মৃত্যুসংখ্যাকে "প্রকৃত অর্থেই ভয়াবহ" বলে আখ্যা দিয়ে ডিটেনশন সেন্টারগুলো বন্ধ করার আহ্বান জানিয়েছেন। অন্যদিকে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি বলছে, আটক সংখ্যা বাড়লেও মৃত্যুর হার ঐতিহাসিক গড়ের সঙ্গেই সামঞ্জস্যপূর্ণ এবং ডিটেনশন কেন্দ্রগুলোতে উচ্চমানের চিকিৎসাসেবা নিশ্চিত করা হচ্ছে।

লুনাস কাম্পোসের সাবেক সঙ্গী জ্যানেট পাগান লোপেজ জানিয়েছেন, এফবিআই তার সঙ্গে যোগাযোগ করেছে এবং তারা এই মৃত্যুর তদন্ত করছে। তার ভাষায়, "আমি জানি এটি হত্যাকাণ্ড। যারা তাকে শারীরিকভাবে আঘাত করেছে, তাদের জবাবদিহি করতে হবে।"

ফরেনসিক বিশেষজ্ঞদের মতে, মৃত্যুকে হত্যাকাণ্ড হিসেবে চিহ্নিত করা মানে ইচ্ছাকৃতভাবে হত্যা প্রমাণ হওয়া নয়; বরং অন্য কারও কর্মকাণ্ডের ফলেই মৃত্যু ঘটেছে– এটাই বোঝায়। তবে বছরের শুরুতেই আইস হেফাজতে একের পর এক মৃত্যুর ঘটনা যুক্তরাষ্ট্রের অভিবাসন ডিটেনশন ব্যবস্থার জবাবদিহি ও মানবাধিকার পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগের জন্ম দিচ্ছে।


ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.


Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
( Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438



AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

# তারেক রহমানের মৌলভীবাজার সফরের সফলতা কামনা নিউইয়র্ক কমিউনিটি নেতা জাবেদ উদ্দিনের






নিউইয়র্ক: বিএনপি'র চেয়ারম্যান তারেক রহমান আগামী ২২ জানুয়ারী বৃহস্পতিবার মৌলভীবাজার সফর করবেন। ঐদিন তিনি জেলা সদরের ১নং খলিলপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের আইনপুর গ্রামের মাঠে জনসভায় ভাষণ দেবেন। দলীয় চেয়ারম্যান দীর্ঘ ১৭ বছর পর প্রবাসী জীবন শেষে দেশে ফেরার পর মৌলভীবাজারে এটাই তার প্রথম রাজনৈতিক সফর। তাঁর এই সফর সফল করতে জেলা বিএনপি আহাবয়ক ফজলুল করীম ময়ুন ও সদস্য সচিব আব্দুর রহিম রিপন সহ দলীয় নেতা-কর্মী ও সমর্থকদেরর মাঝে বিপুল উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে।

মৌলভীবাজারের ১নং খলিলপুর ইউনিয়নের কেশবচর গ্রামের সন্তান হিসেবে এবং বিএনপি পরিবারের একজন সদস্য ও জাসাস নিউইয়র্ক ষ্টেটের সভাপতি মো: জাবেদ উদ্দিন এক বিবৃতিতে বিএনপি'র চেয়ারম্যান তারেক রহমানের মৌলভীবাজার সফরের সার্বিক সফলতা কামনা করেছেন। -প্রেস বিজ্ঞপ্তি।

## নানা উদ্যোগ সত্ত্বেও

# বাংলাদেশের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমেনি যুক্তরাষ্ট্রের




| বছর | আমদানি | রফতানি | ঘাটতি |
|---|---|---|---|
| ২০২৫* | ১৯৫.৮৪ | ৮১৩.২৪ | ৬১৭.৪০ |
| ২০২৪ | ২২৯.৫২ | ৮৩৫.৮৭ | ৬০৬.৩৫ |
| ২০২৩ | ২২৫.০৪ | ৮২৭.৩৭ | ৬০২.৩৩ |


* অক্টোবর পর্যন্ত

**বাংলা পত্রিকা ডেস্ক:** প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আরোপিত পাল্টা শুল্ক কমাতে দরকষাকষিতে যুক্তরাষ্ট্র থেকে পণ্য আমদানি বাড়ানোর নানা উদ্যোগ নিয়েছিল অন্তর্বর্তী সরকার। এ উদ্যোগের অংশ হিসেবে এরই মধ্যে গম, ভুট্টা, সয়াবিন, তুলাসহ বেশকিছু পণ্য আমদানি হয়েছে। এলএনজি, উড়োজাহাজ, যন্ত্রাংশসহ আরো নানা পণ্য আমদানির বিষয়ে চুক্তি করেছে বাংলাদেশ। যদিও প্রাপ্ত তথ্যে দেখা যাচ্ছে, বিদায়ী বছরে যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের আমদানি বাড়েনি। উল্টো বছরটিতে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি আরো বেড়েছে।

যুক্তরাষ্ট্রের সেনসাস ব্যুরোর তথ্য বলছে, সদ্য শেষ হওয়া ২০২৫ সালের অক্টোবর পর্যন্ত প্রথম ১০ মাসে যুক্তরাষ্ট্র থেকে ১৯৫ কোটি ৮৪ লাখ ডলারের পণ্য আমদানি করেছে বাংলাদেশ। বিপরীতে একই সময়ে বাংলাদেশ থেকে ৮১৩ কোটি ২৪ লাখ ডলারের পণ্য যুক্তরাষ্ট্রে রফতানি হয়েছে। সে হিসাবে গত বছর অক্টোবর পর্যন্ত ১০ মাসে যুক্তরাষ্ট্রের ৯-এর পৃষ্ঠায় দেখুন

## বাংলাদেশ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

# আনুষ্ঠানিক প্রচার ২২ জানুয়ারি: কৌশলে ভোটের মাঠে প্রার্থীরা




**বাংলা পত্রিকা ডেস্ক:** ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের বাকি রয়েছে আর ২৪ দিন। তবে আনুষ্ঠানিক প্রচারণা শুরু হওয়ার আগেই মাঠে-ঘাটে ও সামাজিক পরিসরে এখনই শুরু হয়েছে নীরব 'ভোটযুদ্ধ'। নির্বাচন কমিশনের (ইসি) নির্দেশনা অনুযায়ী ২১ জানুয়ারির আগে কোনো রাজনৈতিক দল, প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাদের পক্ষে অন্য কোনো ব্যক্তি কোনো ধরনের নির্বাচনি প্রচারণা চালাতে পারবেন না। তবে নির্বাচনি মাঠের বাস্তব চিত্র সম্পূর্ণ ভিন্ন। সরাসরি ভোট না চাইলেও কিংবা পোস্টার-ফেস্টুন না লাগালেও সামাজিক, ধর্মীয় ও পারিবারিক অনুষ্ঠানের আড়ালে কৌশলে গণসংযোগ চালিয়ে ভোটারদের কাছে নিজেদের অবস্থান তুলে ধরছেন প্রার্থীরা। পাশাপাশি ভোটারদের মনজয় করতে নানা প্রতিশ্রুতির ফুলঝুরিও ফোটাচ্ছেন তারা। অনেকেই পাড়া-মহল্লার দোকানপাট, শিক্ষাপ্রতিষ্ঠান, বাসা-বাড়িতে গিয়ে ভোটারদের সঙ্গে কুশল বিনিময় করছেন। এ প্রক্রিয়ায় অনানুষ্ঠানিকভাবে নির্বাচনি প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা। তবে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, এমন কৌশলী প্রচারণায় নির্বাচনি আচরণবিধির কার্যকারিতা নিয়ে প্রশ্ন উঠছে। আশঙ্কা তৈরি হয়েছে সুষ্ঠু ও সমান প্রতিযোগিতার পরিবেশ ব্যাহত হওয়ার। যদিও নির্বাচনি আচরণবিধি ভঙ্গের দায়ে এখন পর্যন্ত বেশ কয়েকজনকে শোকজ করেছে ইসি। এমন পরিস্থিতির মধ্যেও সারা দেশে খোঁজ নিয়ে ভোটের মাঠের কৌশলী এমন প্রচারণার চিত্র পাওয়া গেছে।

তবে প্রার্থীরা বলছেন, তারা নির্বাচন কমিশনের আচরণবিধি মেনেই নিজ নিজ এলাকায় নানা কর্মসূচি পালন করছেন। বিভিন্ন ইস্যুতে তারা জনগণের কাছে যাচ্ছেন, কুশল বিনিময় করছেন। সরাসরি কেউই ভোট চাচ্ছেন না; কিন্তু তারপরও সব মিলিয়ে রাজনৈতিক দলের মনোনীত ও স্বতন্ত্র প্রার্থীরা নির্বাচনি মাঠ গরম রাখছেন। খোঁজ নিয়ে জানা গেছে, মহানগরীসহ বৃহত্তর ঢাকার ২০টি আসনের প্রার্থীরা ঢাকায় থাকলেও ঢাকার বাইরের মনোনয়ন পাওয়া প্রায় সব দলের প্রার্থীই এখন নির্বাচনের মাঠে রয়েছেন। ঢাকায় অবস্থান করছেন এমন সংখ্যা প্রায় হাতেগোনা।

রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক কাজী মোহাম্মদ মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, নির্বাচন কমিশনের বিধিনিষেধের মধ্যে প্রার্থীরা ভিন্ন কৌশলে ভোট চাচ্ছেন। তবে ভোট মানুষ চাইবেই, তাদের বাধা দেবেন কিভাবে। প্রার্থী নিজে যদি সৎ না হন তাহলে আচরণবিধি রক্ষা করা সম্ভব হয় না। নির্বাচনি আচরণবিধি অনুযায়ী ২১ জানুয়ারি প্রতীক বরাদ্দের পরই শুধু নিয়ম মেনে প্রচারণা চালানো যাবে। সে হিসাবে ২২ জানুয়ারি থেকে আনুষ্ঠানিক প্রচারণায় নামবেন প্রার্থীরা। ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ১৮-এর পৃষ্ঠায় দেখুন

# সন্ধান মিলছে না ১০৬ শহীদ জুলাই যোদ্ধার স্বজনের

২-এর পৃষ্ঠায় পর

শহীদ জুলাই যোদ্ধার লাশের পরিচয় নিশ্চিতে করণীয় জানতে চাইলে গুমসংক্রান্ত কমিশনের সাবেক সদস্য, মানবাধিকার কর্মী নুর খান লিটন শনিবার যুগান্তরকে বলেন, শহীদদের লাশের ছবি বিজ্ঞপ্তি দিয়ে টেলিভিশন ও পত্রিকায় প্রচার করা দরকার। মানুষের কাছে তথ্য আহ্বান করতে হবে। তার বাবা-মা এ ছবি না দেখলেও তাদের অন্য স্বজন বা পরিচিত কেউ ছবি দেখে শনাক্ত করতে পারবেন।

তিনি বলেন, এসব শহীদের মধ্যে অনেকে এতিমও থাকতে পারেন। তাদের বন্ধুবান্ধব নিশ্চয়ই আছেন। তারা ছবি দেখে শনাক্ত করতে পারবেন। সরকারকে এ ধরনের উদ্যোগ যত দ্রুত সম্ভব নিতে হবে।

অনুসন্ধানে জানা গেছে, ছাত্র-জনতার আন্দোলন চলাকালে আইনশৃঙ্খলা বাহিনী ও আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গসংগঠনের ক্যাডারদের হাতে নির্মমভাবে খুন হওয়া এসব অজ্ঞাত শহীদদের লাশের সর্বশেষ গন্তব্য ছিল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গ। ওই সময় তড়িঘড়ি করে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) শাহবাগ থানার তত্ত্বাবধানে আঞ্জুমান মুফিদুলের মাধ্যমে মোট ১১৪টি লাশ বেওয়ারিশ হিসাবে রায়েরবাজার কবরস্থানে দাফন করা হয়। তথ্যপ্রযুক্তির মাধ্যমে এসব লাশের পরিচয় শনাক্তে কোনো উদ্যোগও নেয়নি শাহবাগ থানা পুলিশ। চাইলে পুলিশ লাশের ফিঙ্গার প্রিন্টের মাধ্যমে পরিচয় শনাক্ত করতে পারত। কিন্তু তারা ফ্যাসিস্ট আওয়ামী লীগকে রক্ষা করতে গিয়ে নিজস্ব দায়িত্ব ভুলে যায়। ফলে এসব লাশের কোনো স্বজন আজও পাওয়া যায়নি।

একাধিক শহীদের স্বজন জানিয়েছেন, মৃত্যুর পর পুলিশ লাশের পরিচয় শনাক্তের চেষ্টা না করেই তড়িঘড়ি করে দাফন করেছে। এজন্য সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদের বিচার দাবি করেছেন তারা। কবর শনাক্তে দীর্ঘ সময় অপেক্ষায় রাখায় ক্ষোভ প্রকাশ করেন তারা।

এদিকে শাহবাগ থানায় জুলাই আন্দোলনের সময় দায়িত্বে থাকা অভিযুক্ত পুলিশ সদস্যদের বিষয়ে কোনো ব্যবস্থা নেওয়া হবে কিনা জানতে চাইলে ডিএমপির অতিরিক্ত কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস) এসএন মো. নজরুল ইসলাম বলেন, 'সুনির্দিষ্ট কারও গাফিলতি থাকলে এটা অবশ্যই ব্যবস্থা নেওয়া উচিত। এ বিষয়ে আমরা এখনো কোনো নির্দেশনা পাইনি।'

এদিকে আঞ্জুমান মুফিদুলের পক্ষ থেকে দাবি করা হয়েছে, আন্দোলনের সময় গুলিতে নিহতের বিষয়টি শাহবাগ থানা পুলিশ দাফনের আগে তাদের অবগত করেনি। আঞ্জুমান মুফিদুলের লাশ দাফনের দায়িত্বে থাকা কর্মকর্তা কামরুল ইসলাম যুগান্তরকে বলেন, বৈষম্যবিরোধী আন্দোলনের ১১৪টি লাশ বেওয়ারিশ হিসাবে দাফন করা হয় রায়েরবাজার কবরস্থানে। এসব লাশ পুলিশ আমাদের দিয়েছিল। এদের মধ্যে আটটি লাশ গুলিবিদ্ধ ছিল যা আমরা পরে জানতে পেরেছি।

জানা যায়, আওয়ামী লীগ সরকারের পতনের এক বছর পর অন্তর্বর্তী সরকারের নির্দেশে লাশের পরিচয় শনাক্তের উদ্যোগ নেওয়া হয়। এ লক্ষ্যে ২০২৫ সালের ৪ আগস্ট মোহাম্মদপুর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করে পুলিশ। জিডি নম্বর-৩০০। কবর থেকে লাশ তুলে ডিএনএ (ডিঅক্সিরাইবোনিউক্লিক অ্যাসিড) নমুনা সংগ্রহ করে সিআইডি। পরে লাশের দাবিদারদের ডিএনএ ম্যাচিংয়ের মাধ্যমে গত ৫ জানুয়ারি ৮ শহীদের কবর স্বজনদের বুঝিয়ে দেয় সিআইডি। এসব শহীদের বেশির ভাগই গুলিতে নিহত হন।

সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান বলেন, এখন পর্যন্ত ৯ জন শহীদের পরিবার আবেদন করেছে। ডিএনএ ম্যাচিংয়ের মধ্যমে ৮ জনকে শনাক্ত করা গেছে। একজনের পরিবার প্রয়োজনীয় অ্যাভিডেন্স দিতে পারেনি। অবশিষ্ট ১০৬টি লাশের ডিএনএ স্যাম্পল আমাদের কাছে আছে। ভবিষ্যতে কেউ যদি এসে লাশের দাবি করেন তাহলে ডিএনএ স্যাম্পল নিয়ে কবর শনাক্ত করা হবে।

কবর বুঝিয়ে দিতে এত দীর্ঘ সময় লাগার কারণ জানতে চাইলে সিআইডির এই কর্মকর্তা বলেন, ১১৪টি লাশ উত্তোলন করে ডিএনএ নমুনা নিয়ে ফের দাফন করার পুরো প্রক্রিয়াটি সময়সাপেক্ষ। সরকারের সিদ্ধান্ত, আদালতের অনুমোদন এবং বিদেশি বিশেষজ্ঞদের উপস্থিতিতে স্বচ্ছতা ও দক্ষতার সঙ্গে কাজটি করতে গিয়ে সময় লেগেছে।

এদিকে শনাক্ত হওয়া জুলাই শহীদদের স্বজনদের সঙ্গে কথা বলে সেই কঠিন সময়ের বিবরণ পাওয়া গেছে। কলেজ শিক্ষার্থী ফয়সাল সরকার ২০২৪ সালের ১৯ জুলাই রাজধানীর উত্তরার বাসা থেকে বের হয়ে আর ফেরেননি। তার ছোট ভাই মো. ফরহাদ সরকার যুগান্তরকে বলেন, বৈষম্যবিরোধী আন্দোলনে প্রথম থেকেই সক্রিয় ছিলেন ভাই। ১৯ জুলাই বিকাল ৫টার দিকে আন্দোলনে যোগ দিতে বাসা থেকে বের হয়ে আর আসেননি।

তিনি বলেন, রাজধানীর বিভিন্ন হাসপাতালে খুঁজেও কোনো সন্ধান মেলেনি আমার ভাইয়ের। পরে আমরা জানতে পারি আঞ্জুমান মুফিদুল ইসলামের মাধ্যমে বেওয়ারিশ লাশ দাফন করা হয়। নিখোঁজের প্রায় ১২ দিন পর রাজধানীর কাকরাইলে আঞ্জুমান মুফিদুল ইসলামের কার্যালয়ে গিয়ে ফয়সাল ভাইয়ের ছবি দেখে তাকে হত্যার বিষয়টি নিশ্চিত হই। ছবি শনাক্তের পর আঞ্জুমান মুফিদুল জানায়, রায়েরবাজার কবরস্থানে লাশ দাফন করা হয়েছে।

আরেক শহীদ আসাদুল্লার স্ত্রী ফারজানা আক্তার বলেন, আসাদুল্লার সঙ্গে ১৯ জুলাই বিকালে আমার শেষ কথা হয়। উত্তরার বাসা থেকে বের হওয়ার পর থেকে আর কোনো খোঁজ পাইনি। ফোনটাও বন্ধ হয়ে যায়। হাসপাতাল, থানা ও লাশঘর সবখানেই খুঁজেছি। কোথাও পাইনি। তার লাশ শনাক্ত করা হয় আঞ্জুমান মুফিদুল ইসলামের মাধ্যমে।

মোহাম্মদপুরের বাসিন্দা শহীদ মাহিন মিয়ার স্ত্রী জেসমিন বলেন, ১৮ জুলাই রাতে বাসা থেকে বের হয়ে নিখোঁজ হয় মাহিন। ঢাকা মেডিকেল, মর্গসহ বিভিন্ন মেডিকেলে ও জেলখানায় খুঁজেছি।

যাত্রাবাড়ীর মোহাম্মাদবাগের বাসিন্দা কাপড় ব্যবসায়ী সোহেল রানা জুলাই আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নেন। ১৮ জুলাই বাসা থেকে বের হওয়ার পর আর ফেরেননি। শহীদ সোহেলের ছোটভাই আলভি নাবিল হোসেন যুগান্তরকে বলেন, সোহেল ভাইকে প্রথমে অমানবিক নির্যাতন করা হয়। পরে পেছন থেকে গুলি করা হয়। পরে সম্ভাব্য সব স্থানে খুঁজেছি। কোথাও পাইনি। ৩৪ দিন পর ঢাকা মেডিকেল মর্গের এক কর্মীর কাছে থাকা লাশের ছবি দেখে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হই।

যাত্রাবাড়ীতে আন্দোলনে যুক্ত শহীদ রফিকুলের দুলাভাই রেজাউল করিম বলেন, রফিকুলের মা-বাবা নেই। ছোটবেলা থেকে আমার কাছে বড় হয়েছে। ১৮ জুলাই নিখোঁজের আট মাস পরে আঞ্জুমান মুফিদুলে বেওয়ারিশ লাশের ছবি দেখে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হই।

আরেক জুলাই যোদ্ধা পারভেজ ব্যাপারী ১৯ জুলাই সকালে রাজধানীর বাড্ডার বাসা থেকে বের হয়ে আন্দোলনে যোগ দেন। আওয়ামী সরকারের পতনের ২২ দিন পর ঢামেক মর্গের এক কর্মচারীর মাধ্যমে লাশের ছবি দেখে নিশ্চিত হন পারভেজ আর বেঁচে নেই। পারভেজের বাবা সবুজ ব্যাপারী যুগান্তরকে বলেন, পারভেজের মৃত্যুর বিষয়টি নিশ্চিত হয়ে আঞ্জুমান মুফিদুলে গিয়ে জানতে পারি বেওয়ারিশ হিসাবে লাশ রায়েরবাজার কবরস্থানে দাফন করা হয়েছে।

এদিকে অজ্ঞাত ৮ শহীদের পরিচয় শনাক্তের পর ৫ জানুয়ারি সকালে রাজধানীর রায়েরবাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধসংলগ্ন কবরস্থানে আনুষ্ঠানিকভাবে শহীদদের কবর বুঝিয়ে দেয় সিআইডি। কিন্তু ১০৬ লাশের সুরাহা এখনো হয়নি।


# বিশেষ নির্বাচনের বিজ্ঞপ্তি

**নিউ ইয়র্ক কাউন্টি: নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য—৭৪তম অ্যাসেম্বলি জেলা**

**নিউ ইয়র্ক কাউন্টি: নিউ ইয়র্ক স্টেট সিনেট—৪৭তম জেলা**

**নিউ ইয়র্ক কাউন্টি: নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য—৩৬তম স্টেট অ্যাসেম্বলি জেলা**

## মঙ্গলবার, ফেব্রুয়ারি মাসের ৩ তারিখ, ২০২৬

**অগ্রিম ভোট: শনিবার, ২৪ জানুয়ারী, ২০২৬ থেকে রবিবার, ১ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত।**

নিউ ইয়র্ক শহরের নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১২০ এবং ৪-১২২ এর বিধান অনুসারে, এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিউ ইয়র্ক কাউন্টি, এবং কুইন্স কাউন্টিতে বিশেষ নির্বাচন মঙ্গলবার, ফেব্রুয়ারি মাসের ৩ তারিখ সকাল ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, প্রার্থীদের তালিকা দেখতে,
ভোট-কেন্দ্র খুঁজতে, অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

**VOTE.NYC**

অথবা, কল করুন টোল - ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই: **(212) 487-5496**
নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে **POLLWORKER.VOTE.NYC** দেখুন

**অগ্রিম ভোট**

**শনিবার, ২৪ জানুয়ারী, ২০২৬ থেকে রবিবার, ১ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত।**

**দ্যা বোর্ড অব ইলেকশনস**
**ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক**
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

**কমিশনারস অব ইলেকশনস**
Frederic M. Umane—প্রেসিডেন্ট
Jodi Morales—সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Gino A. Marmorato
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan



## চবি এলামনাই এসোসিয়েশনের সভাপতি শারমিন নিহারের পিতৃ বিয়োগ

**নিউইয়র্ক:** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন উত্তর আমেরিকা ইনক এর সভাপতি সাবিনা শারমিন নিহারের পিতা অধ্যাপক মোহাম্মদ নুরুল আলম তালুকদার ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন। তিনি বার্ধক্যজনিত রোগে চিকিৎসাধীন অবস্থায় গত ৯ জানুয়ারী শুক্রবার সন্ধ্যা পৌনে আটটায় নিউইয়র্ক সিটির স্টাটেন আইল্যান্ড হসপিটালে ইন্তেকাল করেন। তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে, ৪ মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে যান। গত ১০ জানুয়ারী শনিবার নিউইয়র্ক সিটির ব্রুকলীনের নিউকার্কের বেলাল মসজিদে জোহরের নামাজের পর মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। ঐদিন নিউজার্সির মার্লবোরো মুসলিম মেমোরিয়াল কবরস্থানে তাঁর মরদেহ দাফন করা হয়।

মরহুম অধ্যাপক মোহাম্মদ নুরুল আলম তালুকদার চট্টগ্রামের ঐতিহ্যবাহী কানুনগোপাড়া স্যার আশুতোষ সরকারি কলেজের অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান ছিলেন। চট্টগ্রামের বোয়ালখালী উপজেলার কড়লডাঙ্গা গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। ছাত্রজীবনে তিনি অত্যন্ত মেধাবী ছিলেন। ১৯৫৪ সালে তৎকালীন সমগ্র ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মেধা তালিকায় চব্বিশতম স্থান অধিকার করেন। তিনি চট্টগ্রাম কলেজ থেকে বি এ, এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে এম এ সম্পন্ন করেন।

শোক প্রকাশ: অধ্যাপক মোহাম্মদ নুরুল আলম তালুকদার মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন উত্তর আমেরিকা ইনক এর পক্ষ থেকে সংগঠনের সিনিয়র সহ সভাপতি অধ্যাপক গোলাম মোহাম্মদ মুহিত ও সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল গভীর শোক প্রকাশ করে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। -প্রেস বিজ্ঞপ্তি।

# খালেদা জিয়া সব মানুষের নেতা ছিলেন



৩-এর পৃষ্ঠায় পর

বিচার হয়েছিল। তিনি আইনজীবীর কথা শুনে বিস্ময়ের সঙ্গে বলেছিলেন, 'কি আমি এতিমের টাকা মেরে খেয়েছি!' এই বাক্যটাকে বিচারক লিখেছিলেন, বেগম জিয়া নিজেই স্বীকার করেছেন তিনি কাজটা করেছেন। এত জঘন্য বিচার হয়েছে। এটার বিরুদ্ধে বিবৃতির জন্য দ্বারে দ্বারে ঘুরেছি। মানে ফোন করেছি। চারজনের বেশি রাজি হন নাই।'

খালেদা জিয়ার চিকিৎসাজনিত অবহেলার তদন্ত হওয়া প্রয়োজন বলে মন্তব্য করেছেন তাঁর চিকিৎসায় গঠিত চিকিৎসক দলের সদস্য ডা. এফ এম সিদ্দিকী। তিনি বলেন, খালেদা জিয়ার চিকিৎসায় ইচ্ছাকৃত অবহেলা ছিল। এটি অমার্জনীয় অপরাধ এবং এটি তাঁকে হত্যা করার সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ কিনা, তা খতিয়ে দেখা প্রয়োজন।

খালেদা জিয়ার কারাজীবনের চিকিৎসায় বিভিন্ন অনিয়ম তুলে ধরে এ চিকিৎসক বলেন, 'সুষ্ঠু তদন্তের স্বার্থে তাঁর চিকিৎসা-সংক্রান্ত বিএমইউর সব ডকুমেন্ট আইনগতভাবে জব্দ করা এবং প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা দেওয়া প্রয়োজন। এ ব্যাপারে সরকারের পক্ষ থেকে তাঁর পরিবারের সঙ্গে যোগাযোগ করে অবিলম্বে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নেওয়া হবে বলে আশা করেন তিনি।

সভায় ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম বলেন, আমার সৌভাগ্য যে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গে আমার বেশ কয়েকবার দেখা হয়েছে। একজন স্বাধীন সাংবাদিক হিসেবে আমার মন জয় করে নিয়েছিলেন তিনি।

মাহফুজ আনাম বলেন, জেল, গৃহবন্দি এত কিছুর পরও খালেদা জিয়া যখন মুক্ত হয়ে ভাষণ দিলেন, সেখানেও তিনি প্রতিশোধের কথা বলেননি। খালেদা জিয়ার যে শেষ বাণী জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তোলার আহ্বান, আমরা যেন সবাই এটাকে ধারণ করি।

নিউ এজ সম্পাদক নূরুল কবীর বলেন, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া তিনি শুধু জাতীয়তাবাদী দলের নেতা ছিলেন না, সত্যিকার অর্থেই মানুষের এবং দেশের নেতা হয়ে উঠেছিলেন। দলমত নির্বিশেষে জানাজায় লাখ লাখ মানুষের অংশগ্রহণ করার মধ্য দিয়ে তা প্রমাণিত হয়েছে।

আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান বলেছেন, খালেদা জিয়ার রাজনৈতিক উত্তরাধিকার ও সংগ্রামের পতাকা আজ তারেক রহমানের হাতে ন্যস্ত হয়েছে। এটি যেমন গর্বের, তেমনি এক গভীর দায়িত্ব ও চ্যালেঞ্জেরও বিষয়। দেশের মানুষ সবসময় তারেক রহমানকে তাঁর পিতা ও মাতার সঙ্গে তুলনা করবে। এই তুলনা অত্যন্ত কঠিন- যে কোনো মানুষের জন্যই।

অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, খালেদা জিয়ার প্রধানতম তিনটি বড় গুণ ছিল। তিনি শুনতেন, তিনি প্রশ্ন করতে জানতেন এবং তিনি সিদ্ধান্ত নিতেন দেশের স্বার্থ ও বৈশ্বিক গুরুত্ব বিবেচনায়। আমি বিশ্বাস করি, তাঁকে জাতি মনে রাখবে। জাতির এই সন্ধিক্ষণে তাঁর উপস্থিতি, পরামর্শ, দিকনির্দেশনা সম্ভবত সবচেয়ে বেশি প্রয়োজন ছিল।

আন্তর্জাতিক চেম্বার অব কমার্স বাংলাদেশের (আইসিসিবি) সভাপতি মাহবুবুর রহমান বলেন, খালেদা জিয়ার সরকারের সময় অবকাঠামো উন্নয়ন, আইনের শাসন, বিনিয়োগের নিরাপত্তা ও ভবিষ্যৎ নিশ্চয়তার নীতি দেশের অর্থনীতিকে আরও শক্ত ভিত্তির ওপর দাঁড় করাতে সাহায্য করেছে। একই সময়ে সামাজিক উন্নয়নের ক্ষেত্রেও তাঁর কিছু উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ ছিল।

আইসিসিবির নির্বাহী সদস্য ও ট্রান্সকম গ্রুপের সিইও সিমিন রহমান বলেন, নব্বইয়ের দশকে খালেদা জিয়ার বাজারমুখী নীতির বেসরকারি খাত, বাণিজ্য ও বিনিয়োগে গতি আসে। তাঁর সময়ে আর্থিক প্রতিষ্ঠানগুলো শক্তিশালী হয়েছে।

শোকসভা ঘিরে নিরাপত্তায় ছিলেন সেনাবাহিনী, পুলিশ, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), কোস্টগার্ড, আনসারসহ বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। অনুষ্ঠানের শৃঙ্খলার দায়িত্বে ছিলেন বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

আশরাফ কায়সার ও কাজী জেসিনের সঞ্চালনায় সভায় গবেষক ও অর্থনীতিবিদ ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এস এম ফায়েজ, কূটনীতিক আনোয়ার হাশিম, ডিপিআইর প্রেসিডেন্ট আব্দুস সাত্তার দুলাল, লেখক ও গবেষক মহিউদ্দিন আহমেদ, যায়যায়দিনের সম্পাদক শফিক রেহমান, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক বিশেষ সহকারী রাজা দেবাশীষ রায়, লেখক ও অ্যাক্টিভিস্ট ফাহাম আব্দুস সালাম, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সভাপতি বাসুদেব ধর বক্তব্য রাখেন। তবে কোনো রাজনৈতিক দলের নেতা মঞ্চে বক্তব্য দেননি।

সভায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, নজরুল ইসলাম খান, ড. আব্দুল মঈন খান, সালাহউদ্দিন আহমেদ, সেলিমা রহমান, ডা. এজেডএম জাহিদ হোসেন, নিরাপত্তা উপদেষ্টা মেজর জেনারেল (অব.) ফজলে এলাহী আকবর, চেয়ারম্যানের উপদেষ্টা ড. মাহদী আমিনসহ দলের জ্যেষ্ঠ নেতারা উপস্থিত ছিলেন।

সভায় দেশের শীর্ষ রাজনীতিক, বিদেশি কূটনীতিক, সম্পাদক, সাংবাদিক, উন্নয়নকর্মী, শিক্ষাবিদ, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ যোগ দেন।

## এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

মিডিয়া বৈঠকটিকে 'আন্তর্জাতিক বৈঠক' বলে অভিহিত করে। এদিকে ট্রাম্প-মামদানীর বৈঠক-কে বাংলাদেশী কমিউনিটিতেও ব্যাপক আলোচিত হয়েছে। কেউ কেউ বৈঠকটি-কে 'পিতা-পুত্র' আবার 'নানা-নাতি'র বৈঠক হিসেবে অভিহিত করেছেন। জ্যামাইকা, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস প্রভৃতি এলাকায় বাংলাদেশীদের সাথে আলাপকালে এমন প্রতিক্রিয়া পাওয়া যায়। উল্লেখ্য, জোহরান মামদানী আগামী ১ জানুয়ারী নিউইয়র্ক সিটির মেয়রের দায়িত্ব নিচ্ছেন। ২৩ নভেম্বর ২০২৫

# বাংলাদেশের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমেনি যুক্তরাষ্ট্রের

৭-এর পৃষ্ঠায় পর

দিক থেকে বাণিজ্য ঘাটতির পরিমাণ দাঁড়ায় ৬১৭ কোটি ৪০ লাখ ডলার। যেখানে ২০২৪ সালের পুরো বছর শেষে এ বাণিজ্য ঘাটতি ৬০৬ কোটি ৩৫ লাখ ডলারে সীমাবদ্ধ ছিল। এর আগে ২০২৩ সালে যুক্তরাষ্ট্রের দিক থেকে বাণিজ্য ঘাটতি ছিল ৬০২ কোটি ৩৩ লাখ ডলার।

সংশ্লিষ্টরা বলছেন, যুক্তরাষ্ট্রের কাছ থেকে কেবল পণ্য আমদানি বাড়ালেই হবে না, সেসব পণ্যের হিসাব যাতে বাংলাদেশের সঙ্গে বাণিজ্য হিসেবে স্বীকৃত হয়, সেটিও নিশ্চিত করতে হবে। কারণ এসব কেনাকাটায় অনেক ক্ষেত্রে মধ্যস্থতাকারী হিসেবে তৃতীয় কোনো দেশের কোম্পানি থাকছে। যেমন যুক্তরাষ্ট্র থেকে গম কেনার ক্ষেত্রে চুক্তি হয়েছে সিঙ্গাপুরের কোম্পানির সঙ্গে। তৃতীয় কোনো দেশের কোম্পানির মাধ্যমে আমদানীকৃত পণ্য যাতে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য হিসেবে পরিসংখ্যানে স্থান পায়, সেটি নিশ্চিত করা সরকারের দায়িত্ব।

অবশ্য বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেছেন, 'যুক্তরাষ্ট্রের যে পরিসংখ্যান দেখানো হচ্ছে সেটা পঞ্জিকাবর্ষের (ক্যালেন্ডার ইয়ার)। আর আমরা যেভাবে ম্যাপিং করি সেটা অর্থবছর (ফাইন্যান্সিয়াল ইয়ার)। আমাদের বিশ্লেষণে দেখছি, আমরা বাণিজ্য আলোচনায় সম্পৃক্ত হওয়ার পর থেকে যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের বাণিজ্য ঘাটতি কমছে। ঘাটতি কমিয়ে আমরা বাণিজ্যের পরিমাণ বাড়াতে চাচ্ছি। আশা করছি, প্রতিযোগী দেশের তুলনায় আমরা যদি প্রেফারেন্সিয়াল মার্কেট অ্যাকসেস পাই, তাহলে আমাদের বাণিজ্যের পরিমাণ বাড়বে। এর মাধ্যমে উভয় দেশের বাণিজ্যের যে ঘাটতি সেটি কমবে। আর আমরা উভয় দেশই এটি থেকে লাভবান হতে পারব।'

দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর বিশ্বের বেশির ভাগ দেশের পণ্য আমদানিতে উচ্চ পাল্টা শুল্ক আরোপ করেন ডোনাল্ড ট্রাম্প। 'আমেরিকা ফার্স্ট' নীতির আওতায় যুক্তরাষ্ট্র যেসব দেশ থেকে পণ্য আমদানি করে, সেসব দেশের ওপর ২০২৫ সালের ২ এপ্রিল পাল্টা শুল্ক বা রেসিপ্রোকাল ট্যারিফ আরোপ করা হয়। বিশ্বের ৫৭টি দেশের ওপর বসানো হয় বিভিন্ন হারে বাড়তি পাল্টা শুল্ক। শুরুতে বাংলাদেশের পণ্যের ওপর বাড়তি শুল্ক ছিল ৩৭ শতাংশ। এরপর বিভিন্ন পর্যায়ে দরকষাকষি শেষে বাংলাদেশের ওপর আরোপিত শুল্ক ২০ শতাংশে নামিয়ে আনা সম্ভব হয়। তবে শুল্ক হ্রাসের ক্ষেত্রে বাংলাদেশের তরফে যুক্তরাষ্ট্র থেকে খাদ্যপণ্যসহ বিভিন্ন পণ্য আমদানি বাড়িয়ে বাণিজ্য ঘাটতি কমানোর বিষয়টি সামনে আসে।

যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশ যে পরিমাণ পণ্য আমদানি করে তার চেয়ে অনেক বেশি সে দেশে রফতানি হয়। সে হিসেবে বাংলাদেশের দিক থেকে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য উদ্বৃত্ত আর যুক্তরাষ্ট্রের দিক থেকে বাণিজ্য ঘাটতি হিসেবে দেখা হয়। এ ঘাটতি কমিয়ে আনার শর্ত পূরণের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র থেকে বছরওয়ারি প্রতিযোগিতামূলক দামে সাত লাখ টন গম আমদানির প্রতিশ্রুতি দেয় অন্তর্বর্তী সরকার। এ প্রক্রিয়ায় পাঁচ বছরে ৩৫ লাখ টন গম আমদানির কথাও জানানো হয়। প্রতিশ্রুতি অনুযায়ী গত বছর প্রায় দুই লাখ টন গম আমদানি সম্পন্ন হয়েছে। একই সময়ে যুক্তরাষ্ট্র থেকে আমদানি হয়েছে তুলা, ভুট্টা, সয়াবিনসহ বিভিন্ন পণ্য।

তবে এসব পণ্য আমদানির পরও যুক্তরাষ্ট্র থেকে আমদানি প্রত্যাশিত মাত্রায় বাড়েনি বলে যুক্তরাষ্ট্রের সেনসাস ব্যুরোর তথ্যে উঠে এসেছে। সংস্থাটির তথ্য অনুযায়ী, ২০২৫ সালের অক্টোবর পর্যন্ত ১০ মাসে যুক্তরাষ্ট্র ১৯৫ কোটি ৮৪ লাখ ডলারের পণ্য বাংলাদেশে রফতানি করেছে। একই সময়ে বাংলাদেশ থেকে আমদানি করেছে ৮১৩ কোটি ২৪ লাখ ডলারের পণ্য। সে হিসাবে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতির পরিমাণ দাঁড়ায় ৬১৭ কোটি ৪০ লাখ ডলার। এর আগের বছর তথা ২০২৪ সালে বাংলাদেশ ২২৯ কোটি ৫২ লাখ ডলারের পণ্য রফতানি করেছিল। আর ওই বছর বাংলাদেশ থেকে ৮৩৫ কোটি ৮৭ লাখ ডলারের পণ্য আমদানি করেছিল যুক্তরাষ্ট্র। সে হিসাবে ২০২৫ সালে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রের আমদানি যে হারে বেড়েছে, একই হারে রফতানি বাড়েনি। এ কারণেই বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি না কমে উল্টো আরো বেড়েছে।

এ প্রেক্ষাপটে বাংলাদেশের ওপর আরোপিত শুল্ক আবারো বেড়ে যাওয়ার কোনো আশঙ্কা রয়েছে কিনা জানতে চাইলে বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, 'বাণিজ্য ঘিযিবাড়বে বলে মনে হয় না। কারণ বর্তমানে যুক্তরাষ্ট্রে রফতানি কমছে। বিপরীতে আমাদের আমদানি বাড়বে। আমদানির জন্য দেশটির সঙ্গে যে চুক্তিগুলো হয়েছে, সেগুলো এখনো বাস্তবায়নে যায়নি। সরকার ছাড়াও বেসরকারি কিছু প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্র থেকে আমদানির জন্য চুক্তি করেছে। চুক্তিভুক্ত পণ্যগুলো এখনো বাংলাদেশে পৌঁছেনি। এছাড়া পোশাক রফতানিকারকরা যুক্তরাষ্ট্র থেকে তুলা আমদানি বাড়ানোর জন্য উদ্যোগ নিয়েছে। সরকারি-বেসরকারি পর্যায় থেকে নেয়া উদ্যোগগুলো বাস্তবায়ন হলে এ বাণিজ্য ঘাটতি কমে আসবে। তবে এটি দৃশ্যমান হতে আরো পাঁচ-ছয় মাস সময় লাগতে পারে।'

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) তথ্য অনুযায়ী, বাংলাদেশের মোট আমদানি ব্যয়ের বড় একটি অংশই এলএনজি বা তরলীকৃত প্রাকৃতিক গ্যাস, এলপিজি, পুরনো লোহার টুকরো (রড তৈরির প্রধান কাঁচামাল), ক্লিংকার (সিমেন্ট শিল্পের কাঁচামাল), অপরিশোধিত সয়াবিন তেল, সার, অপরিশোধিত চিনি, তুলা (বস্ত্র খাতের কাঁচামাল), গম, পাম তেল, ফার্নেস অয়েল ও ডিজেলের দখলে। এসব পণ্য আমদানির সবচেয়ে বড় বাজার হলো চীন।

চীন থেকে বাংলাদেশ শিল্প-কারখানার যন্ত্র, কেমিক্যাল, বস্ত্র খাতের কাঁচামাল, ইলেকট্রনিক পণ্য ও আসবাবপত্র আমদানি করে। আবার পোশাক তৈরির বেশির ভাগ কাঁচামালও আসে এশিয়ার বৃহত্তম অর্থনীতির দেশটি থেকে। যদিও আমদানির বিপরীতে চীনে নামমাত্র পণ্য রফতানি করে বাংলাদেশ। ফলে দেশটির সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সর্বোচ্চ। বর্তমানে দেশের মোট পণ্য রফতানির মাত্র ১ শতাংশের কিছুটা বেশি যায় চীনে। প্রতিবেশী দেশ ভারত থেকে গত বছর খাদ্যশস্য, মসলা, তুলা, মোটরযান, চিনিজাতীয় পণ্য ও জ্বালানি আমদানি হয়েছে বেশি। ইন্দোনেশিয়া থেকে সবচেয়ে বেশি এসেছে পাম অয়েল। দেশটি থেকে বিভিন্ন ধরনের মসলা ও টায়ারও আমদানি করা হয়েছে।

# নিউইয়র্ক সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাবের অভিষেক

**নিউইয়র্ক:** আন্তর্জাতিক সেবামূলক সংস্থা লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের নিউইয়র্ক ডিস্ট্রিক্ট ২০-আর ২-এর অন্তর্ভুক্ত প্রথম নিউইয়র্ক সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাবের অভিষেক ও চার্টার নাইট ২০২৬ অনুষ্ঠিত হয়।

আহ্বায়ক আহসান হাবীব, মেম্বার সেক্রেটারি লায়ন অনিক রাজ ও সোনিয়া সিরাজের সঞ্চালনায় গত ১০ জানুয়ারি সন্ধ্যায় অভিজাত নিউইয়র্ক লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের গ্র্যান্ড বলরুমে অত্যন্ত জাঁকজমকপূর্ণ এ আয়োজনে নিউইয়র্ক ডিস্ট্রিক্ট ২০-আর ২ এবং ডিস্ট্রিক্ট কে-২ ও বিভিন্ন ক্লাবের লায়ন্স নেতৃবৃন্দের উপস্থিতিতে পর্দা উঠে এই ক্লাবের।

বাংলাদেশ সোসাইটি ইনক, নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাব, বাংলাদেশ মার্চেন্ট অ্যাসোসিয়েশন, জ্যাকসন হাইটস বিজনেস অ্যাসোসিয়েশন, ইউএস বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিসহ কমিউনিটির ব্যবসায়ী, সাংবাদিক নেতৃবৃন্দ এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। লায়ন্স ক্লাবের ইতিহাসে সর্বপ্রথম এ সাইবার ও ভার্চুয়াল বিজনেস ক্লাবটির স্বপ্নদ্রষ্টা ছিলেন লায়ন্স ডিস্ট্রিক্ট ২০-আর ২-এর সেকেন্ড ভাইস গভর্নর লায়ন শাহ নেওয়াজ, এমজেএফ। ইতিমধ্যে যিনি নিজেই তার অসামান্য ব্যবসায়িক সাফল্যের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক সিআইপি পদকে ভূষিত হয়েছেন। উপস্থিত ছিলেন কো ফাউন্ডার নিউইয়র্ক সাইবার বিজনেস লায়ন্স ক্লাব ও ভাইস প্রেসিডেন্ট গোল্ডেন এইজ হোম কেয়ার লায়ন আমেনা নেওয়াজ। শাহ নেওয়াজ তার স্বপ্ন বাস্তবায়নের দায়িত্ব তুলে দিলেন তারই পুত্র লায়ন সাদমান নেওয়াজের ওপর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৮-এর এসেম্বলিওম্যান জেনিফার রাজকুমার, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩০-এর এসেম্বলিম্যান স্টিভেন রাগা, নিউইয়র্ক স্টেট ডিস্ট্রিক্ট ১৬-এর স্টেট সিনেটর জন সি লু। সাইবার বিজনেস ক্লাবটির নেতৃত্বে আছেন উদীয়মান তরুণ ব্যবসায়ী ও শাহ নেওয়াজ গ্রুপের পরিচালনা পরিষদের সদস্য শাহ নেওয়াজ পুত্র লায়ন সাদমান নেওয়াজ, সেক্রেটারি হিসেবে আছেন ফোবানা স্টিয়ারিং কমিটি ও বাংলাদেশ সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ লায়ন নিশান রহিম।

স্মরণীয় এই অনুষ্ঠানে গেস্ট অব অনার ছিলেন লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের ফাস্ট ইন্টারন্যাশনাল প্রেসিডেন্ট লায়ন ডগলাস আলেক্সান্ডার। যিনি অভিষেক অনুষ্ঠানের অভিষিক্ত সদস্যদের শপথ বাক্য পাঠ করান ওচার্টার সার্টিফিকেট প্রদান করেন। তিনি তার বক্তব্যে নতুন সদস্যদের স্বাগত জানান এবং লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল, মাল্টিপল ডিস্ট্রিক্ট ২০, ডিস্ট্রিক্ট ২০ জ-০২ এবং সাইবারক্লা'র কনস্টিটিউশন ও বাই লস-এর প্রতি অনুগত থেকে নিজেকে সেবা মূলক কাজে ব্রত থাকার পরামর্শ দেন।

অনুষ্ঠানে লায়ন্স ক্লাবের ডিস্ট্রিক্ট আর-২ ডিগনিটারিজের মধ্যে উল্লেখযোগ্য উপস্থিতির মধ্যে ছিলেন ফার্স্ট ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন নানা স্মিথ, কেবিনেট ট্রেজারার লায়ন কাজী হোসেন, ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেটর লায়ন গাব্রিয়েলা রেমিগো, ডিস্ট্রিক্ট জিএলটি কো-অর্ডিনেটর ও ফিন্যান্স চেয়ার লায়নমারি মরিমতো, পাস্ট ডিস্ট্রিক্ট গভর্নরস দেড় মধ্যে গিলের্মো পেরেজ, লোরেটা উ. মারিয়া সিয়েরা, মেধাদী সি, আমাদো সি. গুস্তাভো সানচেজ, ওসি নারী তাকিটা জোন ৫ চেয়ার, মুহাম্মদ সায়ীদ রিজিওন-৪ চেয়ার, ফেমড রকি, জোন ৬ চেয়ার, জোয়ান অস্কার ব্রিজুয়েলা জোন ২ চেয়ার, লায়ন লুইসক্যাম্পবেল সেক্রেটারি এন সুলিভান হোয়াইট প্লেইন্স লায়ন্স ক্লাব, আনা মারসিদেজ রদ্রিগুয়েজ, প্রেসিডেন্ট হাইব্রিজলায়ন্স ক্লাব, বেরোন আভেনেজ প্রেসিডেন্ট নিউ ইয়র্কফিল-এম লায়ন্স ক্লাব, ডগলাস ক্যালডেরন প্রেসিডেন্ট নিউইয়র্ক ওয়াশিংটন হোয়াইটস ইনউড লায়ন্স ক্লাব, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) সিভ বউমগার্টেন ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ও প্রেসিডেন্ট ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট লায়ন্স ক্লাব, লায়ন মারিয়া সানচেজ ডিস্ট্রিক্ট লিও লায়ন চেয়ার, লায়ন নরমা সানচেজ, লায়ন লিনা কোহেন সেক্রেটারি, লায়ন কারমেন ডিয়াজ ট্রেজারার নিউইয়র্ক ইম্পাক্টও লায়ন্স ক্লাব, লায়ন আলেক্সান্দ্রা ফ্রাঙ্কো পাস্ট প্রেসিডেন্ট নিউইয়র্ক ইম্পাক্টও লায়ন্স ক্লাব, লায়ন জিমি এস চু সেক্রেটারি ইয়ংকের্সলায়ন্স ক্লাব, লায়ন মইরা কুকড্রো প্রেসিডেন্ট ফেলিসিদাদেলেগাসি ব্রাঞ্চ লায়ন্স ক্লাব, ডিস্ট্রিক্ট হাঙ্গার চেয়ার, ডিস্ট্রিক্ট কে-২-এর পাস্ট ডিস্ট্রিক্ট গভর্নর অজি টোরেস ওলায়ন মেলিসা টোরেজ। জেবিবিএর সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান। নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের সাধারণ সম্পাদক লায়ন মশিউর রহমান ও কোষাধ্যক্ষ লায়ন মাসুদ রানা তপন, ভাইস প্রেসিডেন্ট লায়ন রুহুল আমিন, ডিরেক্টর লায়ন হাসান জিলানী।

বাংলাদেশ সোসাইটি ইনকের সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র সভাপতি মহিউদ্দিন দেওয়ান, কার্যকরি সদস্য জাহাঙ্গীর সোহরাওর্দী এবং ট্রাস্টি বোর্ডের সদস্য মো. ফখরুল ইসলাম দেলোয়ার, বাংলাদেশ মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মো. লুৎফুল করিম, সাধারণ সম্পাদক মো. আনোয়ার হোসেন, মোহাম্মদ ফরহাদ ইউএস বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ব্রঙ্কস কমিউনিটি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদার, শাহ জে গ্রুপের চেয়ারম্যান শাহ জে চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট ফৌজিয়া জে চৌধুরী, জালালাবাদ অ্যাসোসিয়েশনের ট্রেজারার মো. মঈনুজ্জামান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে রাখেন ফাউন্ডার নিউইয়র্ক সাইবার বিজনেস লায়ন্স ক্লাব ও ডিস্ট্রিক্ট ২০-আর ২-এর সেকেন্ড ভাইস গভর্নর লায়ন শাহ নেওয়াজ। যিনি তার বক্তব্যে উপস্থিত সবাইকে ধন্যবাদ ও সাইবার বিজনেস লায়ন্স ক্লাবের তাৎপর্য তুলে ধরেন। সেই এই সংগঠনের আদর্শ এবং উদ্দেশ্য তুলে ধরেন। তিনি বলেন, আমরা সবাই ঐক্যবদ্ধভাবে থাকতে চাই এবং আমাদের কমিউনিটিকে এড়িয়ে নিতে চাই।

অনুষ্ঠানটির আহ্বায়ক ছিলেন ডিস্ট্রিক্ট ২০-আর ২-এর কেবিনেট সেক্রেটারি লায়ন আহসান হাবিব, মেম্বার সেক্রেটারি লায়ন অনিক রাজ, কো-কনভেনার ও মার্কেটিং ডিরেক্টর লায়ন বদরুদ্দোজা সাগর, চিফ কো-অর্ডিনেটর ওরিয়েল এস্টেট ইনভেস্টর ও সিই ও আম্পায়ার কেয়ার এজেন্সি লায়ন নুরুল আজিম। আহসান হাবিব বলেন, এই সংগঠনের স্বপ্নদ্রষ্টা ছিলেন আমাদের সবার প্রিয় শাহ নেওয়াজ। তার স্বপ্ন বাস্তবায়নে আমরা সবাই এগিয়ে এসেছি। আমরা সবাই ঐক্যবদ্ধ থেকে এই সংগঠনকে এগিয়ে নিয়ে যাবো। মেম্বার সেক্রেটারি লায়ন অনিক রাজ সবাই ধন্যবাদ জানান খারাপ আবহাওয়ার মধ্যে অনুষ্ঠানকে সফল এবং সার্থক করার জন্য। তিনি বলেন, এ সংগঠনের স্বপ্নদ্রষ্টা হচ্ছে আমাদের প্রিয় শাহ নেওয়াজ। আজকে তা বাস্তব হতে যাচ্ছে। আমরা ঐক্যবদ্ধ থাকলে অনেক কিছুই করতে পারবো। তিনি সংগঠনের উদ্দেশ্য তুলে ধরেন।

নবনির্বাচিত প্রেসিডেন্ট সাদমান নেওয়াজ সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, সবাই সঙ্গে নিয়ে আমি এ সংগঠনকে প্রবাসের আদর্শ সংগঠনে পরিণত করবো। এই সংগঠনকে এগিয়ে নিতে আমি আপনাদের সহযোগিতা চাই। আমরা ঐক্যবদ্ধ থাকলে আমাদের পক্ষে আসাধ্যকেও সাধন করা সম্ভব। অনুষ্ঠানে সম্মাননা, প্রক্লামেশন ও সিআইপি পদকের জন্য কেক কেটে আনন্দ উদযাপন করা হয়।

এই সংগঠনের কার্যকরি কমিটির সদস্যরা হলেন-প্রেসিডেন্ট লায়ন সাদমান নেওয়াজ, সেক্রেটারি লায়ন রহিম নিশান, কোষাধ্যক্ষ লায়ন সৈয়দ এফ রাব্বি, মেম্বার চেয়ার লায়ন সাদিয়া নেওয়াজ, লিয়ন টেমার অনিকা আর তাশনিম, টিল টুইস্টার লায়ন সৈয়দ আহমেদ, চাটার মেম্বার লায়ন শামসুন নাহার নিম্মি, লায়ন অ্যামারবিন আহমেদ, লায়ন মেরাজুল এম হক, লায়ন রোজিনা আক্তার, লায়ন তোফায়েল আহমেদ, লায়ন মোহাম্মদ এম রহমান, লায়ন আনজাম সিদ্দিকী, লায়ন মোহাম্মদ সফি, লায়ন নিপা সিদ্দিকী, লায়ন কাজী আশিকুর হোসেন। ডিরেক্টর লায়ন অনিক রাজ, লায়ন জে আলম নমি, লায়ন বদরুদ্দৌজা সাগর, লায়ন ফখরুল ইসলাম দেলোয়ার, লায়ন শাহাবুদ্দিন সাগর, লায়ন মোহাম্মদ জাহিদ আলম, লায়ন আতিকুর সজন, লায়ন আহসান হাবিব ও লায়ন ওয়াকিল পাটোয়ারি।

উপদেষ্টা-লায়ন আহসান হাবিব, লায়ন আতাউর রহমান সেলিম, লায়ন নূরুল আজিজ, লায়ন মোহাম্মদ আলী, লায়ন হারুণ ভূঁইয়া, লায়ন কামরুজ্জামান কামরুল ও লায়ন মহিউদ্দিন দেওয়ান।সংগীত পরিবেশনায় ছিলেন নর্থ আমেরিকার তিন জনপ্রিয় শিল্পী রানো নেওয়াজ, অঙ্কন লাসমিন ও অনিক রাজ।নৈশভোজের মাধ্যমে জমকালো অভিষেক অনুষ্ঠানের সমাপ্তি হয়।









# সব জীবের রিযিকের চাবি আল্লাহর হাতে

জাফর আহমাদ

"ভূপৃষ্ঠে বিচরণকারী এমন কোন প্রাণী নেই যার রিযিকের দায়িত্ব আল্লাহর ওপর বর্তায় না এবং যার সম্পর্কে তিনি জানেন না, কোথায় সে থাকে এবং কোথায় তাকে সোপর্দ করা হয়। সবকিছুই একটি পরিষ্কার কিতাবে লেখা আছে।"(সুরা হুদ:৬) সুতরাং রিযিক নিয়ে টেনশন করার কোন প্রয়োজন নাই। আপনি কাজ করে যান আর রিযিকের ভারটুকু আল্লাহর ওপর ছেড়ে দিন। আপনাকে বাদ দিয়ে জমিনে বিচরণকারী প্রতিটি প্রাণী, গভীর পানির নীচে ছোট্ট পাথরের সাথে লেগে থাকা একটা ছোট্ট কীট,যা খালি চোখে দেখা যায় না, অন্তরীক্ষে উড়ে চলা প্রাণীগুলো এদের খাদ্যের ব্যবস্থা মহান আল্লাহ তা'আলা করে থাকেন। সকালে খালি পেটে বিহঙ্গগুলো দীগন্তে উড়ে যায়, সন্ধায় ভরাপেটে ফিরে আসে আপন নীড়ে। কেউ খালি পেটে ফিরে না। মহান আল্লাহ আলীম ও রাকিব। তিনি এমন সুক্ষজ্ঞানী যে প্রত্যেকটি পাখির বাসা ও প্রত্যেকটি পোকা-মাকড়ের গর্ত তাঁর জানা এবং তাদের প্রত্যেকের কাছে তিনি তাদের জীবনোপকরণ পাঠিয়ে দিচ্ছেন, আর তা ছাড়া প্রত্যেকটি প্রাণী কোথায় থাকে এবং কোথায় মৃত্যুবরণ করে প্রতি মুহূর্তে তিনি এ খবর রাখেন। সুতরাং মানুষকে তার রিযিক নিয়ে পেরেশান এবং হালাল-হারামকে মাড়িয়ে যেনতেনভাবে রিযিক উপার্জন করার প্রয়োজন পড়ে না।

মনে রাখতে হবে, ইবাদাত বা আমলে সালেহ বা সৎকাজসমুহ কবুল হওয়ার পূর্বশর্ত হলো, হালাল রিযিক ভক্ষণ করা। আল্লাহ তা'আলা বলেন,"হে রসূল! পাক-পবিত্র জিনিস খাও এবং সৎকাজ করো। তোমরা যা কিছু করো না কেন আমি তা ভালভাবেই জানি।"(মু'মিনূন : ৫১) সৎকাজ করার আগে পবিত্র ও হালাল জিনিস খাওয়ার নির্দেশের মধ্যে একদিকে পরিষ্কার ইংগিত রয়েছে যে, হারাম খেয়ে সৎকাজ করার কোন মানে হয় না। সৎকাজের জন্য প্রথম শর্ত হচ্ছে হালাল রিযিক খাওয়া। হাদীসে বলা হয়েছে, হযরত আবু হোরায়রা রা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "হে লোকেরা! আল্লাহ নিজে পবিত্র, তাই তিনি পবিত্র জিনিসই পছন্দ করেন।" তারপর তিনি এ আয়াতটি তেলাওয়াত করেন এবং তারপর বলেন,"এক ব্যক্তি আসে দীর্ঘ পথ সফর করে। দেহ ধূলি ধূসরিত। মাথার চুল এলোমেলো। আকাশের দিকে হাত তুলে প্রার্থনা করেঃ হে প্রভু! হে প্রভু! কিন্তু অবস্থা হচ্ছে এই যে, তার খাবার হারাম, পানীয় হারাম, কাপড় চোপড় হারাম এবং হারাম খাদ্যে তার দেহ প্রতিপালিত হয়েছে। এখন কিভাবে এমন ব্যক্তির দু'আ কবুল হবে।"(মুসলিম, তিরমিযী ও আহমাদ)

হালাল রিযিক ভক্ষণ করার জন্য কুরআন ও হাদীস যতটা গুরুত্ব প্রদান করেছে, আমরা বিষয়টাকে ততটা গুরুত্ব প্রদান করি না। সমাজের সর্বস্তরেই এটি আজ একটি গুরুত্বহীন,অবহেলিত ও মামুলী বিষয় হিসাবে গণ্য করা হয়। এমনকি এ বিষয়ে যারা জানেন এবং হালাল-হারামের নিয়মিত চর্চা করেন তাদের কাছেও বিষয়টি অস্পষ্ট। তাদেরকে হালাল রিযিক, হালাল উপার্জন এবং উপার্জনের উৎসমূল নিয়ে তেমন একটা চিন্তা-ভাবনা করতে দেখা যায় না। যারা ইসলামের কথা বলেন, বিভিন্নভাবে ইসলামের খেদমত করছেন, কুরআন-হাদীসের শিক্ষা বিস্তার করেন, ইবাদাতে আমাদের নেতৃত্ব দেন তাদের মধ্যে অনেককে দেখা যায় উপার্জনের উৎসমূল নিয়ে তেমন একটা মাথা ঘামান না। যেখানে কুরআন বলছে,"তারপর যে অতি অল্প পরিমাণ ভাল কাজ করবে সে তা দেখে নিবে এবং যে পরিমান খারাপ কাজ করবে সে তা দেখে নিবে।"(যিলযাল:৭-৮) অর্থাৎ মানুষের অনু পরিমাণ নেকী বা পাপ এমন হবে না যা তার আমলনামায় লিখিত হবে না। তা সে দেখেও নিবে। এবং তাকে পুরস্কার ও শাস্তির সম্মুখীন হতে হবে। এছাড়াও আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেই বিখ্যাত হাদীসখানাও এখানে প্রণিধানযোগ্য যে,"হাশরের ময়দানে মানুষ ৭টি প্রশ্নের উত্তর না দেয়া পর্যন্ত এক কদম সামনের দিকে এগুতে পারবে না। এই ৭টি প্রশ্নের ২টি প্রশ্ন এমন হবে যে, "কোন পথে আয়-উপার্জন করেছো? এবং কোন পথে তা ব্যয় করেছো?" একজনের কাছে চাইলাম বা না চাইতেই তিনি দান করে দিলেন, চোখ বন্ধ করে নিয়ে নিলাম এবং গলদকরণও করে ফেললাম, তার আয়-উপার্জনের পথ হালাল কি হারাম যাচাই বাচাই করার প্রয়োজনবোধ মনে করলাম না, তা কি উল্লেখিত আয়াত ও হাদীসের বিপরীতধর্মী কাজ হলো না? অবশ্যই আমাদেরকে আয়-উপার্জনের উৎসমূল জানতে হবে। হালাল-হারাম পর্যবেক্ষণ ও পর্যালোচনা করতে হবে।

যে বিষয়টি এখানে আনা হয়েছে, তা ব্যাপক আলোচনার দাবী রাখে আর একটি একটি সেক্টর ও ক্ষেত্র নিয়ে আলোচনা করলে প্রবন্ধের কলেবর বৃদ্ধি হবে। সুরা মুমিনুনের ৫১ নাম্বার আয়াতটি অত্যন্ত সংক্ষিপ্ত যার মানে হচ্ছে,"হালাল খাও, ইবাদাত করো।" কুরআনের অন্যান্য স্থানে হালাল-হারামের ব্যাপক আলোচনা আছে তা ছাড়া রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহ তো আছেই, সেখান থেকে জেনে নিবেন কোনটি উপার্জনের হালাল পন্থা এবং কোনটি হারাম পন্থা। আমি ফিকহী বা ফতোয়া সংক্রান্ত বিষয়কে পাশ কেটে বা ব্যাপকতা পরিহার করে শুধুমাত্র ২/১টি উদাহরণ পেশ করে আপনাদের বিবেকের দরজায় একটু কড়া নাড়বো। দয়া করে বিরক্ত হবেন না বরং একটু চিন্তা করবেন। কারণ রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ- আবু হোরায়রা রাঃ হতে বর্ণিত। "মানুষের সম্মুখে এমন এক সময় আসবে যখন কোন ব্যক্তি অর্থ উপার্জনের ক্ষেত্রে তা হালাল বা হারাম পন্থায় অর্জিত হচ্ছে কি না এ কথা মোটেই চিন্তা করবে না।"(বুখারী)

**উদাহরণ-১,** লোকটি সুদ গ্রহীতা বা সুদ দাতা, ঘুষ গ্রহীতা বা ঘুষদাতা, কালোবাজারী, অবৈধ মজুতদার, খাদ্যে ভেজাল মিশ্রণকারী, টেক্স-ভেট ফাঁকিবাজ, চোরাকারবারী, ওজনে কমবেশকারী এককভাবে প্রত্যেকটির অধিকারী অথবা এর কোন একটির অধিকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ব্যক্তি ব্যক্তিবর্গ সকলেই। তিনি একটি মাদ্রাসা বা স্কুলের প্রতিষ্ঠাতা পরিচালক, এলাকার কোন মসজিদের সভাপতি বা সেক্রেটারী অথবা মুতাওয়াল্লী, প্রতি মাসে তার Contribution সকলের উর্ধে। এখন প্রশ্ন হলো, যিনি এই কুরবানীগুলো করছেন বা Contributor, পক্ষান্তরে যারা এর সুবিধাভোগী বা Beneficiary উভয়ের আয় বা উপার্জন কি হালাল?

**উদাহরণ-২,** দু'জন ব্যক্তি, যাদের একজন অন্ধ, অন্যজন ল্যাংড়া। একজনের দু'টো পা নেই কিন্তু দু'টো চক্ষু আছে, অন্যজনের দু'টো চক্ষু নেই কিন্তু দু'টো পা আছে। এ দু'জনকে একত্র করলে একজন পূর্ণাঙ্গ মানুষের রূপ পাওয়া যায়। ল্যাংড়া তার দু'টো চক্ষু দ্বারা নয়নাভিরাম পৃথিবীর দৃশ্য দেখতে পায়। কিন্তু দু'টো পায়ের অভাবে পৃথিবীর অনেক কিছুর ভোগ ব্যবহার বা মনের স্বাদ-আহ্লাদ চরিতার্থ করতে পারে না। চোখের সামনেই ঐ যে নাগালের প্রায় কাছাকাছি একজনের গাছে আম ঝুলে আছে। কিন্তু আপসোস, দু'টো পায়ের অভাবে খেতে পারছে না। এমন সময় খট খট শব্দ তুলে অন্ধ তার সামনে দিয়ে পথ চলছে। দুষ্ট ল্যাংড়ার মনে ঢেউ খেলে গেলো, আমি আর অন্ধ দু'জনে মিলে গেলেই তো ঐ গাছের আম খেতে পারি। সাথে সাথে ল্যাংড়া অন্ধকে প্রস্তাব পেশ করলো, ঐ অন্ধ আম খাবি ? ভাই ! আমি একজন অন্ধ মানুষ, আম পাবো কোথায়? পৃথিবীটার কোথায় কি আছে তা তো আমি দেখতে পাই না। এবার ল্যাংড়া বললো, আমি একজন ল্যাংড়া, পায়ের অভাবে ঐ যে আম ঝুলে আছে, খেতে পারছি না। তুমি আমাকে তোমার কাঁধে নিয়ে চলো আমি তোমাকে পথ দেখাবো। যেই কথা সেই কাজ।

মালিকের কাছে ধরা পড়লো, মালিক আমসহ ল্যাংড়াকে প্রহার শুরু করলো। ল্যাংড়া বলছে, বাপুরে! আমার কি দোষ? আমি একজন ল্যাংড়া, আমার দু'টো পা নেই, আমার কি কোন সাধ্য আছে আম পারার? ব্যাটা অন্ধ তার কাঁধে করে আমাকে নিয়ে এসেছে বলেই তা পেরেছি। মালিক, তাই তো। পিটা ব্যাটা অন্ধকে। এবার অন্ধ বলছে বাপুরে! আমি একজন জন্মান্ধ, আমার দু'টো চক্ষু নাই, আমি কি জানি কোথায় আম গাছ বা কোথায় কাঠাল গাছ? ব্যাটা ল্যাংড়া আমাকে প্রস্তাব করেছে তাই তাকে কাধে তুলে এখানে নিয়ে এসেছি, মালিক দেখলো, তাই তো। এবার মালিক পড়লো বিপাকে। কিন্তু পরক্ষণেই মনের মধ্যে উদয় হলো, দোষ তো দু'জনেরই সমান।

আমরা জনগণ অন্ধ আর আমাদের নেতৃত্ব হলো ল্যাংড়া। আমরা তাদেরকে কাঁধে করে ক্ষমতার ঐ চেয়ারটায় বসাই। মনে রাখবেন, ঐ চেয়ারে বসে যতগুলো কু'কাজ ও অবৈধ উপার্জন করবে তার ভাগ অন্ধ ঃ ল্যাংড়ার মধ্যে অনুপাতিক হারে ভাগ হবে।

**উদাহরণ-৩,** আমাদের সমাজ ব্যবস্থায় লক্ষ্য করা যায় যে, পিতা-মাতার মৃত্যুর পর ছেলে উত্তরাধিকারীরা বিভিন্ন কলা-কৌশল অবলম্বন করে মৃত ব্যক্তির মেয়ে উত্তরাধিকারীদেরকে বঞ্চিত করে। কোন কোন এলাকায় মেয়েরা ওয়ারিশ গ্রহণ করবে, এটিকে ঘৃণার বিষয় মনে করা হয়। এমন কুপ্রথাও প্রচলিত আছে যে, "বাপের বাড়ীর মিরাস গ্রহণ করলে সংসারে অশান্তি নেমে আসে এবং সংসারের উন্নতি হয় না।" ফলে মেয়েটির স্বামী তাকে হক আনতে নিষেধ করে। মূলতঃ সমাজের সুবিধাবাদী লোকেরাই নিজেদের বদ-মতলব চরিতার্থ করার জন্য এ কুপ্রথাগুলো গড়ে তুলেছে। তারা এমন এক পরিবেশ সৃষ্টি করে যাতে মেয়েটি তার অংশ নিতে এগিয়ে না আসে। এ সমস্ত লোক দুষ্ট, লোভী ও স্বার্থপর। বোনদের সম্পদ অন্যায়ভাবে আত্মসাদের দরুন অবশ্যই এদেরকে আল্লাহর বিচারের কাঠগড়ায় দাঁড়াতে হবে। কোন কোন ক্ষেত্রে বোন মনে করে যে, অংশ চাইতে গেলে ভাই রাগ করবে অথবা ভাইয়ের সাথে মন কষাকষি হবে। ফলে সে তার অংশ ছেড়ে দিতে বাধ্য হয় অথবা চক্ষু লজ্জায় মাফ করে দেয়। মনে রাখা প্রয়োজন, এ ধরনের কাজ ইসলামে গ্রহণযোগ্য নয়। এ ক্ষেত্রে ভাইয়ের কর্তব্য হবে যেহেতু আদরের বোনটি নিজের অংশ চাইতে লজ্জা পাচ্ছে, তাই স্বেচ্ছায় বোনের অংশ ভাগ করে তাকে বুঝিয়ে দেয়া । রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ"যে ব্যক্তি কারো উত্তরাধিকার হরণ করে, আল্লাহ তায়ালা তাঁর জান্নাতের উত্তরাধিকার হরণ করবেন।"(ইবনে মাযাহ)

এ রকম হাজারো উদাহরণ পেশ করা যাবে। আপনারা চিন্তা করুন, এদের ইবাদাত বন্দেগী কি কখনো কবুল হবে?

# জামায়াত জোটে ৫০ আসন বণ্টনে টানাপোড়েন

২-এর পৃষ্ঠায় পর

পাওয়া এনসিপি এবং ২০ আসন পাওয়া বাংলাদেশ খেলাফতও কিছু আসন নতুন করে চাইছে। জোট থেকে বেরিয়ে যাওয়া চরমোনাই পীরের জন্য রাখা আসন বাকি ১০ দলের মধ্যে সমঝোতায় বণ্টন হবে বলে জানিয়েছে বাংলাদেশ খেলাফত আমির মাওলানা মামুনুল হক। তিনি বলেছেন, ইসলামী আন্দোলনের সঙ্গে আসন বণ্টনের আনুষ্ঠানিক আলোচনার আর সম্ভাবনা নেই। তবে রাজনৈতিক সমঝোতা হতে পারে।

গত শনিবার রাজধানীর মগবাজারে জামায়াতে ইসলামীর কার্যালয়ে দলটির নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহেরের সঙ্গে বৈঠক করেন মামুনুল হক। ডা. তাহের জোটের আসন বণ্টনের দায়িত্বে রয়েছেন।

আগামী ২০ জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। তার আগেই আসনগুলো বণ্টন হয়ে যাওয়ার আশা প্রকাশ করে মামুনুল হক বলেন, এরপর আসনগুলোতে যে দলের প্রার্থী থাকবেন, তিনি ছাড়া বাকিরা মনোনয়নপত্র প্রত্যাহার করে নেবেন।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের বলেছেন, ইসলামী আন্দোলনের রাখা আসনগুলোর বিষয়ে সিদ্ধান্ত নিতে লিয়াজোঁ কমিটিকে দায়িত্ব দেওয়া হয়েছে। তারা সিদ্ধান্ত নিয়ে জানালে শীর্ষ নেতৃত্ব বসে সিদ্ধান্ত নেবেন।

৪৪ আসনে প্রার্থী দিয়েছে এনসিপি। ইসলামী আন্দোলনের রাখা আসনের অন্তত ১০টি চায় জুলাই গণঅভ্যুত্থানের ছাত্রনেতৃত্বের গড়া দলটি। ঢাকা-৭ আসনে দাঁড়িপাল্লা প্রতীকে নির্বাচন করবেন জামায়াতের সবচেয়ে ধনাঢ্য প্রার্থী হাজী মো. এনায়েত উল্লা। তবে এ আসনে প্রার্থী রেখেছে এনসিপি। ঢাকার সাবেক মেয়র জাহাঙ্গীর মুহাম্মদ আদেলের ছেলে তারেক আহম্মেদ আদেল শাপলা কলি প্রতীকের প্রচার চালাচ্ছেন। তাঁর পক্ষে শীতবস্ত্র বিতরণ করেন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পদ থেকে পদত্যাগের পর এনসিপির নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যানের দায়িত্ব নেওয়া আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনিও বলেছেন, ৩০টির বাইরেও কিছু আসনে শাপলা কলির প্রার্থীরা ১০ দলীয় জোটের হয়ে লড়বেন।

**বরিশাল অঞ্চল নিয়ে সমস্যা**

বরিশাল বিভাগের ২১টি আসনে ছয়টি নিজের জন্য রেখে বাকি ১১টি ইসলামী আন্দোলনকে ছেড়েছিল জামায়াত। দুটি এবি পার্টি এবং এনসিপি ও এলডিপিকে একটি করে আসন ছাড়া হয়েছিল।

ইসলামী আন্দোলন বরিশাল অঞ্চলের দল। জামায়াত এবং জোটের অন্য দলগুলোর অবস্থান এসব এলাকায় দুর্বল। ফলে ইসলামী আন্দোলনকে ছাড়া কিছু আসন অন্যান্য দলকে দেওয়া হতে পারে। এর মধ্যে রয়েছে বরগুনা-১, পটুয়াখালী-৪ ও বরিশাল-২সহ কয়েকটি আসন। তবে এসব আসনেও কোনো দলের সাংগঠনিক শক্তি সবল নয়।

এনসিপির দাবিতে রয়েছে ঝালকাঠি-১ আসন। আগের বণ্টনে এনসিপি এ আসনটি জামায়াতকে ছেড়ে দিয়েছিল। ইসলামী আন্দোলনকে ঝালকাঠি-২ আসন ছাড়া হয়েছিল। ইসলামী আন্দোলন জোট ছাড়ার পর এনসিপিকে ঝালকাঠি-২ দিয়ে ঝালকাঠি-১ আসনে নির্বাচন করতে চায় জামায়াত।

*সৌজন্য: সমকাল*

# ইউরোপের ৮ দেশের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ ট্রাম্পের

৩-এর পৃষ্ঠায় পর

ইউরোপীয় দেশগুলোর সামরিক উপস্থিতি মূলত প্রতীকী। তাঁর মতে, এটি ওয়াশিংটনের প্রতি একটি বার্তা– আর্কটিক অঞ্চলের নিরাপত্তা নিয়ে যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন হলে ন্যাটো মিত্ররা তাতে সহযোগিতা করতে প্রস্তুত। তবে ট্রুথ সোশ্যালে ট্রাম্প অভিযোগ করেন, এসব দেশ "অজানা উদ্দেশ্যে" গ্রিনল্যান্ডে সেনা পাঠিয়েছে এবং একে তিনি "বিপজ্জনক খেলা" বলে অভিহিত করেন। তাঁর দাবি, বৈশ্বিক শান্তি ও নিরাপত্তা রক্ষায় এই পরিস্থিতি দ্রুত এবং নিশ্চিতভাবে শেষ করা জরুরি।

ট্রাম্পের ঘোষণার পর যুক্তরাষ্ট্রের ভেতরেও তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। সিনেটের ডেমোক্র্যাটিক মাইনরিটি লিডার চাক শুমার বলেন, ইউরোপীয় মিত্রদের ওপর এই শুল্ক আরোপ আমেরিকার অর্থনীতি ও কূটনৈতিক সম্পর্কের আরও ক্ষতি করবে। তিনি জানান, ডেমোক্র্যাট সিনেটররা এই শুল্ক ঠেকাতে আইন প্রণয়নের উদ্যোগ নেবেন। রিপাবলিকান সিনেটর থম টিলিসও সমালোচনা করে বলেন, মিত্রদের বিরুদ্ধে এমন পদক্ষেপ ন্যাটোকে দুর্বল করবে এবং রাশিয়া ও চীনের মতো প্রতিদ্বন্দ্বীদেরই লাভবান করবে।

গ্রিনল্যান্ডেও ব্যাপক বিক্ষোভ হয়েছে। দেশটির প্রধানমন্ত্রী জেন্স-ফ্রেডেরিক নিলসেনসহ হাজারো মানুষ রাজধানী নুক থেকে মার্কিন কনস্যুলেট পর্যন্ত মিছিল করেন। একই ধরনের বিক্ষোভ হয় ডেনমার্কের কোপেনহেগেনে যুক্তরাষ্ট্র দূতাবাসের সামনেও। বিক্ষোভকারীরা স্পষ্ট করে জানান, গ্রিনল্যান্ড নিজের ভবিষ্যৎ নিজেই নির্ধারণ করতে চায় এবং কোনো ধরনের জোরপূর্বক দখল তারা মেনে নেবে না।

ইউরোপীয় নেতারাও একের পর এক প্রতিক্রিয়া জানাচ্ছেন। ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ বলেছেন, সার্বভৌমত্ব ও স্বাধীনতার প্রশ্নে ফ্রান্স আপসহীন এবং শুল্কের হুমকি এই প্রেক্ষাপটে সম্পূর্ণ অগ্রহণযোগ্য। ডেনমার্কের পররাষ্ট্রমন্ত্রী লার্স লোক্কে রাসমুসেন জানান, গ্রিনল্যান্ডে সামরিক উপস্থিতি বাড়ানোর উদ্দেশ্য আর্কটিক অঞ্চলের নিরাপত্তা জোরদার করা, কোনো উসকানি নয়। সুইডেনের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসন বলেন, ইউরোপ এই হুমকিতে ভয় পাবে না এবং এটি একটি সমগ্র ইউরোপীয় ইস্যু। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারও বলেন, ন্যাটো মিত্রদের সম্মিলিত নিরাপত্তা জোরদার করতে গিয়ে তাদের ওপর শুল্ক চাপানো সম্পূর্ণ ভুল।

# কার্যকরী পরিষদের মেয়াদ বাড়লো এক বছর





শেষ পৃষ্ঠায় পর

হাকিমের সঞ্চালনায় সভা অনুষ্ঠিত হয়। সভায় মঞ্চে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, জালালাবাদ এসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, ট্রাস্টি বোর্ডের সদস্য ছদরুন নূর, বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, বাংলাদেশ সোসাইটি বোর্ড অব ট্রাস্টির সদস্য ও জালালাবাদ এসোসিয়েশনের প্রধান নির্বাচন কমিশনার আজিমুর রহমান বুরহান, বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশন সাবেক বোর্ড অব ট্রাস্টি সদস্য মকবুল রহিম চুন্নাই, জালালাবাদ এসোসিয়েশন সাবেক বোর্ড অব ট্রাস্টি সদস্য বীর মুক্তিযোদ্ধা তোফায়েল আহমেদ চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সহ-সভাপতি মো. লুকমান হোসেন লুকু, সহ-সভাপতি মো. শফিউদ্দিন তালুকদার, সহ-সভাপতি মো. জাবেদ উদ্দিন এবং কোষাধ্যক্ষ মোহাম্মদ আলীম।

এছাড়াও কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন প্রচার ও দপ্তর সম্পাদক ফয়ছল আলম, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বুরহান উদ্দীন, এবং কার্যনির্বাহী সদস্য হুমায়ুন কবির সোহেল, আব্দুল আজিজ ও মো. দেলোয়ার হোসেন মানিকসহ অন্যান্যরা।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করা হয় এবং প্রবাসে বসবাসরত বৃহত্তর সিলেট অঞ্চলের প্রয়াত ব্যক্তিদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এরপর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

সভায় স্বাগত বক্তব্য দেন সভাপতি বদরুল খান। এরপর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম ও কোষাধ্যক্ষ মোহাম্মদ আলীম তাঁদের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তাঁর প্রতিবেদনে সংগঠনের সাম্প্রতিক কার্যক্রম তুলে ধরেন। তিনি জানান, সংগঠনের অর্থ আত্মসাতের অভিযোগে বহিষ্কৃত সাবেক সাধারণ সম্পাদকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে, যা বর্তমানে আদালতে বিচারাধীন রয়েছে। তিনি আশাবাদ ব্যক্ত করেন, শিগগিরই এ বিষয়ে সমাধান আসবে।

অপরদিকে কোষাধ্যক্ষ মোহাম্মদ আলীম তাঁর প্রতিবেদনে ২০২৫ সালের এপ্রিল থেকে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত সময়ের আয়-ব্যয়ের হিসাব তুলে ধরেন। তিনি জানান, এ সময়ে সংগঠনের মোট আয় হয়েছে ৩১,৯৫২ ডলার ১৯ সেন্ট, যার মধ্যে ১৭,৫১০ ডলার ব্যয় করা হয়েছে এবং অবশিষ্ট অর্থ ব্যাংকে জমা রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, গত সাধারণ সভা থেকে বর্তমান সাধারণ সভা পর্যন্ত আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে কার্যকরী পরিষদ ও বোর্ড অব ট্রাস্টির পক্ষ থেকে মোট ১১,৮২৬ ডলার ৬ সেন্ট অনুদান প্রদান করা হয়েছে।

সভায় উপস্থিত জালালাবাদবাসী সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের প্রতিবেদনের ওপর মুক্ত আলোচনায় অংশ নেন এবং তাঁদের মতামত তুলে ধরেন। মুক্ত আলোচনায় বক্তব্য রাখেন সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য অ্যাডভোকেট নাসির উদ্দিন, বিয়ানীবাজার সমিতির প্রধান নির্বাচন কমিশনার আজিজুর রহমান পাখি, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সহ সভাপতি মোঃ তোফায়েল আহমেদ চৌধুরী, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির সভাপতি সাব্বির হোসেন,বিয়ানীবাজার সমিতির সহ-সভাপতি মহিবুর রহমান রুহুল, লীগ অব আমেরিকা সাবেক সভাপতি ইমাদ চৌধুরী, বিয়ানীবাজার সমিতির নির্বাচন কমিশনার আমিনুল হোসাইন, বিয়ানীবাজার সমিতির সাবেক সাধারণ মিসবাহ আহমেদ মৌলভীবাজার ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের সভাপতি সুহান আহমেদ টুটুল, কুলাউড়া সমিতির সাবেক সাধারণ সম্পাদক জাবেদ আহমেদ, প্রমুখ

এ সময় উপস্থিতি ছিলেন লাদেশ বিয়ানীবাজার সমিতির উপদেষ্টা পরিষদের সদস্য ফকর উদ্দিন ও গহর চৌধুরী কিনু, বাংলাদেশ সোসাইটি ব্রঙ্কস, নিউ ইয়র্ক ইনকের সাধারণ সম্পাদক শেখ অলি আহাদ, ফেঞ্চুগঞ্জ উপজেলার তিনবারের নির্বাচিত চেয়ারম্যান নুরুল ইসলাম, লাখাই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাজুল ইসলাম তালুকদার, লিয়াকত আলী, মো. গোলাম রাব্বানী, সমীর উদ্দিন, মো. উজ্জ্বল, আক্কাস মিয়া ও শামীম আহমেদ, কাজিরুল ইসলাম শিপন, বাংলাদেশ সোসাইটির সদস্য হাসান খান। কমিউনিটি অ্যাক্টিভিস্ট রিপন আহমেদ, বিশিষ্ট কমিউনিটি অ্যাক্টিভিস্ট হারুন মিয়া, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের আজীবন সদস্য চৌধুরী মোমিত তামিম, আশফাকুল হক চৌধুরী, সাইফউদ্দিন আহেদ শামীম ও সৈয়দ শাহানসহ আরও অনেকে।

আলোচনায় অনেকেই সংগঠনের বর্তমান সংকট মোকাবিলায় কার্যকরী পরিষদের প্রচেষ্টার প্রশংসা করেন এবং সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

চলমান মামলা সংক্রান্ত বিষয়ে সভায় উপস্থিত সদস্যদের পক্ষ থেকে প্রশ্ন ও উদ্বেগ প্রকাশ করা হয়। যদিও সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ তাঁদের প্রতিবেদনে এ বিষয়ে ইতোমধ্যে আপডেট প্রদান করেছেন, তবুও উপস্থিত সদস্যরা কার্যকরী পরিষদ ও বোর্ড অব ট্রাস্টিদের প্রতি জোরালোভাবে অনুরোধ জানান যেন বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখা হয় এবং সংগঠন থেকে প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত অর্থ উদ্ধার করতে সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়।

একই সঙ্গে সংগঠনের জ্যেষ্ঠ সদস্য ও সাবেক কর্মকর্তারা বিনীতভাবে বর্তমান কার্যকরী পরিষদকে অন্তত আরও এক বছর দায়িত্বে থাকার অনুরোধ জানান, যাতে চলমান মামলাটি সঠিকভাবে পরিচালনা করা যায়। তাঁদের আশঙ্কা ছিল, নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠিত হলে নতুন কমিটি মামলার সব দিক সম্পর্কে সম্পূর্ণভাবে অবগত নাও থাকতে পারে, যা মামলার অগ্রগতিতে জটিলতা সৃষ্টি করতে পারে। এ কারণে তাঁরা ২০২৭ সাল পর্যন্ত বর্তমান কমিটিকে বহাল রাখার অনুরোধ জানান। পাশাপাশি বলা হয়, মামলা যদি এর আগেই নিষ্পত্তি হয়, তাহলে সে সময় নির্বাচন আয়োজন করা যেতে পারে।

দীর্ঘ আলোচনার পর কার্যকরী পরিষদ শুরুতে তাঁদের মেয়াদ বাড়াতে অনিচ্ছা প্রকাশ করেন। তবে জ্যেষ্ঠ সদস্য ও সাধারণ উপস্থিত সদস্যদের বারবার অনুরোধের প্রেক্ষিতে এবং সকলের সহযোগিতা ও সমর্থন অব্যাহত থাকার শর্তে কার্যকরী পরিষদ নির্ধারিত সময়ের জন্য দায়িত্ব পালনে সম্মতি প্রদান করে।

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে জানান, সংগঠনের গঠনতন্ত্র ও সম্মান রক্ষা করে যে কোনো গ্রহণযোগ্য সমাধানে বর্তমান কার্যকরী পরিষদ সর্বদা প্রস্তুত। তিনি সবাইকে ঐক্যবদ্ধভাবে সহযোগিতা করার আহ্বান জানান এবং উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।






# দাওয়াত মুমিন জীবনের মিশন

শেষ পৃষ্ঠায় পর

দিয়েছেন বিশ্বনবি হযরত মুহাম্মদ (সা:)। দাওয়াত একজন মুমিন (ঈমানদার)'র জীবনের অন্যতম মিশন। মানুষের মাঝে ইসলামের দাওয়াত দেওয়া ঈমানের অপরিহার্য্য দাবি। গত ১১ জানুয়ারি দিনব্যাপী এডুকেশন সেশনে বক্তারা এসব কথা বলেন। বক্তারা বলেন, দ্বীন ইসলামের মূল উদ্দেশ্য হচ্ছে মানুষকে আল্লাহর খাঁটি বান্দাহ হিসেবে গড়ে তোলা।

ইবাদত বন্দেগি একমাত্র আল্লাহর জন্য নিবেদিত করা এবং তার পাশাপাশি উন্নত নৈতিক চরিত্র গঠন ও উত্তম আচার ব্যবহার অবলম্বনে নিরলস প্রচেষ্টা চালিয়ে ঈমানের উচ্চতর পর্যায়ে উপনীত করার জন্যই আমাদের মাঝে আল্লাহ তা'আলা তাঁর প্রিয় নবীকে প্রেরণ করেছেন। তারা বলেন, রাসূল (সা.) স্বয়ং ছিলেন উত্তম নৈতিক চরিত্রের সর্বোত্তম উদাহরণ। সুতারাং ইসলামের কাজে নিয়োজিত প্রত্যেককে আল্লাহ ও তাঁর রাসুল (সা:) এর আর্দশে পরিচালিত হতে পারলেই দুনিয়া ও আখেরাতে সফলতা সম্ভব হবে।

পুরুষ ও মহিলা প্রায় তিন শতাধিক লোকের উপস্থিতিতে বিষয়ভিত্তিক আলোচনা করেন মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন, ন্যাশনাল এসিস্টেন এক্সিকিউটিভ ডাইরেক্টর আহমেদ আবু উবাইদা, আব্দুল্লাহ আল আরিফ প্রমুখ। উপস্থিত ছিলেন ন্যাশনাল এসিস্টেন ফাইন্সাস ডাইরেক্টর শেখ জালাল উদ্দিন, ডাঃ আতাউর রহমান ওসমানী। অনুষ্ঠানে দুপুরের খাবার উদ্বোধন করেন বিশিস্ট ব্যবসায়ী জ্যামাইকা মুসলিম সেন্টারের সহ সভাপতি আফতাব মান্নান। অনুষ্ঠান যৌথভাবে পরিচালনা করেন নর্থ জোনের সহ সভাপতি মাওলানা ত্বোয়াহা আমিন খান, ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন দিদারুল আলম, এডভোকেট আবুল হাসেম, মঞ্জুর আহমেদ, মোহাম্মদ আব্দুল্লাহ, কায়কোবাদ কবির, সামসুল আলম প্রমুখ।













# ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও সিটিজেনশীপ বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশণ স্ট্যাটাস ডকুমেন্টস এবং ঠিকানা পরিবর্তনের তথ্যপত্র নিজের কাছে রাখুনঃ

গ্রিনকার্ডধারীসহ অধিকাংশ বিদেশি নাগরিকরা ঠিকানা পরিবর্তন করে নতুন জায়গায় গেলে দশদিনের মধ্যে ঠিকানা পরিবর্তনের নতুন তথ্য ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) কে জানাতে হবে।

প্রক্রিয়াটি খুব সহজ, ফ্রি এবং এআর-১১ ফরম অনলাইনে পূরনের মাধ্যমেও করা যায়। বাস্তবিকভাবে যদিও ইউএসসিআইএস ঠিকানা পরিবর্তনের এই প্রক্রিয়া লংঘনের জন্য কাউকে শাস্তি দেয় না। তবে, এই আইনের অধীনে ইমিগ্রশন এই আইন অনুসরন না করার জন্য গ্রিনকার্ড বাতিল করে দিতে পারে।

এছাড়াও আপনার নিজের ইমিগ্রেশন ডকুমেন্ট সঙ্গে রাখা জরুরী– ইমিগ্রেশন স্ট্যাটাস নিশ্চিত করার জন্য। উদাহরণ স্বরূপ, গ্রিনকার্ডের একটি কপি, আই-৯৪ অথবা ইউএসসিআইএস'এ আপনার কেস পেন্ডিং থাকার রশিদ সঙ্গে রাখলেই হবে।

রিয়াল আইডি এ্যাক্ট একটি ফেডারেল আইন। মে ৭, ২০২৫ থেকে প্রত্যেক ইউএস ট্রাভেলর যাদের বয়স ১৮ বা তদুর্ধ তাদের জন্য একটি রিয়াল আইডি'র সমতূল্য লাইসেন্স বা অন্য গ্রহণযোগ্য পরিচয়পত্র। যেমন পাসপোর্ট যা ডমেস্টিক ফ্লাইটে চড়ার জন্য এবং কতিপয় ফেডারেল স্থাপনায় প্রবেশের জন্য প্রয়োজন হয়।

রিয়েল আইডি হচ্ছে সিকিউরিটি এ্যানহান্স ড্রাইভার্স লাইসেন্স কার্ড যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইএস) প্রণিত ফেডারেল মান মেটাবে।

রিয়াল আইডি'র সময়সীমা বৃদ্ধি করা হয়েছে অনেকবার। অর্থাৎ এর মেয়াদ মে ০৭, ২০২৫ পর্যন্ত বাড়ানো হয়েছে। এই তারিখের পর, ইউএসএ বসবাসকারীর এই রিয়াল কার্ডের সঙ্গে এর সমমান সম্পন্ন অন্য কোন ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে– ইউএসএ'র মধ্যে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমনের জন্য ফেডারেল এবং সামরিক ঘাটিতে প্রবেশের জন্য।

রিয়াল আইডি প্রত্যেক স্টেটের মটর ভেহিকেল ডিপার্টমেন্ট (ডিএমভি) ইস্যু করে থাকে। এই কার্ডের জন্য স্থানীয় ডিএমবি অফিসে যেতে হবে এবং নিম্নে উল্লেখিত প্রমাণাদি দাখিল করতে হবেঃ

১) পরিচয়ের প্রমাণ। একটি বৈধ পাসপোর্ট (বার্থ সার্টিফিকেট, বা পারমানেন্ট রেসিডেন্ট কার্ড,

২) সোসাল সিকিউরিটি নম্বরের প্রমাণপত্রঃ সোসাল সিকিউরিটি কার্ড।

৩) স্টেট রেসিডেন্সির প্রমানঃ ইউটিলিটি বিল, ভাড়ার চুক্তি বা ব্যাংক স্টেটমেন্ট যাতে থাকে আপনার বর্তমান ঠিকানা,

৪) নাম পরিবর্তনের প্রমাণপত্র (প্রযোজ্য হলে)ঃ বৈবাহিক সনদ, তালাকনামা বা কোর্টের আদেশ (যদি আপনার বর্তমান নাম, জন্ম সনদের নাম থেকে হয়)।

প্রত্যেক স্টেটের নিরসম্পন্ন কোন কোন ক্ষেত্রে সামান্য পার্থক্য হতে পারে। এক্ষেত্রে আপনার স্টেটের ডিএমভি'র ওয়েব সাইট চেক করে নেবেন আবেদন করার আগে। রিয়াল আইডি করার জন্য বাধ্যতামূলক নয়। রিয়াল আইডি না চাইলে সেক্ষেত্রে ফেডারেলের গ্রহণযোগ্য পরিচয়পত্র যেমনঃ

বৈধ ইউএস পাসপোর্ট বা পাসপোর্ট কাড; ইউএস মিলেটারি কার্ড ডিএইচএস ট্রাস্টেড ট্রাভেলার কার্ড যেমন গ্লোবাল এন্ট্রি।

যদি আপনি প্রায়শ দেশে ভেতর ট্রাভেল করেন এবং যদি ভ্রমনের জন্য সঙ্গে নিতে না চাইলে সেক্ষেত্রে রিয়াল আইডি অনেক বেশি স্বসিতদায়ক।

সর্বশেষ তথ্য জানতে ডিএইচএম রিয়াল আইডি ওয়েব সাইটে দেখুন।

ফেব্রুয়ারি ২০২৬ ভিসা বুলেটিনঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রকাশ করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি হয় এর পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবারভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন অগ্রগতি হয় নাই।

**ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ**

প্রথমঃ (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩)ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

**ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ**
**২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।**
**ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪**
**ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০**
**ই-মেইলঃ kazmiandreeves@gmail.com**
**[Law office of Kazmi & Reeves]**
**225 Broadway, (16th floor)**

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ শাস্ত্রসম্মত ভাবে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

# সাহিত্য সাময়িকী

## তুষারের মাল্যগুচ্ছের প্রতি

### এমিলি ব্রন্টি

হে অস্থায়ী পথিক স্বর্গীয়!
হে নীরব নিদর্শন শীতের গগনের!
কোন প্রতিকূল বাতাস তোমার পাল ভরে এনেছে
এ কারাগারে যেখানে একজন বন্দী শায়িত?

মনে হয় যেন, যেই হাত সূর্যকে রুদ্ধ করেছিল
এত কঠোরভাবে এই ভোরের ললাট থেকে
তারা হয়তো তাদের বিদ্রোহী কাজ চালিয়েই যেত
এবং তোমার মত এমন নাজুক বস্তুকে রোধ করত।

তারা নিশ্চয়ই তা করত যদি জানত
কি মন্ত্রশক্তি তোমার মাঝে বাস করে,
কারণ এখন পর্যন্ত যত সূর্য উদিত হয়েছে
কোনোটিই আমার প্রতি এত দয়াশীল হয়নি!

অনেক সপ্তাহ, অনেক দিন ধরে
আমার হৃদয় নিমজ্জিত বিষাদে ভারাক্রান্ত ছিল
যখন ভোরে শোকের ধূসরতা নিয়ে উঠত
এবং ম্লানভাবে আমার কারাকক্ষ আলোকিত করত।

কিন্তু দেবদূত সম, যখন আমি জেগে উঠলাম,
তোমার রৌপ্যময় রূপ, এত কোমল ও সুন্দর
অন্ধকার ভেদ করে উজ্জ্বল, মধুরভাবে কথা দিল
মেঘলা আকাশ ও উন্মুক্ত পর্বতের;

যা একজন পাহাড়ী বাসিন্দার নিকট সবচেয়ে প্রিয়,
যে, সারাজীবন তুষারকে ভালোবেসেছে
যা তার জন্মভূমির ধূসর শিখর মুকুট পরিয়েছে,
নিচের সবুজ সমতল ভূমির চেয়েও বেশি।

এবং নিঃশব্দ, নির্বাক বার্তাবাহক
তোমার উপস্থিতি এক রোমাঞ্চকর সুর জাগিয়েছিল
যা আমাকে সান্ত্বনা দেয় যতক্ষণ তুমি এখানে আছ
এবং যা আমার পাশে থাকবে যখন তুমি চলে যাবে।

ভাষান্তর: তমিজ উদ্‌দীন লোদী

## সংক্রমণ

### জাফর ওবায়েদ

তোমারই ম্লানমুখ সংক্রমণে সময়টা
নাজুক ও নিরর্থক।

অনুভবে ক্রান্তিকাল
শঙ্কিত সময়ের হুতাশনে অসহ্য উত্তাপ
আর, পরবশ সময়ের এ শৈত্যপ্রবাহে
সীমাহীন কাতরতা।
বলো কী করে কখন লু-হাওয়া পেরিয়ে
পৌঁছাব তোমার কাছে?

মায়া গো! অতলান্ত ডুবে আছি
ভেতরে প্রেমের ডাহুক গাইছে অবিরাম।

## তখন চাঁদ ওঠেছিল

### সোহরাব পাশা

নিঃশ্বাসে ধূসর নগরের গল্প লেখে
এক অন্ধ বাউল রাত্রির কুয়াশায়,
ঘরের পাশে ধুতুরা ফুল
কালমাছি ওড়ে
অশ্রু ঝরে;
মাঝেমধ্যে উঁকিমারে ঝকঝকে পুরনো কথার
উজ্জ্বল বসন্ত--
সে ছুঁয়ে ছিলো পাঁজরের অন্ধকার
তখন চাঁদ উঠেছিলো তুমুল জ্যোৎস্নায়।

আরও কতো কথা, মন পোড়ে
আমার চোখ ছিলো তখন প্রিয় চোখে
আলো ছিলো দূর পথে--
বিকেল ফুরানো ঠাণ্ডা হাওয়া ভেজা এক সন্ধ্যায়
নিবিড় পাঠ নেওয়া দেহের অক্ষর
উষ্ণ নিঃশ্বাস নুয়ে পড়া নরম শব্দ
কী যে অসহ্য সুন্দর ক্লান্তি---.

নিখোঁজ হয়েছে সব
তবু কেনো মনে হয়-
গভীর স্পর্শের শব্দ- ঘ্রাণে মুখরিত সে
অন্য কেউ আজ-- অন্য কারও প্রিয় ছায়া,

এখনো কী চাঁদ ওঠে তার স্নিগ্ধ চোখে!

## উপমার ভেতর ডুবে থাকা দিন

### জসীম উদ্দীন মুহম্মদ

আজকাল দিনগুলো ভিজে কাপড়ের মত আকাশে
শুকোতে থাকে, শুকোতেই থাকে
যখন রোদ আসে- তখন ছায়ার মতোন পালায়
যেন কিশোর প্রজাপতি ধুলো মাখে ভয়ের ডানায়।

তবুও আমি হাঁটি, পায়ের নিচে নরম গরম মাটি
ঠিক যেন সদ্য-গড়া মাটির হাঁড়ির মতোন
একটু চাপ দিলেই ভেতরে লুকানো শব্দ চিঁ চিঁ করে!
দূরের ট্রেন... বুকের খাঁচায় নদীর মতো বয়ে যায়
তার হুইসেল ভাঙা বাঁশির মতোন বাজতেই থাকে
আর আমার শৈশব... স্মৃতিতে ঘুরপাক খায়।

তবুও ভালোবাসা আজকাল কুয়াশায় ঢাকা বাগান
ফুল আছে কি নেই বোঝা যায় না
তবুও অঘ্রাণের ঘ্রাণ অদ্ভুতভাবে পথ চিনিয়ে দেয়
যেন নাম না জানা পাখি অন্ধকারে মানচিত্র আঁকে!

রাত হলে তারাগুলো আকাশজুড়ে ছড়িয়ে পড়ে
ছাইভরা কাগজের ওপর লুকোনো আগুনের দাগের
মতো; একটু নিঃশ্বাস নিলেই জ্বলে উঠতে চায়,
আবার নিভেও যায় বুকের ভিতর চিরক্লান্ত কোন স্বপ্ন।

আর আমি... নিজেকে দেখি গভীর জলের ভেতর
ভাঙা গল্পের মতো ভেসে যাই আলো-ছায়ার নৌকায়
যেন জীবনটাই এক অনন্ত নদী,
যার প্রতিটি ঢেউ এক একটি নতুন উপমায় মোড়া!

## অগ্নিফুল

### নয়ন আহমেদ

লোকটা, ভারপ্রাপ্ত একটা সূর্য বহন করছে কাঁধে!
উত্তরে দীপ্ত জিঘাংসা।
দক্ষিণে দীপ্যমান হিংসা।
পুবে ও পশ্চিমে স্নাতকোত্তর ঘৃণা।
আর রাষ্ট্রহীন জাতির মতোন ত্রিকোণী হাহাকার।

পৃথিবীর এইসব পৃষ্ঠদেশের ওপর রোদ উঠবে না?
নৌকার গলুইয়ের মতো দেখবে ভবিষ্যৎ।

লোকটা বিক্রি করছে অগ্নিফুল।
লোকটা, কুলির মতোন একটা সুপ্রভাত ঝুলিয়েছে কাঁধে।

## দেয়াল ভাঙার গান

### আসাদুজ্জামান খান মুকুল

পঁচিশ সালটা তো কেটে গেল-
কিছু ধুলো জমল দৃষ্টির কাঁচে আর কিছু মনের কোণে।
বারান্দার সেই পুরনো আড্ডাগুলো এখন যেন কেমন পর পর লাগে,

সবাই আছে, শুধু মানুষের ভেতরের সেই 'মানুষটা' কোথায়?
চারদিকে আজকাল বড্ড বেশি ফাঁকা,
বুকের ভেতরটা হাহাকার করে অবিশ্বাসে।
তবুও, এই ভাঙাচোরা দিনগুলোর মাঝেই তো আমাদের বেঁচে থাকা।

একটু মায়া, একটু চোখের কোণের জল-
এসব কি খুব বেশি চাওয়া?
আমরা কি পারি না নিজেদের এই জেদটুকু ভেঙে ফেলতে?
ছাব্বিশের সকালটা হয়তো আর পাঁচটা দিনের মতোই হবে,

সূর্য উঠবে সেই একই ভাবে।
কিন্তু ওই যে-একটা খ্যাপাটে ইচ্ছা হয় মনে,
সব ক্ষত লুকিয়ে আবার একবার বুক চিতিয়ে দাঁড়ানোর।
মানুষ তো মানুষের জন্যই মরে,
আবার মানুষের হাত ধরেই বাঁচে।

# নিউইয়র্কে এমসি কলেজ এলামনাই এসোসিয়েশনের নতুন কমিটির শপথ অনুষ্ঠিত





**নিউইয়র্ক:** নিউইয়র্কে গত ১১ জানুয়ারী রোববার উডহেভেন ক্লুবার্ড জয়া হলে সিলেট এম সি এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউ এস এ ইনক-এর নতুন কার্যকরী কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠান বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সিলেট এম সি কলেজ ও গভঃ কলেজের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী, সংগঠনের সদস্যবৃন্দ, প্রতিষ্ঠাতাগণ এবং বিশিষ্ট নেতৃবৃন্দের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়।

শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধান নির্বাচন কমিশনার ময়নুল হক চৌধুরী হেলাল,নির্বাচন কমিশনার তোফায়েল চৌধুরী ও আসিফ চৌধুরী প্রথমে নবনির্বাচিত সভাপতি আজিমুর রহমান বোরহানকে শপথবাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার ময়নুল চৌধুরী হেলাল পরবর্তীতে সভাপতি আজিমুর রহমান বোরহান তাঁর নেতৃত্বাধীন পুরো কার্যকরী কমিটির সদস্যদের সপথ পাঠ করানোর মাধ্যমে নতুন কমিটি আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করে।

অনুষ্ঠানে ভিডিওগ্রাফিক উপস্থাপনার মাধ্যমে গত চার বছরের বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়, যা উপস্থিত অতিথি ও সদস্যদের মধ্যে ব্যাপক প্রশংসা অর্জন করে। এছাড়া নতুন কমিটির সদস্যদের সমন্বিতভাবে রেড টাই পরিধান অনুষ্ঠানকে আরও সুশৃঙ্খল ও আকর্ষণীয় করে তোলে।

উপস্থিত নেতৃবৃন্দ সুশৃঙ্খল আয়োজন, সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়া এবং সপথ গ্রহণ অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনার প্রতি সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানটি প্রবাসে অবস্থানরত সিলেট এম সি ও গভঃ কলেজ এলামনাইদের মধ্যে ঐক্য, সৌহার্দ্য ও সংগঠনের ভবিষ্যৎ কার্যক্রমে নতুন উদ্দীপনা সৃষ্টি করে।









## বাংলাদেশ সোসাইটির ইফতার ও দোয়া




*শেষ পৃষ্ঠায় পর* আলীর পরিচালনায় সভায় কার্যকরী কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

সভায় আগামী ১ মার্চ বাংলাদেশ সোসাইটির উদ্যোগে বার্ষিক কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা, ইফতার ও দোয়া মাহফিল আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। আয়োজনটি সফলভাবে সম্পন্ন করতে একটি আহ্বায়ক কমিটিও গঠন করা হয়। কমিটিতে সহসভাপতি কামরুজ্জামান কামরুলকে আহ্বায়ক এবং সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজকে সদস্যসচিব করা হয়।

এ ছাড়া স্কুল ও শিক্ষা সম্পাদক মোহাম্মদ হাসান (জিলানী) যুগ্ম আহ্বায়ক, কার্যকরী সদস্য আবুল কাশেম চৌধুরী যুগ্ম সদস্যসচিব এবং সাংগঠনিক সম্পাদক ভিউক খানকে প্রধান সমন্বয়কারীর দায়িত্ব দেওয়া হয়েছে।

সভায় আরও সিদ্ধান্ত নেওয়া হয়, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান শহীদ দিবস উপলক্ষে আগামী ২১ ফেব্রুয়ারি বাংলাদেশ সোসাইটির কার্যালয়ে দিবসটি যথাযথ মর্যাদায় পালন করা হবে।

এদিকে সভায় সাম্প্রতিক সাধারণ সভাকে কেন্দ্র করে কয়েকটি গণমাধ্যমে প্রকাশিত ভুল ও বিভ্রান্তিকর তথ্যের প্রতিবাদ জানানো হয়। একই সঙ্গে গণমাধ্যমকে সঠিক ও নির্ভুল তথ্য প্রকাশের আহ্বান জানানো হয়। সোসাইটির নেতারা বলেন, সংগঠনের কার্যক্রম নিয়ে গঠনমূলক সমালোচনাকে তারা স্বাগত জানান, যা সংগঠনকে আরও স্বচ্ছ ও দায়বদ্ধ করতে সহায়ক হবে।

সভায় সিনিয়র সহসভাপতি মহিউদ্দিন দেওয়ান, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূইয়া (রুমি), জনসংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদসহ কার্যকরী কমিটির বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।

## আবাসন সংকট নিরসনে মেয়র মামদানির

*শেষ পৃষ্ঠায় পর*

তাঁর উদ্যোগ শেষ পর্যন্ত আদালতে রায়ে অনেকটা ব্যর্থ হয়েছে। শুক্রবার ফেডারেল আদালতের রায়ে স্পষ্ট হয়ে গেছে, দেউলিয়া হয়ে পড়া পিনাকল গ্রুপের মালিকানাধীন এসব অ্যাপার্টমেন্ট ৪৫১ মিলিয়ন ডলারে সামিট প্রপার্টিজ লিমিটেডের একটি সহযোগী প্রতিষ্ঠানের কাছে বিক্রি করা যাবে। খবর দ্য নিউইয়র্ক টাইমস

ক্ষমতা গ্রহণের প্রথম দিনেই ভাড়াটেদের সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়ার অঙ্গীকার করেছিলেন মেয়র মামদানি। শপথের কয়েক ঘণ্টার মধ্যেই তিনি ব্রুকলিনের একটি পিনাকল ভবনে যান, যেখানে এক ভাড়াটে তাঁকে ফাটা টাইলস দেখান এবং অভিযোগ করেন ছাদের টুকরো ভেঙে তার মেয়ের বিছানার ওপর পড়েছে। বছরের পর বছর ধরে পিনাকলের বহু ভাড়াটে অভিযোগ করে আসছেন, তাদের ভবনগুলোতে পানি চুইয়ে পড়া, ছত্রাক, পর্যাপ্ত গরমের অভাব এবং তেলাপোকা ও ইঁদুরের উপদ্রব নিত্যদিনের সমস্যা।

সিটি ও স্টেট প্রশাসনের পক্ষ থেকে আদালতে যুক্তি তুলে ধরা হয় যে, পিনাকল গ্রুপ এবং সম্ভাব্য নতুন মালিক– দু'পক্ষেরই আবাসন সম্পত্তিতে হাজার হাজার কোড লঙ্ঘনের অভিযোগ রয়েছে। সেই কারণেই এই বিক্রি ঠেকানো জরুরি। কিন্তু মামদানি প্রশাসনের জোরালো আপত্তি সত্ত্বেও আদালত শেষ পর্যন্ত বিক্রির পক্ষে রায় দেয়।

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

# নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের মিট অ্যান্ড গ্রিট







**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কে বাংলাদেশি আমেরিকানদের সংগঠন নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের বার্ষিক ডিনার এবং মিট অ্যান্ড গ্রিট অনুষ্ঠিত হয়েছে। কুইন্সের উডসাইডে গুলশান টেরেসে গত ১১ জানুয়ারি সন্ধ্যায় অনুষ্ঠিত হয়। বর্ণাঢ্য এ অনুষ্ঠানে মূলধারার নির্বাচিত জনপ্রতিনিধি ছাড়াও বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন শ্রেণিপেশার মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মাননা জানানো হয়।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন যুক্তরাষ্ট্র কংগ্রেস মেম্বার গ্রেস মেং, নিউইয়র্ক স্টেট সিনেটর লি রয় কমরি ও জন ল্যু, অ্যাসেম্বলি মেম্বার জেসিকা গঞ্জালেস রোহাস, স্টিভেন রাগা ও ক্যাটালিনা ক্রুজ, নিউইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার লিন্ডা লি, সান্ড্রা উং ও শেখর কৃষ্ণান, নিউজার্সির ফ্র্যাঙ্কলিন টাউনশিপের ডেপুটি মেয়র ও কাউন্সিল মেম্বার শিপা উদ্দিন, নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মোরশেদ আলম, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মেরাজ, মূলধারার রাজনীতিক মাফ মিবাহ উদ্দীন, কমিউনিটি লিডার নাসির আলী খান পল, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, ডেমোক্রেটিক পার্টির কুইন্স ডিস্ট্রিক্ট লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী, সাপ্তাহিক প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, মূলধারার রাজনীতিক ও ব্যবসায়ী নেতা ফাহাদ সোলায়মান, ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার ড. দিলীপ নাথ, প্রেস্টন বেকার ও ফামিলা বন্ডি, ডেমোক্রেটিক পার্টির স্টেট কমিটি মেম্বার (নারী) জামিলা উদ্দীন প্রমুখ।

অনুষ্ঠানে মূলধারার জনপ্রতিনিধিরা বাংলাদেশি আমেরিকানদের কমিউনিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার বিষয়টি তুলে ধরেন। তারা বাংলাদেশি কমিউনিটির ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসাবে ১০ জনকে সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন- নিউইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস, অ্যাসেম্বলি মেম্বার জেসিকা গঞ্জালেস রাহোস, আয়েশা সিদ্দিকা নওরিন, দুলাল বেহেদু, মিয়া বাশার, মো. জয়নাল আবেদীন, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, আমিন মেহেদী, মেলিনা শারমিন ও বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন।

এছাড়া স্পেশাল সার্টিফিকেট প্রদান করা হয় মো. আহসান উদ্দিন (এহসান জুয়েল) এবং অটিজম সোসাইটি হ্যাবিলিটেশন অর্গানাইজেশনকে (আসো)। অনুষ্ঠানের শুরুতে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করেন আলভান চৌধুরী। এসময় সবাই দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নিউ আমেরিকান ইয়ুথ ফোরামের সভাপতি নুসরাত আলম।

অনুষ্ঠান সফল হওয়ায় সবাইকে ধন্যবাদ জানান নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান মোরশেদ আলম, নতুন সভাপতি আহনাফ আলম, নিউ আমেরিকান ওমেন্স ফোরামের সভাপতি অ্যাডভোকেট রুবাইয়া রহমান ও নির্বাহী উপদেষ্টা অধ্যাপিকা হুসনে আরা, কর্মকর্তা রাব্বি সৈয়দ, আনজাম সিদ্দিকী রাফি, জে মোল্লা সানি, জাপনিত সিং, ইয়ুথ ফোরামের ভাইস প্রেসিডেন্ট মুশরাত শাহীন অনুভা, শাহ ফারুক প্রমুখ।






# মিনিয়াপোলিসে বিক্ষোভকারীদের গ্রেপ্তার-পিপার স্প্রে নিষিদ্ধ

প্রথম পৃষ্ঠার পর

ও নির্দিষ্ট সন্দেহ" থাকে। কেবলমাত্র বিক্ষোভের কাছাকাছি অবস্থান করাই কাউকে থামানোর বৈধ কারণ হতে পারে না বলে স্পষ্ট করেছেন বিচারক।

সিবিএসএ'র শুক্রবার প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, তৎকালীন প্রেসিডেন্ট জো বাইডেনের মনোনয়নে বেঞ্চে আসা বিচারক মেনেন্দেজ রায়ে ফেডারেল এজেন্টদের বিরুদ্ধে আনা কিছু অভিযোগকে "উদ্বেগজনক" বলে মন্তব্য করেন। আদালতে বিক্ষোভকারীরা অভিযোগ করেন, আইনশৃঙ্খলা বাহিনী তাদের গাড়ির কাচ ভেঙে দেওয়ার হুমকি দিয়েছে, বাড়ির বাইরে অপেক্ষা করেছে, বাড়ি পর্যন্ত অনুসরণ করেছে এবং এমনকি কোথায় থাকেন তা জানে– এমন কথাও বলেছে। বিচারকের মতে, এসব অভিযোগ অত্যন্ত গুরুতর।

রায়ে মেনেন্দেজ উল্লেখ করেন, বিপজ্জনক আচরণে জড়িত চালকদের থামানো বা গ্রেপ্তার করার মতো পরিস্থিতি থাকতে পারে, কিন্তু যারা কোনো আইন ভাঙছেন না, তাদের গাড়ি থামানো বা আটকানোর কোনো যুক্তি নেই। তিনি বলেন, মিনেসোটায় চলমান বিক্ষোভ পরিস্থিতি কিছুটা ব্যতিক্রমী এবং এ ধরনের ঘটনায় আইনগত নজিরও খুব সীমিত। বিশেষ করে, ছোট ছোট বিক্ষোভকারী দলগুলো যখন মোবাইল হয়ে বিভিন্ন জায়গায় অভিবাসন কর্মকর্তাদের অভিযান অনুসরণ করে জড়ো হচ্ছে, তখন আইন প্রয়োগের সীমা কোথায় হওয়া উচিত– সে প্রশ্নে আদালতের ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

এই আদেশ মিনিয়াপোলিসে ফেডারেল আইনশৃঙ্খলা বাহিনীর সাম্প্রতিক বড় পরিসরের মোতায়েন শেষ না হওয়া পর্যন্ত কার্যকর থাকবে।

এদিকে হোমল্যান্ড সিকিউরিটির সহকারী সচিব ট্রিসিয়া ম্যাকলাফলিন রায়ের প্রতিক্রিয়ায় বলেন, সংস্থাটি আইনশৃঙ্খলা বজায় রাখতে এবং কর্মকর্তা ও সাধারণ জনগণকে রক্ষা করতে সাংবিধানিক ও উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে। তাঁর দাবি, এজেন্টরা হামলা, ভাঙচুর ও নানা হুমকির মুখে পড়েছেন, তবে প্রশিক্ষণ অনুযায়ী সর্বনিম্ন প্রয়োজনীয় শক্তিই ব্যবহার করেছেন।

এই রায় এসেছে মিনিয়াপোলিসে কয়েক সপ্তাহ ধরে চলা অভিবাসন অভিযানের প্রেক্ষাপটে। অবৈধ অভিবাসী সন্দেহভাজনদের খুঁজে বের করা এবং বিভিন্ন ধরনের জালিয়াতির অভিযোগ তদন্তে হাজার হাজার ফেডারেল এজেন্ট মোতায়েন করা হয়েছে। এসব অভিযানের বিরুদ্ধে উত্তেজনাপূর্ণ বিক্ষোভ শুরু হয়, যা আরও তীব্র আকার নেয় গত সপ্তাহে রিনি গুড নামে এক নারী আইসিই এজেন্টের গুলিতে নিহত হওয়ার ঘটনার পর। বিভিন্ন ঘটনায় বিক্ষোভকারী ও এজেন্টদের মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে এবং পিপার স্প্রে ব্যবহারের অভিযোগও উঠেছে।

গত মাসে মিনেসোটার একদল বিক্ষোভকারী হোমল্যান্ড সিকিউরিটি বিভাগকে আদালতে চ্যালেঞ্জ করেন। তাঁদের অভিযোগ, অভিবাসনবিরোধী অভিযানের প্রতিবাদে শান্তিপূর্ণ বিক্ষোভে ফেডারেল এজেন্টরা সহিংস দমননীতি চালিয়েছে এবং এতে মতপ্রকাশের স্বাধীনতা ও অযৌক্তিক গ্রেপ্তার থেকে মুক্ত থাকার সাংবিধানিক অধিকার লঙ্ঘিত হয়েছে। বিচারক মেনেন্দেজ শুক্রবার রায়ে বলেন, এসব বিক্ষোভকারীর একটি অংশ তাদের প্রথম ও চতুর্থ সংশোধনী অধিকার লঙ্ঘনের অভিযোগ প্রমাণে সফল হওয়ার সম্ভাবনা রাখেন।

ফেডারেল সরকারের আইনজীবীরা অবশ্য সব অভিযোগ অস্বীকার করে বলেন, অভিবাসন অভিযান ব্যাহত করতে সহিংস, বিপজ্জনক ও অপরাধমূলক আচরণ দেখা দেওয়ায় পিপার স্প্রে ও গ্রেপ্তার প্রয়োজন হয়েছিল। তাঁদের দাবি, কয়েকজন বাদী ফেডারেল কর্মকর্তাদের কাজে বাধা দিয়েছেন, হামলার চেষ্টা করেছেন বা আইস এর গাড়ি অনুসরণ করেছেন।

এর মধ্যেই ট্রাম্প প্রশাসন মিনেসোটার স্থানীয় কর্মকর্তাদের দিকেও অভিযোগের আঙুল তুলেছে। গভর্নর টিম ওয়ালজ ও মিনিয়াপোলিসের মেয়র জ্যাকব ফ্রেকে অভিবাসন অভিযান ব্যাহত করার ষড়যন্ত্রের অভিযোগে ফেডারেল তদন্তের মুখে পড়তে হয়েছে। দুই নেতা অভিযোগ প্রত্যাখ্যান করে বলেছেন, এটি রাজনৈতিক চাপ ও ভয় দেখানোর স্পষ্ট চেষ্টা।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

# আনুষ্ঠানিক প্রচার ২২ জানুয়ারি: কৌশলে ভোটের মাঠে প্রার্থীরা

৭-এর পৃষ্ঠায় পর

হবে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। ভোটগ্রহণ শুরুর ৪৮ ঘণ্টা আগে ১০ ফেব্রুয়ারির মধ্যরাতে সব ধরনের প্রচার বন্ধ হবে। তবে বিভিন্ন নির্বাচনি আসনের স্থানীয় পর্যায়ে দেখা যাচ্ছে, প্রার্থীরা ব্যক্তিগত সৌজন্য সাক্ষাৎ, দোয়া মাহফিল, সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের কথা বলে নানা প্রতিশ্রুতি দিচ্ছেন। আলোচনায় আনছেন আওয়ামী লীগ সরকারের নানা নেতিবাচক কর্মকাণ্ডের পাশাপাশি প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সুবিধা-অসুবিধার বিষয়গুলো। এমনকি সামাজিক যোগাযোগমাধ্যমে ইঙ্গিতপূর্ণ বার্তার মাধ্যমে ভোট প্রত্যাশা করছেন প্রার্থী ও তাদের সমর্থকরা।

বৃহস্পতি ও শুক্রবার দুদিনে রাজধানীর কয়েকটি নির্বাচনি এলাকা ঘুরে দেখা যায়, প্রার্থীরা নানা কর্মসূচিতে অংশ নিচ্ছেন। কেউ কেউ আগে থেকেই দৈনিক কর্মসূচি তৈরি করে রাখছেন। প্রার্থীদের সঙ্গে দলীয় নেতাকর্মীরাও ভোটারদের দ্বারে দ্বারে গিয়ে কুশল বিনিময় করছেন। কেউবা দলের মনোনীত প্রার্থী হিসাবে তার দিকে বিশেষ নজর রাখার অনুরোধ করছেন। আবার কেউ কেউ এলাকার ভোটারদের কাছে উন্নয়নের নানা প্রতিশ্রুতি দিচ্ছেন। প্রতিদিন ভোরে ফজরের নামাজ থেকে শুরু করে রাতে এশার নামাজ মসজিদে আদায় করছেন প্রার্থীরা। সেখানে তারা উপস্থিত মুসল্লিদের সঙ্গে কৌশলেই প্রচারণা চালাচ্ছেন। একই সঙ্গে সামাজিক নানা অনুষ্ঠানেও অংশ নিচ্ছেন প্রার্থীরা। এ সময় কাউকে কাউকে হাতে দলীয় প্রতীকসহ প্রার্থীর ছবিযুক্ত লিফলেট বিরতণ করতেও দেখা গেছে। তাছাড়া বিভিন্ন দোকানপাট, বাসাবাড়ির গেট ও যানবাহনে ছোট ছোট স্টিকার লাগাতেও দেখা গেছে অনেককে। গণসংযোগের অনেক রকম ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করছেন তারা। প্রার্থীদের সমর্থকরা অনেকেই ফেসবুক পেজে দলীয় প্রতীকে ভোট চেয়ে প্রচারণা করছেন।

হবিগঞ্জ-৩ আসনের বিএনপির মনোনীত প্রার্থী ও দলটির সিলেট বিভাগীয় সাংগঠনিক সম্পাদক জি কে গউছ যুগান্তরকে বলেন, বিএনপি বাংলাদেশের সবচেয়ে বড় রাজনৈতিক দল। দায়িত্বশীল রাজনৈতিক দলের কর্মী হিসাবে আমরা নির্বাচন কমিশন ঘোষিত আচরণবিধি ভঙ্গ করতে পারি না। এ বিষয়টি মাথায় রেখেই আমরা কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছি। এখন শুধু মানুষের সঙ্গে কুশল বিনিময় করছি, এর বাইরে অন্য কিছু নয়। এছাড়া সদ্যপ্রয়াত সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় শোকসভা ও দোয়া মাহফিলে অংশ নিচ্ছি। ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে যাচ্ছি।

ঢাকা ১২ আসনের প্রার্থী ও বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক যুগান্তরকে জানান, তিনি নিয়মিত এলাকায় (নির্বাচনি আসন) যাচ্ছেন। ভোটারদের সঙ্গে পরিচিত হচ্ছেন, শুভেচ্ছা বিনিময় করছেন। যুগান্তরকে তিনি বলেন, প্রতিদিন মসজিদে যাচ্ছি, সেখানে নামাজ পড়ছি। ঢাকা-১২ আসনের প্রায় প্রতিটি ওয়ার্ডে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জন্য মিলাদ মাহফিল হচ্ছে, সেখানে যোগ দিচ্ছি। সালাম বিনিময় করছি, দোয়া চাচ্ছি। অনানুষ্ঠানিক গণসংযোগ করছি। তিনি বলেন, এখন তো প্রচারণাও নেই, মাইকিং নেই। ২২ জানুয়ারি থেকে আনুষ্ঠানিক প্রচারণায় নামব। ভোট চাইব।

মাগুরা-২ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী অধ্যাপক এম বি বাকের যুগান্তরকে বলেন, দাঁড়িপাল্লা স্লোগান দিয়ে মিছিল মিটিং ছাড়া অন্য সব কর্মকাণ্ড চলছে। নির্বাচনি মাঠে আমাদের কর্মীদের কাজ করার জন্য গ্রুপ করে বাড়ি বাড়ি যাওয়ার নির্দেশনা প্রদান করেছি। গণসংযোগ ও দোয়া চাচ্ছি।

ঝালকাঠি-১ আসনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রার্থী ও দলটির যুগ্ম মুখ্য সংগঠক ডা. মাহমুদা মিতু যুগান্তরকে বলেন, আমি আমার নির্বাচনি এলাকায় জনসচেতনতা নিয়ে কাজ করছি। আসন্ন নির্বাচনে তরুণ প্রজন্মের প্রত্যাশার কথা বলছি। ইসির আচরণবিধি শতভাগ মেনে চলেছি। আমরা এই বিষয়ে সচেতন আছি। এদিকে, ১৪ জানুয়ারি আচরণবিধি লঙ্ঘনের দায়ে ঢাকা-১৩ আসনে বাংলাদেশ খেলাফত মজলিস মনোনীত প্রার্থী মাওলানা মামুনুল হককে শোকজ করেছেন রিটার্নিং কর্মকর্তা। এর আগের দিন ১৩ জানুয়ারি বিকাল ৫টায় মামুনুল হক তার অনুসারীদের নিয়ে নির্বাচন কমিশন ভবনের সামনে সাধারণ মানুষের মধ্যে লিফলেট বিতরণ করেন মর্মে সংবাদ প্রকাশিত হলে এই শোকজ করা হয়। শোকজে ত্রয়োদশ সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি ৩ ও ১৮ লঙ্ঘন হয়েছে বলে উল্লেখ করা হয়। এছাড়া নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন করায় চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের দুই সংসদ-সদস্য প্রার্থীকে ১৪ জানুয়ারি কারণ দর্শানোর নোটিশ দিয়েছে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির দায়িত্বরত সিভিল জজ। নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন করা দুই প্রার্থী হলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ-সদস্য প্রার্থী মো. বিল্লাল হোসেন মিয়াজী এবং বিএনপি মনোনীত সংসদ-সদস্য প্রার্থী মো. হারুনুর রশীদ। নোটিশে উল্লেখ করা হয়, ৭ জানুয়ারি বিল্লাল হোসেন মিয়াজী নামের ফেসবুক প্রোফাইল থেকে ছবি ও দাঁড়িপাল্লা প্রতীক-সংবলিত '১২ তারিখ সারা দিন, দাঁড়িপাল্লায় ভোট দিন' লেখা পোস্টার শেয়ার করা হয়। এছাড়া বিল্লাল হোসেন মিয়াজী সমর্থক গোষ্ঠী নামের ফেসবুক পেজ থেকে প্রতিনিয়ত নির্বাচনি প্রচারণা করা হচ্ছে; যা উল্লিখিত কমিটির দৃষ্টিগোচর হয়। অপরদিকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে 'শায়ন মো. হারুনুর রশীদ' নামের ভেরিফায়েড ফেসবুক প্রোফাইলে ছবি ও ধানের শীষ প্রতীক-সংবলিত পোস্টার 'হারুন ভাইয়ের সালাম নিন, ধানের শীষে ভোট দিন' লেখা যুক্ত করে ৬ জানুয়ারি পোস্ট করা হয়। এ ছাড়া এই প্রোফাইল থেকে প্রতিনিয়ত নির্বাচনি প্রচারণা অব্যাহত রয়েছে, যা উল্লিখিত কমিটির দৃষ্টিগোচর হয়। যদিও এসব প্রার্থী শোকজের জবাব দিয়েছেন।












# অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

## Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

**যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।**

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

## Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

# মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

**Tel (917)-776-1235 646-461-0919**

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

# GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

## ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

## Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

**Brooklyn**
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

**Jackson Heights**
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস ( ইউনিক ডেন্টাল )

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



## Our Programs:
Summer Program will start from July 5th

**SAT**
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

**SHSAT**
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

**COMMON CORE MATH & ENGLISH**
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

## Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন স্থানে বসবাস নতুনভাবে বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা বাংলাদেশী ৫ কোটি টাকার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী যেকোন স্থানে আপনার বিনিয়োগের অর্থ অত্যন্ত আমানতের সাথে পাচার করতে পারেন।

দেশে কোন জোলপূর্ণ সম্পত্তি/পরিবারের জন্য আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দুবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

## Law Offices of Ashok K. Karmaker, P.C.
**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711



# SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

**একাউন্টিং**
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

**ইমিগ্রেশন**
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
**রেজিস্ট্রেশন**
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)



# Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member : naea

## Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন



DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL



TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮



হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED



শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

# ভবিষ্যত রাজনীতির নতুন মডেল মেরীর নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

ঘোষণা দেন ইকুয়েডোরিয়ান ডায়ান মরেনো, মিশরীয় রানা আবদেলহামিদ ও ভারতীয় বংশোদ্ভূত শিবানী ধীর। নিজেকে সাউথ এশিয়ান মুসলিম হিসেবে দাবী করার কারণে এই আসনে সাউথ এশিয়ান এবং মুসলিম হিসেবে মেরী জুবাইদাকে সমর্থন করবেন মেয়র মামদানী এই প্রত্যাশা ছিল সবার। কিন্তু শেষ পর্যন্ত সেই আশাকে গুড়ে বালি দিয়ে মামদানী সমর্থন ঘোষণা করেন ইকুয়েডোরিয়ান প্রার্থীর প্রতি। এর প্রেক্ষিতে এটাকে চ্যালেঞ্জ হিসেবে নিয়ে বাংলাদেশী কমিউনিটি ঐক্যবদ্ধভাবে সমর্থন করছে মেরী জোবাইদাকে।

ডেমোক্রেটিক পার্টির আনুষ্ঠানিক সমর্থন না পেলেও মেরী জোবাইদা থার্ড পার্টি প্রতিদ্বন্দ্বী হিসেবে প্রচারণা চালাচ্ছেন। ইতোমধ্যেই প্রায় ৩ হাজার ভোটারের স্বাক্ষর সংগ্রহ করে তিনি রীতিমত চমকে দিয়েছেন সবাইকে। মাঠের রাজনীতি, ভোটার সংযোগ এবং কমিউনিটি সংগঠনে অন্য প্রার্থীদের তুলনায় তার অবস্থান অত্যন্ত শক্ত বলেই মনে করা হচ্ছে।

